



ভারতের সংবিধান প্রস্তাবনা

“আমরা, ভারতের জনগণ, ভারতকে সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্ররূপে গড়ে তুলতে এবং তার সকল নাগরিকই যাতে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক, ন্যায়বিচার, চিন্তা, মতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম এবং উপাসনার স্বাধীনতা, সামাজিক প্রতিষ্ঠা অর্জন ও সুযোগের সমতা প্রতিষ্ঠা এবং তাদের সকলের মধ্যে ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য ও সংহতি সুনিশ্চিতকরণের মাধ্যমে তাদের মধ্যে যাতে আত্মত্বের ভাব গড়ে ওঠে তার জন্য সত্যনিষ্ঠার সঙ্গে শপথ গ্রহণ করে, আমাদের গণপরিষদে আজ, ১৯৪৯ সালের ২৬ নভেম্বর, এতদ্বারা এই সংবিধান গ্রহণ, বিধিবদ্ধ এবং নিজেদের অর্পণ করছি।”



Constitution of India

Part IV A (Article 51 A)

Fundamental Duties

It shall be the duty of every citizen of India —

- (a) to abide by the Constitution and respect its ideals and institutions, the National Flag and the National Anthem;
- (b) to cherish and follow the noble ideals which inspired our national struggle for freedom;
- (c) to uphold and protect the sovereignty, unity and integrity of India;
- (d) to defend the country and render national service when called upon to do so;
- (e) to promote harmony and the spirit of common brotherhood amongst all the people of India transcending religious, linguistic and regional or sectional diversities; to renounce practices derogatory to the dignity of women;
- (f) to value and preserve the rich heritage of our composite culture;
- (g) to protect and improve the natural environment including forests, lakes, rivers, wildlife and to have compassion for living creatures;
- (h) to develop the scientific temper, humanism and the spirit of inquiry and reform;
- (i) to safeguard public property and to abjure violence;
- (j) to strive towards excellence in all spheres of individual and collective activity so that the nation constantly rises to higher levels of endeavour and achievement;
- *(k) who is a parent or guardian, to provide opportunities for education to his child or, as the case may be, ward between the age of six and fourteen years.

Note: The Article 51A containing Fundamental Duties was inserted by the Constitution (42nd Amendment) Act, 1976 (with effect from 3 January 1977).

* (k) was inserted by the Constitution (86th Amendment) Act, 2002 (with effect from 1 April 2010).



হিসাবশাস্ত্র

একাদশ শ্রেণির পাঠ্যবই

প্রথম ভাগ

প্রস্তুতকরণ



জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ, নতুন দিল্লি
অনুবাদ ও অভিযোজন
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ
ত্রিপুরা সরকার

এন সি ই আর টি
অনুমোদিত
প্রথম বাংলা সংস্করণ

প্রথম প্রকাশ :
মার্চ, ২০১৯
পুনর্মুদ্রণ :
মার্চ, ২০২০

প্রচ্ছদ : পীযুষ পাল

মূল্য : ১৩৫ টাকা মাত্র

মুদ্রণ : সত্যযুগ এমপ্লয়িজ
কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল
সোসাইটি লিমিটেড,
১৩ প্রফুল্ল সরকার স্ট্রিট,
কলকাতা-৭২

এন সি ই আর টি কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত
হিসাবশাস্ত্র
একাদশ শ্রেণির পাঠ্যবই

(এন সি ই আর টি-র গণিত
পাঠ্যবইয়ের ২০১৭ সালের অনূদিত সংস্করণ)

প্রকাশক : রাজ্য শিক্ষা গবেষণা
ও প্রশিক্ষণ পর্ষদ
ত্রিপুরা।

অক্ষর বিন্যাস
পীযুষ পাল

ভূমিকা

২০০৬ সাল থেকে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ প্রথম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক ও উচ্চপ্রাথমিক স্তরের পাঠ্যপুস্তকের মুদ্রণ ও প্রকাশের দায়িত্ব পালন করে আসছে।

রাজ্যের বিদ্যালয়স্তরে উন্নত ও সমৃদ্ধতর পাঠ্যক্রম চালু করার লক্ষ্যে ত্রিপুরা রাজ্য শিক্ষা দপ্তরের প্রচেষ্টায় প্রথম থেকে অষ্টম, নবম ও একাদশ শ্রেণির জন্য ২০১৯ শিক্ষাবর্ষ থেকে জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদের (এন সি ই আর টি) পাঠ্যপুস্তকসমূহ গ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

বাংলা বিষয় ছাড়া অন্যান্য বিষয়গুলোর জন্য জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদের প্রকাশিত পুস্তকগুলোর অনূদিত ও অভিযোজিত সংস্করণ ২০১৯ সালে প্রথম প্রকাশ করা হয় এবং এ বছর ওইসব পুস্তকগুলোর পুনর্মুদ্রণ করা হল। পাশাপাশি দশম ও দ্বাদশ শ্রেণির বাংলা বিষয় ছাড়া অন্যান্য বিষয়গুলোর জন্য জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদের প্রকাশিত পুস্তকগুলোর অনূদিত ও অভিযোজিত সংস্করণ ২০২০ শিক্ষাবর্ষে প্রথম প্রকাশ করা হয়। এখানে উল্লেখ্য যে, বাংলা বিষয়ে পাঠ্যপুস্তক প্রকাশনার দায়িত্বও রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ পালন করে আসছে।

বিশাল এই কর্মকাণ্ডে যেসব শিক্ষক-শিক্ষিকা, অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষাবিদ, অনুবাদক, অনুলেখক, মুদ্রণকর্মী ও শিল্পীরা আমাদের সঙ্গে থেকে নিরলসভাবে অক্লান্ত পরিশ্রমে এই উদ্যোগ বাস্তবায়িত করেছেন তাদের সবাইকে সকৃতজ্ঞ ধন্যবাদ জানাচ্ছি।

প্রকাশিত এই পাঠ্যপুস্তকটির উৎকর্ষ ও সৌন্দর্য বৃদ্ধির জন্য শিক্ষানুরাগী ও গুণীজনের মতামত ও পরামর্শ বিবেচিত হবে।

আগরতলা
মার্চ, ২০২০

উত্তম কুমার চাকমা
অধিকর্তা
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ
ত্রিপুরা।

উপদেষ্টা

ড. অর্ণব সেন, সহ অধ্যাপক, এন ই আর আই ই (এন সি ই আর টি), শিলং
ড. অরূপ কুমার সাহা, সহ অধ্যাপক, আর আই ই (এন সি ই আর টি), ভুবনেশ্বর

অনুবাদক

- ◆ টুটুল মজুমদার, শিক্ষক
- ◆ গৌরাঙ্গ আচার্য্যী, ,,
- ◆ দিলীপ সিনহা, ,,
- ◆ চন্দন চক্রবর্তী, ,,
- ◆ সুকান্ত সাহা, ,,
- ◆ সুমন রায়বর্মন, ,,
- ◆ কামনাশীষ চক্রবর্তী, ,,
- ◆ মানিক চক্রবর্তী, সহকারী অধ্যাপক
- ◆ দেবমাল্য ভট্টাচার্য্য, শিক্ষক
- ◆ শঙ্খরাজ গুহ, শিক্ষক
- ◆ দিলীপ দেবনাথ, শিক্ষক

প্রাক্কথন

জাতীয় পাঠ্যক্রমের রূপরেখা (২০০৫)-এর নির্দেশ অনুযায়ী, শিশুদের স্কুলজীবন ও স্কুলের বাইরের জীবনের মধ্যে একটি বিশেষ সম্পর্ক থাকা খুব প্রয়োজন। তার কারণ, শিশুদের শিক্ষা যদি শুধুমাত্র স্কুল এবং পাঠ্যবইয়ের গভির মধ্যে সীমিত থাকে, তাহলে সেইসব শিশুদের স্কুল, বাড়ি এবং সম্প্রদায়— এই তিন জায়গার শিক্ষায় একটি বড়ো ফাঁক থাকার সম্ভাবনা রয়ে যায়। মূলত এই শূন্যস্থানটাকে পূরণ করার লক্ষ্যেই জাতীয় পাঠ্যক্রমের রূপরেখার উপর ভিত্তি করে নতুন পাঠ্যক্রম ও নতুন ধরনের পাঠ্যবই তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে শিশুদের মুখস্থ করা এবং শিক্ষার বিভিন্ন বিষয়গুলোকে প্রকোষ্ঠবদ্ধ করার প্রবণতা বন্ধ হবে বলে মনে করা হচ্ছে। পাশাপাশি এটাও আশা করা হচ্ছে যে, এই পরিবর্তন জাতীয় শিক্ষানীতির (১৯৮৬) শিশুকেন্দ্রিক শিক্ষার লক্ষ্যকে উল্লেখযোগ্যভাবে এগিয়ে নিয়ে যাবে।

তবে এই ধরনের প্রচেষ্টার সাফল্য অনেকটাই নির্ভর করছে স্কুলের প্রধান শিক্ষক এবং অন্যান্য শিক্ষক/শিক্ষিকাদের উপরে, যাঁরা শিশুদের শিখন সম্পর্কে প্রশ্ন করতে এবং বিভিন্ন কাজে শিশুদের কল্পনাশক্তির প্রয়োগ করতে উৎসাহিত করবেন। আমাদের এটা মনে রাখা খুব জরুরি, শিশুরা যদি সময়, স্থান এবং স্বাধীনভাবে কাজ করার সুযোগ পায়, তাহলে বড়োদের কাছ থেকে প্রাপ্ত জ্ঞান নিয়ে তারা নতুন অনেক কিছু সৃষ্টি করতে পারবে। একমাত্র পাঠ্যবই পড়েই পরীক্ষায় পাস করা যায় - মূলত এই ধারণার ফলেই শিক্ষার অন্যান্য দিকগুলো সর্বদা উপেক্ষিত হয়ে থাকে। আমাদের ভুলে গেলে চলবে না, শিশুদের মধ্যে সৃজনশীলতার বিকাশ তখনই সম্ভব, যখন আমরা ওদের এই গোটা শিখন প্রক্রিয়ার কেবলমাত্র গ্রহীতা না ভেবে একটা পূর্ণ অংশীদার মনে করব।

তবে এই লক্ষ্যপূরণ করতে গেলে স্কুলের দৈনন্দিন কার্যসূচি ও ব্যবস্থাপনায় অনেক ধরনের পরিবর্তন আশা অনিবার্য। স্কুলের দৈনন্দিন সময় সূচি যেমন নমনীয় হওয়া উচিত, ঠিক তেমনই বার্ষিক কার্যসূচি এমনভাবে তৈরি হওয়া প্রয়োজন যাতে শিক্ষাদানের দিনগুলোর সংখ্যায় কোনো পরিবর্তন না আসে। তবে বাস্তবে এই নতুন পাঠ্যবই শিশুদের কতটুকু কাজে লাগবে, ওদের স্কুলজীবন কতটা সমৃদ্ধ করবে কিংবা ওদের স্কুলজীবনকে দুর্বিষহ করে তুলবে কিনা, সবটাই নির্ভর করছে শিক্ষক/শিক্ষিকারা কী পদ্ধতি অবলম্বন করে এই বইটি স্কুলে পড়াবেন এবং কীভাবে সেই পড়ার মূল্যায়ন করবেন। বিগত দিনগুলোর ন্যায় শিশুদের যাতে পাঠ্যবইয়ের বোঝা বহিতে না হয়, এই নতুন পাঠ্যক্রম তৈরি করার সময় এই ব্যাপারে বিশেষ নজর দেওয়া

হয়েছে। তার জন্য শিক্ষাদানের প্রদত্ত সময় এবং শিশুদের মানসিক বিকাশের কথা মাথায় রেখে প্রতিটি স্তরের পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত শিক্ষার বিষয়বস্তুগুলো এক নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে পুনর্গঠন করা হয়েছে। এই প্রচেষ্টাকে আরো এগিয়ে নিয়ে যাবার জন্য এই পাঠ্যবইয়ের মাধ্যমে শিশুদের নানারকম প্রশ্ন করা, নতুন বিষয় নিয়ে ভাবনা-চিন্তা, তর্ক-বিতর্ক, ছোটো ছোটো গ্রুপ বানিয়ে আলোচনা করা এবং হাতে-কলমে শিক্ষা এইসব কিছুর উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

পাঠ্যবই উন্নয়ন কমিটির দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তিবর্গ যাঁরা কঠোর পরিশ্রম করে এই বইটি রূপায়ন করেছেন তাঁদেরকে এন সি ই আর টি প্রশংসা জানাচ্ছে। এই কমিটির কার্যকলাপকে সঠিক পথে চালিত করার জন্য সমাজবিজ্ঞান বিষয়ের উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন অধ্যাপক হরি বাসুদেবন এবং এই পাঠ্য বইয়ের মুখ্য উপদেষ্টা অধ্যাপক আর কে থোভার (অবসরপ্রাপ্ত), অধিকর্তা স্কুল ম্যানেজমেন্ট স্টাডিস্ (ইগনৌ), নতুনদিল্লি প্রতি আন্তরিক কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করছি। এই পাঠ্যবই পুনর্গঠনের পিছনে বহু শিক্ষক/শিক্ষিকার অবদান অনস্বীকার্য।

আমরা সেইসব স্কুলের প্রধান শিক্ষকদেরও বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। এই পাঠ্যবই তৈরির ক্ষেত্রে যেসব প্রতিষ্ঠান এবং সংগঠন তাঁদের বহুমূল্য সম্পদ, উপাদান এবং লোকবল নিয়ে কাজ করার অনুমতি দিয়ে উদার মনের পরিচয় দিয়েছেন, তাঁদের সবার প্রতি আমরা বিশেষভাবে কৃতজ্ঞতা স্বীকার করছি এবং ধন্যবাদ জানাচ্ছি। মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের (এম এইচ আর ডি) চেয়ারপার্সন অধ্যাপক মুণাল মিরি এবং অধ্যাপক জি পি দেশপান্ডের তত্ত্ববধানে মাধ্যমিক এবং উচ্চতর শিক্ষা বিভাগ দ্বারা নিযুক্ত জাতীয় পর্যবেক্ষণ সমিতির সদস্যদের বহুমূল্য সময় ও অবদানের জন্য পর্যদের পক্ষ থেকে তাঁদের বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি। নিজেদের প্রকাশনা এবং ব্যবস্থাপনার গুণগত মান সংস্কারের কাজে নিরন্তর নিয়োজিত থাকা এন সি ই আর টি কর্তৃপক্ষ সর্বদা পাঠকদের মতামত এবং পরামর্শকে স্বাগত জানায়, যাতে ভবিষ্যতে পাঠ্যবই সংশোধনী প্রক্রিয়াগুলো সফলভাবে সম্পন্ন হতে পারে।

নিউ দিল্লি

২০ ডিসেম্বর ২০০৫

অধিকর্তা

রাষ্ট্রীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ

(এন সি ই আর টি)

Textbook Development Committee

CHAIRPERSON, ADVISORY GROUP IN SCIENCE AND MATHEMATICS

J.V. Narlikar, *Emeritus Professor*, Chairman, Advisory Committee Inter University Centre for Astronomy & Astrophysics (IUCCA), Ganeshkhind, Pune University, Pune

CHIEF ADVISOR

P.K. Jain, *Professor*, Department of Mathematics, University of Delhi, Delhi

CHIEF COORDINATOR

Hukum Singh, *Professor*, DESM, NCERT, New Delhi

MEMBERS

A.K. Rajput, *Associate Professor*, RIE Bhopal, M.P.

A.K. Wazalwar, *Associate Professor*, DESM NCERT, New Delhi

B.S.P. Raju, *Professor*, RIE Mysore, Karnataka

C.R. Pradeep, *Assistant Professor*, Department of Mathematics, Indian Institute of Science, Bangalore, Karnataka.

Pradepto Hore, *Sr. Maths Master*, Sarla Birla Academy Bangalore, Karnataka.

S.B. Tripathy, *Lecturer*, Rajkiya Pratibha Vikas Vidyalaya, Surajmal Vihar, Delhi.

S.K.S. Gautam, *Professor*, DESM, NCERT, New Delhi

Sanjay Kumar Sinha, *P.G.T.*, Sanskriti School Chanakyapuri, New Delhi.

Sanjay Mudgal, *Lecturer*, CIET, New Delhi

Sneha Titus, *Maths Teacher*, Aditi Mallya School Yelaharika, Bangalore, Karnataka

Sujatha Verma, *Reader* in Mathematics, IGNOU, New Delhi.

Uaday Singh, *Lecturer*, DESM, NCERT, New Delhi.

MEMBER-COORDINATOR

V.P. Singh, *Associate Professor*, DESM, NCERT, New Delhi

Acknowledgements

The Council gratefully acknowledges the valuable contributions of the following participants of the Textbook Review Workshop: P. Bhaskar Kumar, *P.G.T.*, Jawahar Navodaya Vidyalaya, Ananthpur, (A.P.); Vinayak Bujade, *Lecturer*, Vidarbha Buniyadi Junior College, Sakkardara Chowk Nagpur, Maharashtra; Vandita Kalra, *Lecturer*, Sarvodaya Kanya Vidyalaya Vikashpuri District Centre, New Delhi; P.L. Sachdeva Deptt. of Mathematics, Indian Institute of Science, Bangalore, Karnataka; P.K. Tiwari *Assistant Commissioner (Retd.)*, Kendriya Vidyalaya Sangathan; Jagdish Saran, Department of Statistics, University of Delhi; Quddus Khan, *Lecturer*, Shibli National P.G. College Azamgarh (U.P.); Sumat Kumar Jain, *Lecturer*, K.L. Jain Inter College Sasni Hathras (U.P.); R.P. Gihare, *Lecturer (BRC)*, Janpad Shiksha Kendra Chicholi Distt. Betul (M.P.); Sangeeta Arora, *P.G.T.*, A.P.J. School Saket, New Delhi; P.N. Malhotra, *ADE (Sc.)*, Directorate of Education, Delhi; D.R. Sharma, *P.G.T.*, J.N.V. Mungespur, Delhi; Saroj, *P.G.T.* Government Girls Sr. Secondary School, No. 1, Roop Nagar, Delhi, Manoj Kumar Thakur, *P.G.T.*, D.A.V. Public School, Rajender Nagar, Sahibabad, Ghaziabad (U.P.) and R.P. Maurya, *Reader*, DESM, NCERT, New Delhi.

Acknowledgements are due to Professor M. Chandra, *Head*, Department of Education in Science and Mathematics for her support.

The Council acknowledges the efforts of the Computer Incharge, Deepak Kapoor; Rakesh Kumar, Kamlesh Rao and Sajjad Haider Ansari, D.T.P. Operators; Kushal Pal Singh Yadav, Copy Editor and Proof Readers, Mukhtar Hussain and Kanwar Singh.

The contribution of APC–Office, administration of DESM and Publication Department is also duly acknowledged.

সূচিপত্র

অধ্যায়	1	হিসাবনিকাশকরণের ভূমিকা	1
	1.1	হিসাবনিকাশকরণের অর্থ	2
	1.2	তথ্যের উৎস হিসেবে হিসাবনিকাশকরণ	6
	1.3	হিসাবনিকাশকরণের উদ্দেশ্যসমূহ	10
	1.4	হিসাবনিকাশকরণের ভূমিকা	13
	1.5	হিসাবনিকাশকরণের মূল পরিভাষাসমূহ	14
অধ্যায়	2	হিসাবনিকাশকরণের তাত্ত্বিক ভিত্তি	23
	2.1	সর্বজন স্বীকৃত বহুলগ্রাহ্য হিসাবনিকাশকরণ নীতিসমূহ (GAAP)	24
	2.2	মূল হিসাবনিকাশকরণ ধারণাসমূহ	25
	2.3	হিসাবনিকাশকরণের পদ্ধতিসমূহ	33
	2.4	হিসাবনিকাশকরণের ভিত্তি	34
	2.5	হিসাবনিকাশকরণের প্রমাণসমূহ	35
অধ্যায়	3	লেনদেনসমূহের লিপিবদ্ধকরণ - I	47
	3.1	ব্যবসায়িক লেনদেনসমূহ এবং প্রমাণাদির উৎস	47
	3.2	হিসাবনিকাশকরণের সমীকরণ	51
	3.3	ডেবিট এবং ক্রেডিটের ব্যবহার	53
	3.4	মূল দাখিলার বই	61
	3.5	খতিয়ান	73
	3.6	জাবেদা থেকে হিসাব তোলা	76
অধ্যায়	4	লেনদেন লিপিবদ্ধকরণ - II	100
	4.1	নগদান বই	101
	4.2	ক্রয়ের (জাবেদা) বই	126

4.3	ক্রয় ফেরত (জাবেদা) বই	128
4.4	বিক্রয়ের (জাবেদা) বই	130
4.5	বিক্রয় ফেরত (জাবেদা) বই	132
4.6	প্রকৃত জাবেদা	140
4.7	হিসাবগুলোর জের টানা	142
অধ্যায় 5	ব্যাংকের হিসাবমিলকরণ বিবরণী	161
5.1	মিলকরণের প্রয়োজনীয়তা	162
5.2	ব্যাংক হিসাবমিলকরণ বিবরণী প্রস্তুতকরণ	167
অধ্যায় 6	রেওয়ামিল এবং ভুলসমূহের সংশোধন	192
6.1	রেওয়ামিলের অর্থ	192
6.2	রেওয়ামিল প্রস্তুত করার উদ্দেশ্যসমূহ	193
6.3	রেওয়ামিল প্রস্তুতকরণ	195
6.4	রেওয়ামিলের চুক্তিসমূহের গুরুত্ব	201
6.5	ভুলগুলো খুঁজে বের করা	203
6.6	ভুলগুলোর সংশোধন	204
অধ্যায় 7	অবচয়, ভবিষ্যৎ ব্যবস্থাসমূহ এবং সঞ্চিতসমূহ	238
7.1	অবচয়	238
7.2	অবচয় এবং অন্য প্রতিশব্দ সমূহ	242
7.3	অবচয়ের কারণসমূহ	242
7.4	অবচয়ের প্রয়োজনীয়তা	243
7.5	অবচয়ের পরিমাণ নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ	245
7.6	অবচয়ের পরিমাণ নির্ণয় পদ্ধতিসমূহ	246
7.7	সরলরৈখিক পদ্ধতি এবং ক্রমহ্রাসমান জের <i>পদ্ধতির একটি তুলনামূলক বিশ্লেষণ</i>	251
7.8	অবচয় লিবিপদ্ধকরণের পদ্ধতিসমূহ	253
7.9	সম্পত্তির বিক্রয়	262
7.10	কোনো সংযুক্তিকরণ অথবা বর্তমান সম্পত্তির বাড়তি সংযোজনের প্রভাব	272
7.11	ভবিষ্যৎ ব্যবস্থাসমূহ	275

7.12	সঞ্চিতসমূহ	277
7.13	গুপ্ত সঞ্চিত	281
অধ্যায় 8	বাণিজ্যিক হুন্ডি বা বিল	290
8.1	বাণিজ্যিক হুন্ডির অর্থ	291
8.2	প্রমিসরি নোট বা প্রত্যর্থপত্র	293
8.3	বাণিজ্যিক হুন্ডির সুবিধাসমূহ	295
8.4	হুন্ডির মেয়াদ পূর্তি	296
8.5	হুন্ডি ভাঙ্গানো	296
8.6	হুন্ডির স্বত্বান্তর	297
8.7	বাণিজ্যিক হুন্ডির হিসাবনিকাশকরণ	297
8.8	বিল বা হুন্ডি প্রত্যাখ্যান	304
8.9	বিল বা হুন্ডির নবীকরণ	309
8.10	বিল বা হুন্ডির অবসর গ্রহণ	312
8.11	প্রাপ্য বিল এবং প্রদেয় বিলের হিসাবের বইগুলো	314
8.12	উপযোজক বা সাহায্যকারী হুন্ডি	328



হিসাবনিকাশকরণের ভূমিকা (Introduction of Accounting)

অধ্যায় 1

শিখন উদ্দেশ্যসমূহ

(Learning Objectives)

এই অধ্যায়টি অধ্যয়নের পর তোমরা জানতে সমর্থ হবে :

- ◆ হিসাবনিকাশকরণের অর্থ এবং প্রয়োজনীয়তা।
- ◆ হিসাবনিকাশকরণ হল তথ্যের উৎস।
- ◆ হিসাবরক্ষণ তথ্যের অভ্যন্তরীণ ও বাহ্যিক ব্যবহারকারীদের সম্পর্কে বিবরণ।
- ◆ হিসাবনিকাশকরণের উদ্দেশ্য-সমূহ
- ◆ হিসাবনিকাশকরণের ভূমিকা বা গুরুত্ব
- ◆ হিসাবরক্ষণে ব্যবহৃত বিভিন্ন মৌলিক ধারণা বা পরিভাষাসমূহ।

শতাব্দীর পর শতাব্দী ধরে হিসাবনিকাশকরণ শুধুমাত্র হিসাবরক্ষকের দ্বারা আর্থিক লেনদেন সংক্রান্ত নথির লিপিবদ্ধকরণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু ব্যবসায় পরিবেশের দ্রুত পরিবর্তন হিসাবরক্ষকদের সংগঠন এবং সমাজের প্রতি তাদের ভূমিকা ও কাজের পরিধি পুনর্বিবেচনা করতে বাধ্য করেছে। শুধুমাত্র একজন লেনদেন লিপিবদ্ধকারক থেকে বর্তমানে হিসাবরক্ষক সিদ্ধান্তগ্রহণকারী দলের প্রতি প্রয়োজনীয় তথ্য সরবরাহকারী একজন সদস্য হিসেবে পরিগণিত। বিস্তারিতভাবে বলা যায়, বর্তমানে হিসাবনিকাশকরণ হিসাবরক্ষণ এবং আর্থিক প্রতিবেদন তৈরির চেয়েও অনেক বেশি ব্যাপকতর। হিসাবরক্ষণ বর্তমানে বিভিন্ন নতুন নতুন কৌতুহলোদ্দীপক ক্ষেত্রেও কাজ করতে সামর্থ্য, যেমন : বিচার সহায়ক বা আদালত সম্বন্ধীয় হিসাবনিকাশকরণ বা forensic Accounting (ইন্টারনেটের মাধ্যমে অর্থ আত্মসাৎ এবং কম্পিউটার হ্যাকিং-এর মতো অপরাধ সমাধান); বৈদ্যুতিন বাণিজ্য বা e-commerce (তরঙ্গাজাল নির্ভর অর্থপ্রদান ব্যবস্থার নকশা করা); আর্থিক পরিকল্পনা, পরিবেশ বিষয়ক হিসাবনিকাশকরণ প্রভৃতি।


হিসাবনিকাশকরণ ব্যবস্থা প্রতিষ্ঠানের পরিচালক সহ বিভিন্ন আগ্রহী ব্যক্তিকে সিদ্ধান্তগ্রহণের উপযোগী তথ্যাবলি সরবরাহ করে থাকে। হিসাবনিকাশকরণের এই দিকটি এতটাই গুরুত্ব পেয়েছে যে এটি বর্তমানে একটি তথ্য পদ্ধতি (information system) রূপে পরিগণিত হয়েছে। একটি তথ্যপদ্ধতি হিসাবে, এটি বিভিন্ন উপাত্ত সংগ্রহ করে এবং প্রতিষ্ঠান সম্পর্কিত বিভিন্ন আর্থিক তথ্য একটি বৃহৎ তথ্য ব্যবহারকারী গোষ্ঠীর কাছে পৌঁছে দেয় যাদের সিদ্ধান্ত এবং ক্রিয়াকলাপের উপর প্রতিষ্ঠানের কর্মদক্ষতা নির্ভর করে। উপরের এই আলোচনার পরিপ্রেক্ষিতে, এই পরিচায়ক অধ্যায়ে (introductory chapter) হিসাবনিকাশকরণের প্রকৃতি, প্রয়োজনীয়তা এবং পরিধি নিয়ে আলোচনা করা হল।

1.1 হিসাবনিকাশকরণের অর্থ (Meaning of Accounting) :

1941 সালে The American Institute of Certified Public Accountants (AICPA) হিসাব-নিকাশকরণকে নিম্নলিখিতভাবে সংজ্ঞায়িত করেছে—

“হিসাবনিকাশকরণ হল এক ধরনের কলা যা অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য বিভিন্ন লেনদেন এবং ঘটনাবলিকে একটি অর্থপূর্ণ উপায়ে লিপিবদ্ধ, শ্রেণিবদ্ধ এবং সংক্ষিপ্তকরণের পর প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল বিশ্লেষণ করে।”

ব্যাপক অর্থনৈতিক উন্নতির সাথে সামঞ্জস্য রেখে হিসাবনিকাশকরণের গুরুত্ব এবং এর পরিধিও ব্যাপকভাবে পরিবর্তিত হয়েছে। 1966 সালে প্রদত্ত The American Accounting Association (AAA) এর সংজ্ঞানুযায়ী,



চিত্র 1.1 : হিসাবনিকাশকরণ প্রক্রিয়া

“হিসাবনিকাশকরণ হল এমন একটি প্রক্রিয়া যা বিভিন্ন আর্থিক তথ্যের শনাক্তকরণ, পরিমাপন করে এবং বহুবিধ তথ্য ব্যবহারকারীদের তথ্য সরবরাহ করে তাদের সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে।”

1970 সালে AICPA এর The Accounting Principles Board গুরুত্ব আরোপ করে বলেছে যে, হিসাবনিকাশকরণের কাজ হল প্রতিষ্ঠান সম্পর্কিত বিভিন্ন পরিমাণগত তথ্য (প্রাথমিকভাবে আর্থিক বৈশিষ্ট্যযুক্ত) সরবরাহ করা যা বিভিন্ন অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণের উপযোগী

অতএব, হিসাবনিকাশকরণ হল এমন এক প্রক্রিয়া যা প্রতিষ্ঠানের আর্থিক ঘটনাবলি সম্পর্কিত তথ্যের শনাক্তকরণ, পরিমাপন, লিপিবদ্ধকরণ করে এবং বিভিন্ন আগ্রহী ব্যবহারকারীগণকে এই তথ্য সরবরাহ করে। হিসাবনিকাশকরণের

সঠিক প্রকৃতি অনুধাবন করতে হলে আমাদের অবশ্যই সংজ্ঞায় উল্লিখিত নিম্নলিখিত প্রাসঙ্গিক বিষয়গুলো সম্পর্কে বুঝতে হবে :

- আর্থিক ঘটনাবলি (Economic Events)
- শনাক্তকরণ, পরিমাপন, লিপিবদ্ধকরণ এবং সরবরাহকরণ (Identification, Measurement, Recording and Communication)
- সংগঠন বা প্রতিষ্ঠান (Organisation)
- তথ্যের আগ্রহী ব্যবহারকারীগণ (Interested Users of Information)।

বাক্স I

হিসাবনিকাশকরণের ইতিহাস এবং ক্রমবিকাশ

হিসাবনিকাশকরণের একটি লক্ষণীয় ঐতিহ্য রয়েছে। পুরাতন সভ্যতার মতোই হিসাবনিকাশকরণের ইতিহাসও অনেক পুরনো। হিসাবনিকাশকরণের বীজ বপন করা হয়েছিল প্রায় 4000 খ্রিস্ট পূর্বে ব্যাবিলন ও মিশরে যেখানে মাটির তৈরি ফলক বা টেবিলে মজুরি এবং কর প্রদান সংক্রান্ত লেনদেনসমূহ লিপিবদ্ধ করে রাখা হত। ঐতিহাসিক তথ্য থেকে জানা যায়, মিশরীয়রা তাদের স্বর্ণভাণ্ডার ও অন্যান্য মূল্যবান সামগ্রী ভাণ্ডারের হিসাব রাখার জন্য কিছু হিসাবনিকাশকরণ পদ্ধতি ব্যবহার করত। ভাণ্ডারের তত্ত্বাবধায়ক প্রতিদিনের প্রতিবেদন (report) তার উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করত; যিনি ওয়াজির (প্রধানমন্ত্রী) নামে পরিচিত। এখান থেকে মাসিক প্রতিবেদন পাঠানো হত রাজাকে। ব্যাবিলোমা, যা বাগিজের শহর (city of comerce) হিসাবে খ্যাত সেখানে প্রতারণা ও দক্ষতার অভাবজনিত ক্ষতির উৎস ও অন্যান্য তথ্য জানার জন্য ব্যবসাক্ষেত্রে হিসাবনিকাশকরণ করা হত। গ্রিসে, বিভিন্ন ভাণ্ডারসমূহের (Treasuries) মধ্যে রাজস্ব বণ্টন; মোট খরচ, মোট প্রাপ্তি ও সরকারি আর্থিক লেনদেনের জের ইত্যাদি লিপিবদ্ধ করার জন্য হিসাবনিকাশকরণ করা হত। রোমানরা বিভিন্ন স্মারকলিপি বা দৈনন্দিন বই ব্যবহার যেখানে প্রাপ্তি ও খরচ সমূহ লিপিবদ্ধ করা হত এবং এখান থেকে প্রতিমাসে খতিয়ান বইতে দাখিলা করা হত। (700 খ্রিস্ট পূর্ব থেকে 400 খ্রিস্টাব্দ)। প্রায় 2000 খ্রিস্ট পূর্বে চিনে বাস্তুবসম্মত ভাবে সরকারি হিসাবনিকাশকরণ করা হতো। তেইশ শতাব্দী পূর্বে ভারতবর্ষে হিসাবনিকাশকরণ প্রক্রিয়ার প্রচলন পরিলক্ষিত হয়, তখন চন্দ্রগুপ্ত মৌর্যের একজন মন্ত্রী কোটিল্য অর্থশাস্ত্র নামক একটি পুস্তক রচনা করেন যা থেকে তখনকার সময় হিসাবনিকাশকরণ সম্পর্কে অনেক বর্ণনা পাওয়া গেছে।

1494 সালে ভেনিস শহরে প্রকাশিত ফ্রান্সের ব্যবসায়ী শ্রেণির একজন ধর্মযাজক লুকা প্যাসিওলি (Luca Pacioli)-র লেখা বই “*Summa de Arithmetica, Geometria, Proportion at Proportionalty*” (পাটিগণিত, জ্যামিতিক ও অনুপাতের পর্যালোচনা) -টিকে দ্বি-তরফা দাখিলা পদ্ধতির প্রথম বই হিসেবে গণ্য করা হয়। এই বইয়ের একটি অংশে ব্যবসা ও হিসাবরক্ষণ সম্পর্কিত জ্ঞান লিপিবদ্ধ আছে। প্যাসিওলি নিজেকে দ্বি-তরফা দাখিলা পদ্ধতির আবিষ্কর্তা বলে দাবি করেননি কিন্তু তিনি হিসাবরক্ষণের জ্ঞান প্রচার করেছেন। এর থেকে বোঝা যায় তিনি সম্ভবত তখনকার দিনের হিসাবরক্ষণ গ্রন্থের উপর নির্ভর করে এই বই রচনা করেছিলেন। তাঁর বইতে তিনি বর্তমানে জনপ্রিয় হিসাবরক্ষণ পরিভাষা— ডেবিট (Dr.) এবং ক্রেডিট (Cr.) ব্যবহার করেন। ইতালীয় পরিভাষায় এই ধারণাগুলো ব্যবহৃত হত। ডেবিট শব্দটির উৎপত্তি হয়েছে ইতালীয় *debito* থেকে যা আবার ল্যাটিন শব্দ *debita* এবং *debeo* থেকে এসেছে যার অর্থ মালিকের প্রতি ঋণী থাকা। ক্রেডিট শব্দটি ইতালীয় শব্দ *credito* থেকে এসেছে যা আবার ল্যাটিন শব্দ *credo* থেকে এসেছে যার অর্থ মালিকের উপর বিশ্বাস বা মালিকের দ্বারা ঋণ। দ্বি-তরফা দাখিলা পদ্ধতির বর্ণনা দিয়ে প্যাসিওলি লিখেছেন, “সমস্ত দাখিলাই... দু-তরফা হতে হবে, অর্থাৎ যখন তুমি একজন পাওনাদার বানাবে, তোমাকে অবশ্যই কিছু দেনাদারও বানাতে হবে।” তিনি আরও উল্লেখ করেছেন যে, ব্যবসায়ীর দায়িত্ব তার প্রতিষ্ঠানে ভগবানের প্রতি সম্মান জানানো, ব্যবসায় কার্যকলাপের সমস্ত ক্ষেত্রে নৈতিক মানদণ্ড মেনে চলা এবং মুনাফা অর্জন করা। তিনি পরিমেল বন্ধ, জবেদা, খতিয়ান এবং বিশেষ হিসাবনিকাশকরণ পদ্ধতির উপর বিস্তৃত ব্যাখ্যা করেছেন।

1.1.1 আর্থিক ঘটনাসমূহ (Economic Events)

বাণিজ্যিক প্রতিষ্ঠানের অপরিহার্য অংশ হল আর্থিক ঘটনাসমূহ। আর্থিক ঘটনা বলতে বোঝায় একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের প্রতি কিছু লেনদেন জনিত ঘটনাসমূহের ফলাফল যা টাকার অঙ্কে পরিমাপযোগ্য। উদাহরণস্বরূপ, কলকজা বা যন্ত্রপাতি ক্রয়, স্থাপন এবং উৎপাদনের জন্য প্রস্তুত করা একটি ঘটনা— যা অনেকগুলো আর্থিক লেনদেনের সমন্বয়ে সংগঠিত হয়, যেমন— যন্ত্রপাতি ক্রয় করা, তার স্থাপনের জন্য ব্যয় এবং পরীক্ষামূলক ব্যবহার। সুতরাং, হিসাবনিকাশকরণ আর্থিক ঘটনা সম্পর্কিত লেনদেনসমূহকে শনাক্ত করে। যখন কোনো ঘটনা প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের বাইরে কারও সঙ্গে লেনদেনজনিত কারণে সংগঠিত হয়, তখন তাকে বাহ্যিক ঘটনা (*external events*) বলে। নিম্নে বাহ্যিক ঘটনার উদাহরণ দেওয়া হল :

- রিবোক (Reebok) -এর জুতো ক্রেতার নিকট বিক্রয় করা।
- ভিডিওকন লিমিটেড দ্বারা ক্রেতাদের প্রতি সেবা প্রদান।
- সরবরাহকারীদের কাছ থেকে উপাদান ক্রয়।
- জমির মালিককে মাসিক ভাড়া প্রদান।

একটি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শাখা সমূহের মধ্যে যখন আর্থিক ঘটনাবলি সংগঠিত হয়, তখন তাকে অভ্যন্তরীণ ঘটনা বা *internal event* বলা হয়। যেমন— প্রতিষ্ঠানের মজুত বিভাগ থেকে উৎপাদন বিভাগে কাঁচামাল স্থানান্তর, কর্মচারীদের বেতন প্রদান ইত্যাদি।

1.1.2 শনাক্তকরণ, পরিমাপন, লিপিবদ্ধকরণ ও সরবরাহকরণ (Identification, Measurement, Recording and Communication)

শনাক্তকরণ : শনাক্তকরণ বলতে বোঝায় কোন্ কোন্ ঘটনা বা লেনদেনকে হিসাববইতে লিপিবদ্ধ করা হবে তা নির্ধারণ করা। যে সব ঘটনা আর্থিক বৈশিষ্ট্যযুক্ত এবং প্রতিষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত সেগুলোকে নির্বাচন করা হয়। বাণিজ্যিক লেনদেন এবং অন্যান্য আর্থিক ঘটনাসমূহ হিসাব বইতে লিপিবদ্ধ করা হবে কি না তা মূল্যায়ন করা হয়। উদাহরণস্বরূপ, মানব সম্পদের মূল্য, পরিচালন সংক্রান্ত নীতির পরিবর্তন, বা কর্মী নিয়োগ গুরুত্বপূর্ণ বিষয় কিন্তু এগুলোর কোনোটিই হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় না। আবার, যখন একটি কোম্পানি কোনো পণ্য ক্রয় বা বিক্রয় করে, নগদে বা ধারে যাই হোক না কেন অথবা, যখন কর্মীদের বেতন প্রদান করে, তখন তা হিসাব বইতে লেখা হয়।

পরিমাপন : পরিমাপন বা পরিমাপকরণ বলতে বোঝায় বিভিন্ন বাণিজ্যিক লেনদেনের পরিমাণ নির্ণয় করা যা টাকায়, পয়সা প্রভৃতি পরিমাপের এককে প্রকাশ করা হয়। যদি কোনো ঘটনাকে টাকার অঙ্কে পরিমাপ করা না যায়, আর্থিক হিসাব বইতে লিপিবদ্ধকরণের জন্য সেটিকে গণ্য করা হয় না। এইজন্য অনেক গুরুত্বপূর্ণ বিষয় যেমন, নতুন পরিচালন অধিকর্তা (*Managing Director*) নিয়োগ, চুক্তিতে স্বাক্ষর করা বা কর্মীর পরিবর্তন ইত্যাদি হিসাব বইতে দেখানো হয় না।

লিপিবদ্ধকরণ : আর্থিক ঘটনাসমূহকে শনাক্তকরণ ও টাকার অঙ্কে পরিমাপকরণের পর, সেগুলোকে ক্রমানুসারে আর্থিক বইতে লিপিবদ্ধ করা হয়। ঘটনাসমূহকে এমনভাবে লিপিবদ্ধ করা হয় যা সুসংবদ্ধ প্রক্রিয়া দ্বারা আর্থিক তথ্য সমূহের সংক্ষিপ্তকরণ করে এবং প্রয়োজনানুসারে এটি সহজপ্রাপ্য হয়।

সরবরাহকরণ : আর্থিক ঘটনাসমূহকে শনাক্তকরণ, পরিমাপন ও লিপিবদ্ধকরণ করা হয় একটি নির্দিষ্ট উপায়ে যাতে প্রাসঙ্গিক তথ্যাবলি তৈরি করে তা নানাবিধ অভ্যন্তরীণ ও বাহ্যিক ব্যবহারকারীদের সরবরাহ করা যায়। হিসাবরক্ষণ প্রতিবেদনের মাধ্যমে নিয়মিতভাবে তথ্যাবলি সরবরাহ করা হয়। এইসব প্রতিবেদন বহুবিধ ব্যবহারকারীকে গুরুত্বপূর্ণ তথ্যাবলি পরিবেশন করে থাকে যার দ্বারা ব্যবহারকারীরা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা, আর্থিক ফলাফল, বাণিজ্যিক কার্যকলাপের পরিকল্পনা ও নিয়ন্ত্রণ এবং প্রয়োজনীয় সময়ানুগ সিদ্ধান্ত গ্রহণ করে থাকে। হিসাবনিকাশকরণ তথ্যাবলিকে এমনভাবে নকশা করতে হবে যাতে সঠিক তথ্য সঠিক সময়ে সঠিক ব্যক্তির হাতে পৌঁছায়। হিসাবরক্ষণ প্রতিবেদন ব্যবহারকারীর প্রয়োজনের ভিত্তিতে দৈনিক, সাপ্তাহিক, মাসিক বা ত্রৈমাসিক হতে পারে। সরবরাহকরণ প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ উপাদান হল— প্রাসঙ্গিক তথ্য পরিবেশনে হিসাবরক্ষকের ক্ষমতা এবং দক্ষতা।

1.1.3 সংগঠন (Organisation)

সংগঠন বলতে মুনাফাভোগী বা অ-মুনাফাভোগী বাণিজ্যিক প্রতিষ্ঠানকে বোঝায়। কাজের ব্যাপকতা এবং বাণিজ্যিক ক্রিয়াকলাপের প্রকৃতির উপর নির্ভর করে এটি একক মালিকানাধীন প্রতিষ্ঠান, অংশীদারি ফর্ম, সমবায় সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, কোম্পানি, পুরনিগম বা অন্য যে-কোনো সংঘ বা সমিতি হতে পারে।

1.1.4 তথ্যের আগ্রহী ব্যবহারকারীগণ (Interested Users of Information)

হিসাবনিকাশকরণ হল একটি প্রক্রিয়া যার দ্বারা ব্যবসা সংক্রান্ত আর্থিক তথ্যাবলি সরবরাহ করা হয় এবং একে ব্যবসার ভাষা (language of business) বলেও অভিহিত করা হয়। সিদ্ধান্ত গ্রহণের জন্য ব্যবহারকারীদের কাছে এই তথ্যের উপযোগিতা রয়েছে। এই ব্যবহারকারীদের দুটি প্রধান ভাগে ভাগ করা যায়— অভ্যন্তরীণ ব্যবহারকারী এবং বাহ্যিক ব্যবহারকারী। অভ্যন্তরীণ ব্যবহারকারীদের মধ্যে রয়েছে— মুখ্য কার্যনির্বাহী, অর্থবিষয়ক আধিকারিক, সহ-সভাপতি, ব্যবসার প্রতিটি ইউনিটের ম্যানেজার, যন্ত্র পরিচালক, মজুত পরিচালক, রৈখিক কার্যনির্বাহক (Chief Executive, Financial Officer, Vice President, Business Unit Managers, Plant Managers, Store Managers, Line Supervisors) প্রমুখ। বাহ্যিক ব্যবহারকারীগণের মধ্যে রয়েছে— বর্তমান এবং সম্ভাব্য বিনিয়োগকারী (শেয়ারহোল্ডার), পাওনাদার (ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, ঋণপত্র ধারক ও অন্যান্য ঋণদাতাগণ), কর আধিকারিক, নিয়ন্ত্রক সংস্থা (Department of Company Affairs, Registrar of Companies, Securities Exchange Board of India, Labour Unions, Trade Associations, Stock Exchange and Customers) প্রভৃতি। যেহেতু হিসাবনিকাশকরণের প্রাথমিক কাজ সিদ্ধান্তগ্রহণকারীদের কাছে উপযোগী তথ্য পৌঁছে দেওয়া, যেহেতু এটি ফলাফলের একটি মাধ্যম (Means to an end) যেখানে ফলাফল হল সিদ্ধান্ত যা হিসাবনিকাশকরণ তথ্যের মাধ্যমে নেওয়া হয়। এই অধ্যায়ে তোমরা হিসাবনিকাশকরণ তথ্যের বিভিন্ন ধরন ও এর ব্যবহারকারীদের সম্পর্কে জানবে।

বাক্স II

কেন ব্যবহারকারীগণ হিসাবনিকাশকরণ তথ্য ব্যবহারে আগ্রহী ? (Why do the Users Want Accounting Information?)

- মালিকগণ ও শেয়ারহোল্ডারগণ প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার মূল্যায়নের জন্য এবং তাদের বিনিয়োগের উপর প্রাপ্তি সন্তোষজনক কি না তা যাচাই করার জন্য তথ্য ব্যবহার করেন।
- প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল মূল্যায়নের জন্য কার্যনির্বাহী পরিচালকগণ অভ্যন্তরীণ ও বাহ্যিক তুলনার ক্ষেত্রে তথ্য ব্যবহার করেন। কোম্পানির সক্ষমতা এবং দুর্বলতা নিরূপণ করার জন্য শিল্পের হিসাবের সাথে প্রতিষ্ঠানের আর্থিক হিসাবের তুলনামূলক বিশ্লেষণের ক্ষেত্রেও তথ্য ব্যবহার করা হয়। কোম্পানির ব্যবস্থাপকগণ বা পরিচালকগণও এ সম্পর্কে ওয়াকিবহাল থাকেন যে, কোম্পানিতে বিনিয়োগকৃত অর্থ সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে কি না এবং কোম্পানি ঋণ পরিশোধে সক্ষম কি না।
- কোম্পানির পাওনাদারগণ তাদের প্রদেয় অর্থ ফিরে পাওয়ার সম্ভাবনা এবং কোম্পানির তরল অবস্থা (liquidity) সম্পর্কে জানতে চায়। কোম্পানির তরল অবস্থা বলতে কোম্পানির ঋণ পরিশোধ ক্ষমতাকে বোঝায়।
- কোনো কোম্পানি বা প্রতিষ্ঠানে অর্থ বিনিয়োগ করা হবে কি না তা যাচাই বা মূল্যায়ন করার জন্য সম্ভাব্য বিনিয়োগকারীরা তথ্য ব্যবহার করে থাকেন।
- কোম্পানি আইন 2013 এবং SEBI দ্বারা নির্ধারিত বিভিন্ন আইনি বাধ্যবাধকতা পূরণ করা এবং বিনিয়োগকারী ও পাওনাদারগণের স্বার্থ রক্ষা করার জন্য মূল্যযুক্ত কর (Value Added Tax (VAT)), আয়কর (Income Tax (IT)), শুল্ক এবং আবগারি মাসুল (Customs and Excise duty) প্রভৃতি কর সংক্রান্ত তথ্য জানার জন্য সরকার এবং অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা যেমন— রেজিস্ট্রার অব কোম্পানিজ, কাস্টম ডিপার্টমেন্টস, IRDA, RBI প্রভৃতি হিসাবনিকাশকরণ তথ্য ব্যবহার করে থাকেন।

1.2 তথ্যের উৎস হিসেবে হিসাবনিকাশকরণ (Accounting as a Source of Information) :

পূর্ব আলোচনা অনুযায়ী, হিসাবনিকাশকরণ হল কতগুলো কার্যাবলির সমন্বয় যা লেনদেনের শনাক্তকরণের মধ্য দিয়ে শুরু হয় এবং আর্থিক বিবরণী তৈরির মাধ্যমে এর সমাপ্তি ঘটে। হিসাবনিকাশকরণের প্রতিটি ধাপেই তথ্যের সৃষ্টি হয়। তথ্যের সৃষ্টিই হিসাবনিকাশকরণের চরম ফল নয়, এটি বিভিন্ন ব্যবহারকারীগণের নিকট তথ্য সরবরাহ করার একটি মাধ্যম। এই তথ্যাবলি তথ্য ব্যবহারকারীদের বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। তাই, তথ্য সরবরাহ করা হিসাবনিকাশকরণের একটি অপরিহার্য কাজ। ব্যবহারোপযোগী হওয়ার জন্য, হিসাবনিকাশকরণ তথ্যকে নিম্নলিখিত শর্তাবলি পূরণ করা উচিত :

- আর্থিক সিদ্ধান্ত গ্রহণের উপযোগী তথ্য সরবরাহ করা।
- যারা তথ্যের উৎস হিসেবে আর্থিক বিবরণীর উপর নির্ভর করে, তাদের সাহায্য করা।
- মূল্য, সময় এবং নগদ প্রবাহ সম্ভাবনার অনিশ্চয়তা সম্পর্কে পূর্বানুমান ও মূল্যায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।
- প্রতিষ্ঠানের উদ্দেশ্য পূরণের জন্য সম্পদের কাম্য ব্যবহারে পরিচালক বা ব্যবস্থাপকের সক্ষমতা যাচাই করার প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।

- বিশ্লেষণ, মূল্যায়ন, পূর্বানুমানের ক্ষেত্রে প্রযোজ্য অনুমানসমূহ (assumptions) প্রকাশ করার মাধ্যমে বিভিন্ন বাস্তবধর্মী ও ব্যাখ্যাপূর্ণ তথ্য পরিবেশন করা।
- যেসব কার্যাবলির দ্বারা সমাজ প্রভাবিত হয়, তার তথ্য সরবরাহ করা।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা-I (Test Your Understanding - I)

সঠিক শব্দ বসিয়ে নীচের বাক্যগুলো সম্পূর্ণ করো :

- আর্থিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যবলি লেনদেনের উপর নির্ভর করে তৈরি।
- অভ্যন্তরীণ ব্যবহারকারীগণ বাণিজ্যিক প্রতিষ্ঠানের
- একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান ঋণ (Loan) -এর জন্য যোগ্য কি না তা যাচাই করার জন্য একটি প্রতিষ্ঠানটির আর্থিক প্রতিবেদন ব্যবহার করতে পারে।
- ব্যবহারকারীদের কাছে আর্থিক প্রতিবেদন সরবরাহ করতে ইন্টারনেট হ্রাস করতে সাহায্য করেছে।
- প্রতিষ্ঠানের বাইরের ব্যবহারকারীদের ব্যবহারকারী বলা হয়, যারা তথ্য ব্যবহার করে প্রতিষ্ঠান সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করে থাকে।
- একটি তথ্য প্রাসঙ্গিক হয় যদি এটি
- হিসাবনিকাশকরণ প্রক্রিয়া শুরু হয় দ্বারা এবং শেষ হয় দ্বারা
- হিসাবনিকাশকরণ এককের নিরিখে বাণিজ্যিক লেনদেনকে পরিমাপ করে থাকে।
- শনাক্ত ও পরিমাপকৃত আর্থিক ঘটনাসমূহ উপায়ে লিপিবদ্ধ করতে হবে।

হিসাবনিকাশকরণ তথ্য সৃষ্টিতে হিসাবরক্ষকের ভূমিকা হল বিভিন্ন ঘটনা ও লেনদেনসমূহ করে— পরিমাপ এবং প্রক্রিয়াকরণ করার জন্য নিরীক্ষণ ও স্বীকৃতি দেওয়া এবং হিসাবরক্ষণ তথ্য সম্বলিত প্রতিবেদন তৈরি করে তা ব্যবহারকারীদের নিকট সরবরাহ করা। তারপর এই তথ্য সম্বলিত প্রতিবেদন বিশ্লেষণ, অর্থোদ্ধার করে পরিচালক, ব্যবস্থাপক ও অন্যান্য ব্যবহারকারী দ্বারা ব্যবহার করা হয়। এটা নিশ্চিত হতে হবে যে, পরিবেশিত তথ্যবলি অবশ্যই প্রাসঙ্গিক, পর্যাপ্ত এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য নির্ভরযোগ্য হতে হবে। আপাতদৃষ্টিতে হিসাবনিকাশকরণ তথ্যের অভ্যন্তরীণ ও বাহ্যিক ব্যবহারকারীদের বৈচিত্রপূর্ণ প্রয়োজন মেটানোর জন্য হিসাবশাস্ত্রে বর্তমানে উপশাখার বিকাশ ঘটেছে যেমন— আর্থিক হিসাবনিকাশকরণ, পরিব্যয় হিসাবনিকাশকরণ, ব্যবস্থাপনা সংক্রান্ত হিসাবনিকাশকরণ (*financial accounting, cost accounting and management accounting* (refer box 3)etc.)।

প্রতিষ্ঠানের সাফল্য এবং আর্থিক অবস্থা যাচাইকরণের জন্য আর্থিক লেনদেনের সুসংবদ্ধ উপায়ে লিপিবদ্ধকরণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুত ও পরিবেশন করতে সাহায্য করে আর্থিক হিসাবনিকাশকরণ প্রক্রিয়া। এটি অতীত সময়ের সাথে সম্পর্কযুক্ত, ন্যাস্তভার (*stewardship*) সম্পাদনে সাহায্য করে এবং এটি আর্থিক বৈশিষ্ট্যযুক্ত। এটি প্রাথমিকভাবে সমস্ত ব্যবহারকারীগণের নিকট তথ্য সরবরাহকরণের সঙ্গে সম্পর্কযুক্ত। ফার্মের উৎপাদিত পণ্য বা সেবার উৎপাদন ব্যয় ও তাদের দাম নির্ধারণের জন্য খরচের বিশ্লেষণের ক্ষেত্রে পরিব্যয় হিসাবনিকাশকরণ সাহায্য করে থাকে।

এটি ব্যয় নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপকদের সিদ্ধান্ত গ্রহণের উপযোগী ব্যয় সংক্রান্ত তথ্য সরবরাহকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ব্যবস্থাপনা সংক্রান্ত হিসাবনিকাশকরণ প্রতিষ্ঠানের অভ্যন্তরের ব্যবহারকারীদের তথ্যাবলি পরিবেশনে সাহায্য করে যাতে তারা বাণিজ্যিক কার্যকলাপের পরিকল্পনা ও নিয়ন্ত্রণ সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। ব্যবস্থাপনা সংক্রান্ত হিসাবনিকাশকরণ প্রধানত আর্থিক ও পরিব্যয় হিসাবনিকাশকরণ থেকে প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করে এবং ব্যবস্থাপকদের বাজেট প্রস্তুতি, লাভজনকতা নির্ণয়, মূল্য নির্ধারণ, মূলধন খরচ সংক্রান্ত বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়াও, এটি অন্যান্য তথ্যাবলিও সৃষ্টি করে (পরিমাণগত, গুণগত, আর্থিক এবং অ-আর্থিক) যা ভবিষ্যতের সঙ্গে সম্পর্কযুক্ত এবং প্রতিষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রাসঙ্গিক। এইসব তথ্যাবলির মধ্যে রয়েছে— বিক্রয়ের পূর্বানুমান, নগদ প্রবাহ, ক্রয়ের প্রয়োজনীয়তা, মানবশক্তির প্রয়োজনীয়তা, পরিবেশ সংক্রান্ত উপাত্ত (বায়ু, জল, ভূমি, প্রাকৃতিক সম্পদ, ফ্লোরা, ফনা, মানুষের স্বাস্থ্য, সামাজিক কর্তব্য প্রভৃতির উপর প্রভাব সংক্রান্ত)।

ফলস্বরূপ, হিসাবনিকাশকরণের ব্যাপকতা এতটাই বৃদ্ধি পেয়েছে যে অনেক নতুন নতুন শাখা যেমন— মানব সম্পদ সংক্রান্ত হিসাবনিকাশকরণ (human resource accounting) সামাজিক হিসাবনিকাশকরণ (social accounting), দায়িত্ব সংক্রান্ত হিসাবনিকাশকরণ (responsibility accounting) প্রভৃতি হিসাবশাস্ত্রে যুক্ত হয়েছে।

চলো করি (Let's Do It)

আজকের দিনে অনেকেই হিসাবরক্ষককে একজন সাধারণ বুক-কিপার বা বইরক্ষক হিসেবে মনে করেন। কিন্তু হিসাবরক্ষকের ভূমিকা প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। একজন হিসাবরক্ষকের ভূমিকা কী তা শ্রেণিকক্ষে আলোচনা করো।

1.2.1 হিসাবনিকাশকরণ তথ্যের গুণগত বৈশিষ্ট্যসমূহের (Qualitative Characteristics of Accounting Information)

গুণগত বৈশিষ্ট্য বলতে হিসাবনিকাশকরণ তথ্যের এমন ধর্মকে বোঝায় যা তার বোধগম্যতা এবং উপযোগিতা বৃদ্ধি করে। হিসাবনিকাশকরণ তথ্যাবলিকে সিদ্ধান্ত গ্রহণের উপযোগী হতে হলে তাদের অবশ্যই নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো থাকতে হবে— বিশ্বাসযোগ্যতা, প্রাসঙ্গিকতা, বোধগম্যতা এবং তুলনীয়তা।

বিশ্বাসযোগ্যতা (Reliability)

বিশ্বাসযোগ্যতা বলতে বোঝায় যে ব্যবহারকারীরা অবশ্যই তথ্যের উপর নির্ভর করতে সক্ষম হবেন। হিসাবনিকাশকরণ তথ্যের বিশ্বাসযোগ্যতা নির্ভর করে সংঘটিত, পরিমাপকৃত ও প্রদর্শিত ঘটনা বা লেনদেনের তথ্যাবলির মধ্যকার সাযুজ্য বা সংগতির মাত্রার উপর। একটি বিশ্বাসযোগ্য তথ্য অবশ্যই ত্রুটি মুক্ত ও নিরপেক্ষ হবে এবং নিখুঁতভাবে তথ্য পরিবেশন করবে। বিশ্বাসযোগ্য হতে হলে প্রকাশিত তথ্যাবলিকে অবশ্যই প্রত্যয়যোগ্য, যাচাইযোগ্য, নিরপেক্ষ এবং যথাযথ হতে হবে (চিত্র 1.3 দেখো)

বাক্স III

হিসাবনিকাশকরণের শাখাসমূহ (Branches of Accounting)

অর্থনৈতিক উন্নয়ন ও তথ্যপ্রযুক্তির প্রগতির ফলে ব্যবসার কার্যাবলী অনেক বৃদ্ধি পেয়েছে এবং সেই সাথে 'কোম্পানির মতো বাণিজ্যিক প্রতিষ্ঠানের উদ্ভব ঘটেছে। এর ফলে ব্যবস্থাপনার কাজ অনেক বেশি জটিল হয়েছে এবং হিসাবনিকাশকরণ তথ্যের উপযোগিতা বৃদ্ধি পেয়েছে। এসব কারণে হিসাবনিকাশকরণের অনেকগুলো বিশেষ শাখার উদ্ভব হয়েছে। এগুলো সংক্ষেপে আলোচনা করা হলো :

আর্থিক হিসাবনিকাশকরণ (Financial accounting) : এই শাখার উদ্দেশ্য হল সমস্ত আর্থিক লেনদেনের বিবরণ লিপিবদ্ধ করা যাতে :

- একটি হিসাবকালে ব্যবসার লাভ বা ক্ষতি নির্ণয় করা যায়;
- হিসাবকালের শেষে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা নির্ণয় করা যায়; এবং
- ব্যবস্থাপক ও অন্যান্য আগ্রহী গোষ্ঠীকে আর্থিক তথ্য সরবরাহ করা যায়।

পরিব্যয় হিসাবনিকাশকরণ (Cost Accounting) : পরিব্যয় হিসাবনিকাশকরণের উদ্দেশ্য হল খরচসমূহ বিশ্লেষণ করে উৎপাদিত পণ্য বা সেবার ব্যয় নির্ণয় ও দাম নির্ধারণ করা। এটি ব্যয় নিয়ন্ত্রণ ও সিদ্ধান্ত গ্রহণের উপযোগী ব্যয় সংক্রান্ত তথ্য ব্যবস্থাপকদের সরবরাহ করে থাকে।

ব্যবস্থাপনা সংক্রান্ত হিসাবনিকাশকরণ (Management Accounting) : ব্যবস্থাপনা সংক্রান্ত হিসাবনিকাশকরণের উদ্দেশ্য হল ব্যবস্থাপকদের বিভিন্ন যুক্তিসম্মত সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করা এবং সিদ্ধান্তের ফল বা প্রভাবের মূল্যায়ন করা।

প্রাসঙ্গিকতা (Relevance)

প্রাসঙ্গিক হতে গেলে, তথ্যাবলিকে অবশ্যই প্রয়োজনানুসারে সহজলভ্য হতে হবে, এটি পূর্বানুমানের ক্ষেত্রে সাহায্য করবে, প্রতিক্রিয়া গ্রহণে সাহায্য করবে এবং ব্যবহারকারীগণের সিদ্ধান্তকে প্রভাবিত করবে। এর জন্য এটি—

- অতীত, বর্তমান ও ভবিষ্যৎ ঘটনাবলি সম্পর্কে পূর্বানুমান করতে সাহায্য করবে, এবং
- অতীতে মূল্যায়নসমূহকে সংশোধন করবে।

বোধগম্যতা (Understandability)

বোধগম্যতা বলতে বোঝায় যে অর্থ ও অনুভূতি নিয়ে হিসাবনিকাশকরণ তথ্যকে প্রস্তুত এবং পরিবেশন করা হয়েছে ঠিক সেই একই বোধ ও অনুভূতি নিয়ে সিদ্ধান্তগ্রহণকারীগণ তা বিশ্লেষণ করবেন। একটি বার্তা বা সংবাদের ভালো বা মন্দ পরিবহনের মধ্যে পার্থক্যের গুণাবলি বার্তাটির বোধগম্যতার মৌলিক বিষয়। একটি বার্তা তখনই কার্যকরভাবে পরিবাহিত হয় যখন বার্তাটি একই বোধ ও অনুভূতিতে গ্রাহক কর্তৃক গৃহীত হয় যে বোধ ও অনুভূতিতে প্রেরক কর্তৃক বার্তাটি প্রেরিত হয়েছিল। হিসাবরক্ষকের উচিত প্রাসঙ্গিকতা ও বিশ্বাসযোগ্যতা অপরিবর্তিত রেখে বুদ্ধিমত্তার সঙ্গে তুলনীয় (comparable) তথ্য পরিবেশন করা।

তুলনীয়তা (Comparability)

একটি নির্দিষ্ট প্রতিষ্ঠানের ক্ষেত্রে নির্দিষ্ট পরিস্থিতিতে এবং একটি নির্দিষ্ট সময়ে আর্থিক তথ্যাবলি প্রাসঙ্গিক এবং বিশ্বাসযোগ্য হলেই তা যথেষ্ট নয়। একই সাথে বিভিন্ন আর্থিক প্রতিবেদনের ব্যবহারকারীগণ যাতে প্রতিষ্ঠানের বিভিন্ন দিক সমূহ (aspects) অন্য হিসাব বছর এবং অন্য প্রতিষ্ঠানের মধ্যে তুলনা করতে পারে সেটাও গুরুত্বপূর্ণ। তুলনীয় হতে হলে, হিসাবরক্ষণ প্রতিবেদনকে অবশ্যই সাধারণ বা প্রচলিত হিসাব বছরের অন্তর্ভুক্ত হতে হবে এবং একটি সাধারণ পরিমাপের একক ও একই প্রতিবেদন কাঠামো ব্যবহার করবে।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা-II (Test Your Understanding - II)

তুমি Ramona Enterprises Limited -এর একজন বরিস্ত হিসাবরক্ষক। তোমার প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীসমূহকে বোধগম্য এবং সিদ্ধান্তগ্রহণের উপযোগী করতে তুমি কোন তিনটি ধাপ অনুসরণ করবে ?

1. _____
2. _____
3. _____

[ইঙ্গিত : হিসাবনিকাশকরণ তথ্যের গুণগত বৈশিষ্ট্যাবলি লক্ষ করো।]

1.3 হিসাবনিকাশকরণের উদ্দেশ্যসমূহ (Objectives of Accounting)


তথ্য পান্ডিত্য হিসাবে হিসাবনিকাশকরণের প্রধান উদ্দেশ্য হল হিসাবনিকাশকরণ তথ্যের অভ্যন্তরীণ এবং বাহ্যিক ব্যবহারকারীগণকে উপযোগী তথ্য পরিবেশন করা। বাহ্যিক ব্যবহারকারীদের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাবলি আর্থিক বিবরণী অর্থাৎ লাভ-ক্ষতির হিসাব এবং উদ্বর্তপত্রের (profit and loss account and balance sheet) মাধ্যমে সরবরাহ করা হয়। এছাড়াও, ব্যবস্থাপকগণ হিসাবনিকাশকরণ নথি থেকে প্রয়োজনানুসারে অতিরিক্ত তথ্যাবলি পেয়ে থাকে। হিসাবনিকাশকরণের প্রাথমিক উদ্দেশ্যসমূহ নিম্নে আলোচনা করা হল :

1.3.1 বাণিজ্যিক লেনদেন লিপিবদ্ধকরণ (Maintenance of Records of Business Transactions)

হিসাবের বইতে সমস্ত আর্থিক লেনদেনসমূহ সুসংবদ্ধ উপায়ে লিপিবদ্ধ করার জন্য হিসাবনিকাশকরণ প্রক্রিয়া ব্যবহৃত হয়। এমনকি একজন উন্নত মস্তিষ্ক সম্পন্ন পরিচালক বা কার্যকারকের পক্ষেও প্রতিষ্ঠানে প্রতিনিয়ত ঘটে যাওয়া অনেক ধরনের লেনদেন যেমন—ক্রয়, বিক্রয়, প্রদান, প্রাপ্তি, প্রভৃতির বিবরণ মনে রাখা সম্ভব নয়। তাই প্রতিনিয়ত যথাযথ ভাবে সমস্ত আর্থিক লেনদেন লিপিবদ্ধ করা হয়। আবার, এই লিপিবদ্ধকৃত তথ্য সমূহ বিভিন্ন নথি যাচাই-এর ক্ষেত্রে প্রামাণ্য দলিল হিসাবে কাজ করে।

1.3.2 লাভ-ক্ষতি নির্ণয় (Calculation of Profit and Loss)

প্রতিষ্ঠানের মালিকগণ একটি নির্দিষ্ট সময়ের শেষে বাণিজ্যিক কার্যাবলির ফলাফল অর্থাৎ লাভ বা ক্ষতির তথ্য জানতে আগ্রহী থাকে। তাই হিসাবনিকাশকরণের আরেকটি উদ্দেশ্য হল একটি হিসাববছরে ব্যবসার লাভ বা ক্ষতি নির্ণয় করা যা খুব সহজেই আয় এবং খরচের নথির সাহায্যে লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করে জানা যেতে পারে।



চিত্র 1.3 : হিসাবনিকাশকরণ তথ্যের গুণগত বৈশিষ্ট্যসমূহ

খরচের তুলনায় আয়ের অতিরিক্ত পরিমাণকে বলা হয় লাভ বা profit। যদি একটি নির্দিষ্ট হিসাব বছরে মোট আয় 6,00,000 টাকা হয় এবং মোট খরচ 5,40,000 টাকা হয় তবে, লাভ বা profit হবে 60,000 টাকা (6,00,000 টাকা – 5,40,000 টাকা)। আবার, যদি মোট খরচ প্রতিষ্ঠানের মোট আয়কে অতিক্রম করে, তবে সেই পার্থক্যটি প্রতিষ্ঠানের ক্ষতিকে সূচিত করে।

1.3.3 আর্থিক অবস্থা প্রকাশ (Depiction of Financial Position)

হিসাবনিকাশকরণের আরেকটি উদ্দেশ্য হল প্রতিটি হিসাব বছরের শেষে সম্পদ এবং দায়ের আকারে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা নিরূপণ করা। বাণিজ্যিক প্রতিষ্ঠানের মালিকানাধীন সম্পত্তি (সম্পদ বা assets) এবং এই সম্পত্তির উপর দাবি বা অধিকার (দায় বা liabilities) এর সাহায্যে প্রতিষ্ঠানের উদ্ভবপত্র বা অবস্থান বিবরণী (position statement) প্রস্তুত করা হয়।

1.3.4 ব্যবহারকারীগণের নিকট তথ্য সরবরাহ (Providing Accounting Information to its Users)

হিসাবনিকাশকরণ প্রক্রিয়া দ্বারা সৃষ্ট বিভিন্ন হিসাবনিকাশকরণ তথ্যকে বিভিন্ন প্রতিবেদন, বিবরণী, লেখচিত্র এবং তালিকা বা নকশা চিত্রের মাধ্যমে ব্যবহারকারীদের কাছে সরবরাহ করা হয় যারা বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণের জন্য এগুলোকে ব্যবহার করে থাকেন। প্রধানত দু-ধরনের ব্যবহারকারী দল রয়েছে অভ্যন্তরীণ ব্যবহারকারী মুখ্যত ব্যবস্থাপক বা পরিচালক যারা বিক্রয় ব্যয়, লাভের সম্ভাবনা প্রভৃতির সময়ানুগ তথ্য ব্যবহার করে পরিকল্পনা, নিয়ন্ত্রণ ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কাজে লাগায়। বাহ্যিক ব্যবহারকারীগণ যাদের প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির ক্ষেত্রে কর্তৃত্ব, ক্ষমতা ও সম্পদের অভাব রয়েছে তাদের আর্থিক বিবরণীর (উদ্বর্তপত্র, লাভ-ক্ষতির হিসাব) উপর নির্ভর করতে হয়। প্রাথমিকভাবে বাহ্যিক ব্যবহারকারীগণ নিম্নলিখিত বিষয়সমূহের উপর আগ্রহী থাকে :

- বর্তমান ও সম্ভাব্য বিনিয়োগকারী— বিনিয়োগের উপর ঝুঁকি এবং প্রাপ্তি সংক্রান্ত তথ্য;
- সমিতি ও কর্মচারী গোষ্ঠী— ব্যবসার স্থায়িত্ব, লাভজনকতা, এবং সম্পদ বণ্টন সংক্রান্ত তথ্য;
- ঋণদাতা এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ— প্রতিষ্ঠানের ঋণ পরিশোধ ও সুদ প্রদানের ক্ষমতা অর্থাৎ প্রতিষ্ঠানের ঋণযোগ্যতা (creditworthiness) সংক্রান্ত তথ্য;
- যোগানদার ও পাওনাদার— বাণিজ্যিক প্রতিষ্ঠানের চিরন্তন অস্তিত্ব এবং বকেয়া ঋণ প্রদানের ক্ষমতা সংক্রান্ত তথ্য।
- সরকার ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা— সম্পদ বণ্টন ও প্রণীত নিয়মবিধির মান্যতা সম্পর্কিত তথ্য;
- ক্রেতা বা ভোক্তা— প্রতিষ্ঠানের চিরন্তন অস্তিত্ব এবং পণ্য, পণ্যের অংশ এবং বিক্রয় পরবর্তী সেবার সম্ভাবনা সংক্রান্ত তথ্য;
- সামাজিক দায়বদ্ধতা গোষ্ঠী— যেমন, পরিবেশ বিষয়ক দল— পরিবেশের উপর প্রভাব এবং পরিবেশ রক্ষা সংক্রান্ত তথ্য।
- প্রতিযোগী— প্রতিযোগিতায় তুলনামূলক সামর্থ্য ও অক্ষমতা ও মাপকাঠি (Benchmarking) সংক্রান্ত তথ্য। যেখানে উপরিউক্ত ব্যবহারকারীগণ কোম্পানির সম্পদের অংশ ভাগ করে সেখানে বিভিন্ন কৌশলগত উদ্দেশ্যে প্রতিযোগীরা তথ্য ব্যবহার করেন।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা-III (Test Your Understanding - III)

কোন ব্যবহারকারী দল.....

সবচেয়ে বেশি আগ্রহী হবে

- ফার্মের মূল্যযুক্ত কর (VAT) অন্যান্য কর সংক্রান্ত দায়
- সম্ভাব্য বেতন পুরস্কার এবং অধিবৃত্তি (bonus) চুক্তি
- ফার্মের নৈতিক ও পরিবেশ বিষয়ক কার্যাবলি
- ফার্মের দীর্ঘকালীন ভবিষ্যৎ আছে কি না
- লাভজনকতা ও শেয়ারের কর্মদক্ষতা
- ফার্মের পণ্য উৎপাদন ও সেবা প্রদান সংক্রান্ত কার্যাবলি চালিয়ে যাওয়ার ক্ষমতা।

1.4 হিসাবনিকাশকরণের ভূমিকা (Role of Accounting)

অর্থনৈতিক উন্নতি ও সমাজের চাহিদার উত্তরোত্তর পরিবর্তনের ফলে হিসাবনিকাশকরণের ভূমিকাও শতাব্দীকাল ধরে পরিবর্তিত হয়ে আসছে। এটি একটি প্রতিষ্ঠানের উপাত্তসমূহকে পরিমাপকরণ, শ্রেণি বিভাজন এবং সংক্ষিপ্তকরণের মাধ্যমে বর্ণনা ও বিশ্লেষণ করে এগুলোকে প্রতিবেদন ও বিবরণীর আকারে প্রকাশ করে যা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা ও কার্যাবলির ফলাফল প্রদর্শন করে। তাই একে ব্যবসার ভাষা (language of business) বলা হয়। এটি বিভিন্ন ব্যবহারকারীকে পরিমাণগত আর্থিক তথ্য সরবরাহ করার মধ্য দিয়ে সেবা সংক্রান্ত কাজও করে থাকে। তথ্য পদ্ধতি হিসাবে হিসাবনিকাশকরণ প্রতিষ্ঠান সম্পর্কিত বিভিন্ন আর্থিক তথ্যাবলি সংগ্রহ করে এবং সেগুলোকে বহুবিধ আগ্রহী ব্যবহারকারীদের সরবরাহ করে। তবে, হিসাবনিকাশকরণ তথ্য অতীত লেনদেনের সঙ্গে সম্পর্কযুক্ত এবং প্রকৃতিগত ভাবে এটি পরিমাণগত ও আর্থিক। এটি গুণগত ও অর্থের সঙ্গে সম্পর্কহীন তথ্য পরিবেশন করতে অক্ষম। হিসাবনিকাশকরণ তথ্যের ব্যবহারের সময় হিসাবনিকাশকরণের এই সীমাবদ্ধতা সম্পর্কে ওয়াকিবহাল থাকতে হবে।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা-IV (Test Your Understanding - IV)

সঠিক উত্তর নির্বাচন করো (Tick the Correct Answer) :

- নীচের কোনটি বাণিজ্যিক লেনদেন নয়?
 - ব্যবসার জন্য 10,000 টাকা মূল্যের আসবাবপত্র ক্রয় করা হল।
 - কর্মচারীদের 5,000 টাকা বেতন প্রদান করা হল।
 - ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্ট থেকে পুত্রের ফি বাবদ 20,000 টাকা প্রদান করা হল।
 - ব্যবসার অ্যাকাউন্ট থেকে পুত্রের ফি বাবদ 2,000 টাকা প্রদান করা হল।
- দীপ্তি তার ব্যবসার জন্য একটি দালান বাড়ি (building) ক্রয় করতে ইচ্ছুক। নীচের কোনটি তার সিদ্ধান্ত গ্রহণের উপযোগী তথ্য?
 - 2000 সালে একই ধরনের ব্যবসা প্রতিষ্ঠান 10,00,000 টাকা দিয়ে দালান বাড়ি ক্রয় করেছিল।
 - 2003 সালের দালান বাড়ির ব্যয়ের বিবরণী।
 - 1998 সালের দালান বাড়ির ব্যয়ের বিবরণী।
 - 2005 সালের আগস্ট মাসে একই ধরনের দালান বাড়ির ব্যয় ছিল 25,00,000 টাকা।
- তথ্য পদ্ধতি হিসাবে হিসাবনিকাশকরণের চরম বা শেষ ধাপ কোনটি?
 - হিসাব বইতে উপাত্তের লিপিবদ্ধকরণ।
 - আর্থিক বিবরণী প্রস্তুতির মাধ্যমে লেনদেনের সংক্ষিপ্তকরণ।
 - তথ্যের সরবরাহকরণ।
 - তথ্যের বিশ্লেষণ এবং ব্যাখ্যা করা।
- হিসাবনিকাশকরণ তথ্য সঠিক ভাবে প্রদর্শিত হলে কোন্ গুণগত বৈশিষ্ট্যটি প্রতিফলিত হয়?
 - বোধগম্যতা
 - প্রাসঙ্গিকতা
 - তুলনীয়তা
 - বিশ্বাসযোগ্যতা
- সাধারণ পরিমাপ একক এবং প্রতিবেদন বিন্যাসের ব্যবহার কোন্ বৈশিষ্ট্যটিকে সূচিত করে?
 - তুলনীয়তা
 - বোধগম্যতা
 - প্রাসঙ্গিকতা
 - বিশ্বাসযোগ্যতা

বাক্স - 4 (Box 4)

হিসাবনিকাশকরণের নানাবিধ ভূমিকা (Different Roles of Accounting)

- ✓ ভাষা হিসাবে— এটিকে ব্যবসার ভাষা হিসেবে গণ্য করা হয় যা প্রতিষ্ঠানের তথ্যাবলি সরবরাহ করে থাকে;
- ✓ ঐতিহাসিক নথি হিসেবে— একে সঠিক মূল্য সমন্বিত প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের সময়ানুক্রমিক নথি হিসেবে গণ্য করা হয়;
- ✓ আর্থিক বাস্তব অস্তিত্ব— এটিকে প্রতিষ্ঠানের প্রকৃত আয় যেমন সম্পত্তির পরিবর্তন নির্ধারণের মাধ্যম হিসেবে গণ্য করা হয়;
- ✓ তথ্য পদ্ধতি হিসেবে— একে একটি প্রক্রিয়া হিসেবে গণ্য করা হয় যা তথ্যের উৎস (হিসাব রক্ষক) এবং তথ্য গ্রহীতার (বাহ্যিক ব্যবহারকারী) মধ্যে যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করে;
- ✓ পণ্য হিসেবে— হিসাবরক্ষকের ইচ্ছা ও সক্ষমতার উপর ভিত্তি করে সমাজের চাহিদা অনুসারে বিশেষ ধরনের তথ্যকে সেবা (service) হিসেবে গণ্য করা হয়।

1.5 হিসাবনিকাশকরণের মূল পরিভাষাসমূহ (Basic Terms in Accounting)

1.5.1 সত্তা (Entity)


সত্তা বলতে একটি বাস্তবতাকে বোঝায় যার একটি স্বতন্ত্র অস্তিত্ব রয়েছে। বাণিজ্যিক বা ব্যবসায়িক সত্তা বলতে নির্দিষ্টভাবে শনাক্তযোগ্য বাণিজ্যিক প্রতিষ্ঠানকে বোঝায় যেমন— সুপার বাজার (Super Bazaar), ভাড়া জুয়েলারি (Hire Jewellers), আইটিসি লিমিটেড (ITC Limited) প্রভৃতি। একটি হিসাবরক্ষণ পদ্ধতি সর্বদাই নির্দিষ্ট বাণিজ্যিক সত্তার (বা হিসাব সত্তা) জন্য নকশা করা হয়।

1.5.2 লেনদেন (Transaction)

দুই বা ততোধিক সত্তার মধ্যকার মূল্য সমন্বিত ঘটনাসমূহকে লেনদেন বলে। এটি পণ্য ক্রয়, অর্থ প্রাপ্তি, পাওনাদারকে অর্থ প্রদান, খরচ প্রভৃতি হতে পারে। এটি নগদ লেনদেন এবং ধারে লেনদেন উভয়ই হতে পারে।

1.5.3 সম্পত্তি (Assets)

সম্পত্তি বলতে প্রতিষ্ঠানের আর্থিক সম্পদ সমূহকে বোঝায় যা কার্যকররূপে টাকার অঙ্কে পরিমাপ বা প্রকাশ করা যায়। সম্পত্তি হল প্রতিষ্ঠানের কার্যকলাপে ব্যবহৃত মূল্যের বিভিন্ন ধরন। যেমন, সুপার বাজারের ট্রাকের মালিকানা রয়েছে যেগুলো পণ্য পরিবহনে ব্যবহৃত হয়। ফলে এই ট্রাকগুলো প্রতিষ্ঠানকে আর্থিক সুবিধা প্রদান করেছে। এই পদ (item) টিকে উদ্ভবপত্রের (সুপার বাজারের) সম্পত্তির দিকে (asset side) দেখানো হবে। সম্পত্তিকে প্রধানত দু'ভাগে ভাগ করা যায়— স্থায়ী সম্পত্তি (fixed assets) এবং চলতি সম্পত্তি (current assets)। যেসব সম্পত্তি দীর্ঘকাল ধরে প্রতিষ্ঠানে থাকে সেগুলোকে স্থায়ী সম্পত্তি বলা হয়। যেমন— জমি, দালান বাড়ি, যন্ত্রপাতি, কলকজা, আসবাবপত্র ইত্যাদি। এই সম্পত্তিগুলো প্রতিষ্ঠানের সাধারণ কার্যকলাপের জন্য ব্যবহার করা হয়। যেসব সম্পত্তি স্বল্পকাল ধরে প্রতিষ্ঠানে থাকে, সেগুলোকে বলা হয় চলতি সম্পত্তি। যেমন- দেনাদার প্রাপ্য হিসাব— (Accounts Receivable), প্রাপ্য বিল (Bills Receivable) বা প্রাপ্য নোট (Notes Receivable), মজুতপণ্য (Stock or Inventory), অস্থায়ী বিক্রয়যোগ্য জমানত (temporary marketable), নগদ ও ব্যাংক জমার জের, প্রভৃতি। (চিত্র 1.4)




চিত্র 1.4 : সম্পত্তির শ্রেণিবিভাগ

1.5.4 দায় (Liabilities)

দায় বলতে বোঝায় দেনা বা দায়িত্ব যা ভবিষ্যতের একটি নির্দিষ্ট সময়ে প্রতিষ্ঠানকে প্রদান করতে হবে। এটি মূলত ফার্মের সম্পত্তির উপর পাওনাদারের দাবিকে বোঝায়। সমস্ত বৃহদাকার ও ক্ষুদ্র প্রতিষ্ঠান উভয়ই কোনো না কোনো সময় অর্থ ধার করতে বাধ্য হয় এবং ধারে পণ্য ক্রয় করে থাকে। উদাহরণস্বরূপ, 2005 সালের 25 মার্চ সুপার বাজার ফাস্ট ফুড প্রোডাক্ট থেকে ধারে 10,000 টাকা মূল্যের পণ্য ক্রয় করেছে। যদি সুপার বাজারের উদ্বর্তপত্র 2005 সালের 31 মার্চ তৈরি করা হয়, তবে উদ্বর্তপত্রের দায়ের দিকে (liabilities side) পাওনাদার বা ক্রেডিটর হিসাবে ফাস্ট ফুড প্রোডাক্টকে দেখানো হবে। যদি সুপার বাজার— দিল্লি স্টেট কো-অপারেটিভ ব্যাংক থেকে তিন বছরের জন্য ঋণ (loan) নিয়ে থাকে সেটিও সুপারের বাজারের উদ্বর্তপত্রের দায়ের দিকে দেখাতে হবে। (চিত্র 1.5)

দায় দুই প্রকার— চলতি দায় এবং অ-চলতি দায়।



চিত্র 1.5 : দায়ের শ্রেণিবিভাগ

বাক্স - 5 (Box 5)

চলতি এবং অ-চলতি পদসমূহের মধ্যে পার্থক্য :

1. কার্যনির্বাহী চক্রে অন্তর্ভুক্ত চলতি সম্পত্তি বা দায়।
2. 12 মাসের মধ্যে সম্পত্তি বা দায়ের পরিশোধ / নিষ্পত্তি।
3. প্রাথমিকভাবে ব্যবসার জন্য চলতি পদসমূহ।
4. চলতি পদসমূহ হল নগদ বা নগদ সমতুল্য।

1.5.5 মূলধন (Capital)

মালিক কর্তৃক ফার্মে বিনিয়োগিত অর্থকে বলা হয় মূলধন। এটি নগদ অর্থ বা কোনো সম্পত্তির আকারে প্রতিষ্ঠানে বিনিয়োগ করা যেতে পারে। মূলধন হল প্রতিষ্ঠানের দায় এবং প্রতিষ্ঠানের সম্পত্তির উপর দাবি। তাই এটিকে প্রতিষ্ঠানের উদ্বর্তপত্রের দায়ের দিকে প্রদর্শন করা হয়।

1.5.6 বিক্রয় (Sales)

বিক্রয় বলতে বোঝায় ক্রেতার নিকট পণ্য বা সেবা বিক্রয় বা সরবরাহ করার মাধ্যমে মোট প্রাপ্তি বা আয়। বিক্রয় নগদে কিংবা ধারে উভয়ই হতে পারে।

1.5.7 প্রাপ্তি বা রাজস্ব (Revenues)

প্রতিষ্ঠানের পণ্য বিক্রয় বা সেবা প্রদানের মধ্যে মোট প্রাপ্ত অর্থের পরিমাণকে রাজস্ব বলা হয়। রাজস্বের অন্যান্য সাধারণ মাধ্যমগুলো হল— দস্তুরি (commission), সুদ (interest), লভ্যাংশ (dividends), ইজারা সত্ত্ব (royalties), ভাড়া প্রাপ্তি (rent received) প্রভৃতি। একে আয়ও (income) বলা হয়।

1.5.8 খরচসমূহ (Expenses)

রাজস্ব প্রাপ্তির জন্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যয়িত অর্থকে বলা হয় খরচ। একটি হিসাববছরে সম্পত্তির ভোগব্যয় বা সেবার ভোগব্যয় দ্বারা খরচসমূহকে পরিমাপ করা হয়। খরচের উদাহরণগুলো হল— অবচয়, ভাড়া, মজুরি, বেতন, সুদ, আলো, জল ও টেলিফোন সংক্রান্ত ব্যয় ইত্যাদি।

1.5.9 ব্যয় (Expenditure)

কোনো সুবিধা, সেবা বা সম্পত্তি প্রাপ্তির জন্য যে অর্থ খরচ করা হয়, তাকে বলা হয় ব্যয়। উদাহরণস্বরূপ— ভাড়া প্রদান, বেতন, পণ্য ক্রয়, যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয় ইত্যাদি। যদি কোনো ব্যয়ের সুবিধা এক বছরের মধ্যে শেষ হয়ে যায় তখন তাকে খরচ বা মুনাফা জাতীয় ব্যয় বলে। অন্যদিকে, যদি কোনো ব্যয়ের সুবিধা এক বছরের বেশি সময় ধরে ভোগ করা যায়, তখন তাকে বলা হয় সম্পত্তি বা মূলধনী ব্যয়। যেমন— যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয় প্রভৃতি।

1.5.10 মুনাফা (Profit)

একটি হিসাববছরে ব্যয়ের তুলনায় আয় অধিক হলে সেই অতিরিক্ত অর্থকে বলা হয় মুনাফা। মুনাফা মালিকের বিনিয়োগ বৃদ্ধি করে।

1.5.11 ক্ষতি (Loss)

একটি হিসাববছরে আয়ের তুলনায় ব্যয় বেশি হলে সেই ব্যবধানকে বলা হয় ক্ষতি। এটি মালিকের বিনিয়োগ হ্রাস করে। সাধারণত ক্ষতি বলতে বোঝায় কোনো সুবিধা প্রাপ্তি ছাড়াই অর্থ বা অর্থ মূল্যের ক্ষতি। যেমন— অগ্নিসংযোগ বা চুরির কারণে অর্থ বা পণ্যের ক্ষতি ইত্যাদি। স্থায়ী সম্পত্তির বিক্রয়জনিত ক্ষতিও এর অন্তর্ভুক্ত।

1.5.12 লাভ (Gain)

ব্যবসার আনুষ্ঠানিক ঘটনা বা লেনদেন থেকে উদ্ভূত মুনাফাকে বলা হয় লাভ। যেমন— স্থায়ী সম্পত্তি বিক্রয়, আদালতে মামলা জয়, সম্পত্তির মূল্য বৃদ্ধি ইত্যাদি।

1.5.13 ছাড় (Discount)

বিক্রয়যোগ্য পণ্যের বিক্রয়মূল্য হ্রাসকে বলা হয় ছাড়। দুইভাবে এটি প্রদান করা হয়। বিক্রয়ের সময় তালিকা মূল্যের উপর শতকরা হারে ছাড় প্রদান করা যায়। একে বলা হয় বাণিজ্য ছাড় (trade discount)। এটি সাধারণত উৎপাদক কর্তৃক পাইকার এবং পাইকার কর্তৃক খুচরা বিক্রেতাদের প্রদান করা হয়। পণ্য ধারে বিক্রয়ের ক্ষেত্রে দেনাদারকে ছাড় দেওয়া হয় যদি দেনাদার নির্দিষ্ট সময়ের মধ্যে বা আগে ধার পরিশোধ করে। এক্ষেত্রে ধার পরিশোধের সময় ছাড় দেওয়া হয়। তাই একে বলা হয় নগদ ছাড় বা নগদ বাট্টা। নগদ ছাড় দেনাদারকে দ্রুত দেনা পরিশোধ করতে উৎসাহিত করে।

1.5.14 প্রমাণক (Voucher)

কোনো লেনদেনের সপক্ষে প্রামাণ্য দলিলকে বলা হয় প্রমাণক। উদাহরণস্বরূপ, আমরা যদি নগদে পণ্য ক্রয় করি, আমরা ক্যাশ মেমো পাই। আবার ধারে পণ্য ক্রয় করলে আমরা পাই চালান বা invoice। আমরা যখন ব্যয় করি, তখন রসিদ বা receipt পাই।

1.5.15 পণ্য (Goods)

বাণিজ্যিক প্রতিষ্ঠান যে মালপত্র দ্বারা ব্যবসা কার্য করে তাদের বলা হয় পণ্য। অর্থাৎ যার দ্বারা প্রতিষ্ঠান ক্রয়-বিক্রয় বা উৎপাদন ও বিক্রয় কার্য সম্পাদন করে তাই হল পণ্য। ব্যবসার ব্যবহারের জন্য যে জিনিস ক্রয় করা হয় তাকে পণ্য বলা যায় না। যেমন— একজন আসবাবপত্র ব্যবসায়ীর জন্য চেয়ার, টেবিল ক্রয় করাকে পণ্য বলা যায় কিন্তু অন্যান্য ব্যবসায়ীর ক্ষেত্রে আসবাবপত্রকে সম্পত্তি হিসাবে গণ্য করা হয়। একই ভাবে, একজন স্টেশনারি ব্যবসায়ীর কাছে স্টেশনারি দ্রব্য হল পণ্য, আবার অন্যান্যদের কাছে এটি খরচ (ক্রয় নয়)।

1.5.16 উত্তোলন (Drawings)

ব্যবসা থেকে মালিক কর্তৃক নিজ ব্যবহারের জন্য অর্থ বা পণ্য তুলে নেওয়াকে বলা হয় উত্তোলন। এটি মালিকের বিনিয়োগ হ্রাস করে।

1.5.17 ক্রয় (Purchases)

ব্যবহার বা বিক্রয়ের জন্য প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত বিভিন্ন পণ্যের মোট মূল্যকে বলা হয় ক্রয়। এটি নগদ বা ধারে উভয়েই হতে পারে। ট্রেডিং ব্যবসার ক্ষেত্রে পণ্য ক্রয়ের পর প্রক্রিয়াকরণ করে বা প্রক্রিয়াকরণ ছাড়াই পণ্য পুনরায় বিক্রয় করা হয়। উৎপাদক প্রতিষ্ঠানে, কাঁচামাল ক্রয় করে তা প্রক্রিয়াকরণ করা হয় এবং সম্পূর্ণ পণ্যে পরিণত করে তা বিক্রয় করা হয়।

1.5.18 মজুত পণ্য (Stock)

বাণিজ্যিক প্রতিষ্ঠানের হাতে থাকা পণ্য, পণ্যের অংশ বা অন্যান্য জিনিসের পরিমাপকে বলা হয় মজুত বা stock। একে হাতে- মজুত বা *Stock in hand* ও বলা হয়। ব্যবসায়িক প্রতিষ্ঠানে হিসাব বছরের শেষে অবিক্রিত পণ্যের

মূল্যকে বলা হয় অন্তিম মজুত বা *closing stock*। উৎপাদনকারী প্রতিষ্ঠানে অন্তিম মজুত বলতে বোঝায় কাঁচামাল, অর্ধ-সম্পূর্ণ পণ্য এবং সম্পূর্ণ পণ্য যা হিসাব বছরের শেষদিনে বর্তমান থাকে। একইভাবে, প্রারম্ভিক মজুত বলতে বোঝায় হিসাব বছরের শুরুতে মজুত পণ্যের মূল্য বা দাম।

1.5.19 দেনাদার (Debtors)

ধারে পণ্য ক্রয় বা সেবা গ্রহণের জন্য প্রতিষ্ঠানের নিকট ঋণী বা দায়বদ্ধ ব্যক্তি বা সত্তাকে বলা হয় দেনাদার। এই দায়বদ্ধ ব্যক্তি বা সত্তাকে বলা হয় দেনাদার। এ দায়বদ্ধ ব্যক্তি বা সত্তার উপর মোট ঋণ বা দেনাকে হিসাবকালের শেষে বিবিধ দেনাদার হিসাবে উদ্ভবপত্রের সম্পত্তির দিকে দেখানো হয়।

1.5.20 পাওনাদার (Creditors)

প্রতিষ্ঠানকে ধারে পণ্য যোগান বা সেবা প্রদানের জন্য যে ব্যক্তি বা সত্তাকে প্রতিষ্ঠান কর্তৃক অর্থ প্রদান করতে হবে, তাকে বলা হয় পাওনাদার। এই ব্যক্তি বা সত্তার প্রাপ্য মোট অর্থকে হিসাবকালের শেষে উদ্ভবপত্রের দায়ের দিকে বিবিধ পাওনাদার হিসেবে দেখানো হয়।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা-V (Test Your Understanding - V)

মি. সানরাইজ প্রাথমিক বিনিয়োগ হিসেবে 5,00,000 টাকা দিয়ে স্টেশনারি ক্রয়-বিক্রয়ের ব্যবসা শুরু করেন। যার থেকে আসবাবপত্র বাবদ 1,00,000 টাকা, স্টেশনারি জিনিস ক্রয় বাবদ 2,00,000 টাকা খরচ করেন। তিনি বিক্রয়কর্মী ও করণিক নিযুক্ত করেন। মাসের শেষে তিনি তাদের বেতন বাবদ 5,000 টাকা প্রদান করেন। ক্রয় করা স্টেশনারি থেকে তিনি কিছু স্টেশনারি 1,50,000 টাকায় নগদে বিক্রয় করেন এবং অন্য কিছু স্টেশনারি মি. রবির কাছে ধারে 1,00,000 টাকায় বিক্রয় করেন। পরবর্তীতে তিনি মি. পিস্-এর কাছ থেকে 1,50,000 টাকার স্টেশনারি ক্রয় করেন। পরের মাসের প্রথম সপ্তাহে একটি অগ্নিসংযোগ ঘটে এবং তার 30,000 টাকার স্টেশনারি ক্ষতিগ্রস্ত হয়। যন্ত্রপাতির একটি অংশ যার মূল্য 40,000 টাকা, তা 45,000 টাকায় বিক্রয় করা হয়।

উপরের তথ্য থেকে নীচের প্রশ্নগুলোর উত্তর দাও :

1. মি. সানরাইজ কত টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করেছিল?
2. তিনি কী কী স্থায়ী সম্পত্তি ক্রয় করেন?
3. ক্রয় করা পণ্যের মোট মূল্য কত ছিল?
4. পাওনাদারকে এবং তাকে প্রদেয় অর্থের পরিমাণ কত?
5. খরচসমূহ কী ছিল?
6. তিনি কত টাকা লাভ করেন?
7. তার কত টাকা ক্ষতি হয়?
8. দেনাদার কে? তার কাছ থেকে প্রাপ্য অর্থের পরিমাণ কত?
9. মোট খরচ ও মোট ক্ষতির পরিমাণ কত?
10. নীচের কোনগুলো সম্পত্তি, দায়, রাজস্ব বা আয়, খরচ নির্ণয় কর— বিক্রয় (sales), দেনাদার (debtors), পাওনাদার (creditors), পরিচালকের বেতন (salary to manager), দেনাদারকে ছাড় (discount to debtors), মালিক কর্তৃক উত্তোলন (drawings by the owner)।

শিক্ষণীয় বিষয়ের উদ্দেশ্যসমূহ প্রসঙ্গে সারসংক্ষেপ (Summary with Reference to Learning Objectives)

1. হিসাবনিকাশকরণের অর্থ : হিসাবনিকাশকরণ একটি প্রক্রিয়া যা বিভিন্ন বাণিজ্যিক লেনদেনসমূহকে শনাক্তকরণ, পরিমাপন ও লিপিবদ্ধকরণ করে তা বিভিন্ন আগ্রহী ব্যবহারকারীগণকে সরবরাহ করে।
2. তথ্যের উৎস হিসাবে হিসাবনিকাশকরণ : তথ্যের উৎস হিসাবে হিসাবনিকাশকরণ বিভিন্ন আর্থিক ঘটনাসমূহকে শনাক্তকরণ, পরিমাপন, লিপিবদ্ধকরণ করে এবং বিভিন্ন ব্যবহারকারীকে হিসাবনিকাশকরণ তথ্য সরবরাহ করে থাকে।
3. হিসাবনিকাশকরণ তথ্যের ব্যবহারকারীগণ : প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন গোষ্ঠী যাদের প্রতিষ্ঠানের উপর সরাসরি আর্থিক স্বার্থ রয়েছে যেমন— বর্তমান ও সম্ভাব্য বিনিয়োগকারী, পাওনাদার এবং ব্যবস্থাপনার প্রতিটি ধাপে তথ্য সরবরাহ করে সমাজের প্রতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রতিষ্ঠানের উপর যাদের পরোক্ষ স্বার্থ রয়েছে যেমন— নিয়ন্ত্রণ সংস্থা, কর কর্তৃপক্ষ, ক্রেতা, শ্রমিক সংগঠন, মালিক সংগঠন, স্টক এক্সচেঞ্জ প্রভৃতির ক্ষেত্রেও হিসাবনিকাশকরণ তথ্য খুব গুরুত্বপূর্ণ।
4. হিসাবনিকাশকরণের গুণগত বৈশিষ্ট্য : হিসাবনিকাশকরণ তথ্যকে সিদ্ধান্ত গ্রহণের উপযোগী করে তোলার জন্য তথ্যাবলির নিম্নলিখিত গুণগত বৈশিষ্ট্যাবলি থাকা উচিত—
 - বিশ্বাসযোগ্যতা (Reliability)
 - বোধগম্যতা (Understandability)
 - প্রাসঙ্গিকতা (Relevance)
 - তুলনীয়তা (Comparability)
5. হিসাবনিকাশকরণের উদ্দেশ্যসমূহ : হিসাবনিকাশকরণের প্রাথমিক উদ্দেশ্যসমূহ হল—
 - ব্যবসার নথি সংরক্ষণ বা লিপিবদ্ধকরণ (maintain records of business) ;
 - লাভ বা ক্ষতি নির্ণয় (calculate profit or loss) ;
 - আর্থিক চিত্র প্রদর্শন (depict the financial position) ; এবং
 - বিভিন্ন ব্যবহারকারীর কাছে তথ্য সরবরাহকরণ (make information available to various groups and users) ।
6. হিসাবনিকাশকরণের ভূমিকা : হিসাবনিকাশকরণ নিজে প্রতিষ্ঠানের চরম ফল নয়। এটি ফলাফলের একটি মাধ্যম। এটি ভূমিকা পালন করে—
 - ব্যবসার ভাষা হিসেবে (Language of a business)
 - ঐতিহাসিক নথি হিসেবে (Historical record)
 - আর্থিক বাস্তব অস্তিত্ব হিসেবে (Current economic reality)
 - তথ্য পদ্ধতি হিসেবে (Information system)
 - ব্যবহারকারীদের সেবা প্রদানকারী হিসেবে (Service to users)

অনুশীলনীর প্রশ্নাবলি (Questions for Practice)

সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি (Short Answers)

1. হিসাবনিকাশকরণের সংজ্ঞা দাও।
2. হিসাবনিকাশকরণের চরম ফল (end result) বলতে কী বোঝ?
3. হিসাবনিকাশকরণের প্রধান উদ্দেশ্যসমূহ লেখো।
4. হিসাবনিকাশকরণ তথ্যের ব্যবহারকারী কারা?
5. দীর্ঘকালীন ঋণদাতাগণের প্রয়োজনীয় হিসাবনিকাশকরণ তথ্যের প্রকৃতি কীরূপ?
6. হিসাবনিকাশকরণ তথ্যের বাহ্যিক ব্যবহারকারীগণ বলতে কী বোঝ?
7. ব্যবস্থাপনায় তথ্যের প্রয়োজন সম্পর্কে যা জান লিখ?
8. রাজস্ব বা Revenue-এর তিনটি উদাহরণ দাও?
9. দেনাদার এবং পাওনাদার; মুনাফা এবং লাভ-এর মধ্যে পার্থক্য লেখো।

10. “হিসাবনিকাশকরণ তথ্য তুলনীয় হওয়া উচিত”— তুমি কি একমত? দুটি কারণ দর্শাও।
11. হিসাবনিকাশকরণ তথ্য যদি সঠিকভাবে উপস্থাপন করা না হয়, তাহলে হিসাবনিকাশকরণ তথ্যের কোন গুণগত বৈশিষ্ট্যটি লঙ্ঘিত হয়?
12. “সময়ের পরিবর্তনের সাথে সঙ্গতি রেখে হিসাবনিকাশকরণের ভূমিকাও পরিবর্তিত হয়েছে”— ব্যাখ্যা করো।
13. উদাহরণ সহযোগে নীচের হিসাবনিকাশকরণ সংক্রান্ত পরিভাষাসমূহের বর্ণনা দাও—
 - স্থায়ী সম্পত্তিসমূহ
 - রাজস্ব বা আয়
 - ব্যয়সমূহ
 - স্বল্পকালীন দায়
 - মূলধন
14. আয় (revenues) এবং ব্যয় (expenses) -এর সংজ্ঞা দাও।
15. বাণিজ্য বিভাগের ছাত্র/ছাত্রী এবং অন্যান্যদের কেন হিসাবনিকাশকরণ বিষয়ের সঙ্গে পরিচিত হওয়া দরকার?

রচনাধর্মী প্রশ্নাবলি (Long Answers)

1. হিসাবনিকাশকরণ বলতে কী বোঝ? এর উদ্দেশ্যসমূহ বর্ণনা করো।
2. সুসংহত হিসাবনিকাশকরণকে অপরিহার্য করে তোলার পেছনে দায়ী উপাদানগুলোর বর্ণনা দাও।
3. বাহ্যিক ব্যবহারকারীদের তথ্যের প্রয়োজনীয়তা সম্পর্কে লেখো।
4. সম্পত্তি বলতে কী বোঝ? বিভিন্ন প্রকার সম্পত্তি সম্পর্কে লেখো।
5. লাভ (gain) এবং মুনাফা (profit) সম্পর্কে যা জান লেখো? এদের মধ্যে পার্থক্য লেখো।
6. হিসাবনিকাশকরণ তথ্যের গুণগত বৈশিষ্ট্যসমূহ সম্পর্কে আলোচনা করো।
7. আধুনিক বিশ্বে হিসাবনিকাশকরণের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

তোমাদের বোধগম্যতা যাচাইয়ের তালিকা (Checklist to Test Your Understanding)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা – I (Test Your Understanding – I)

- (a) আর্থিক/অর্থনৈতিক (Economic Transactions)
- (b) ব্যবস্থাপনা/কর্মীগণ (Management/Employees)
- (c) পাওনাদার (Creditor)
- (d) সময়ের তফাত (Time-gap)
- (e) বাহ্যিক (External)
- (f) পক্ষপাতদূর্ঘটতা থেকে মুক্ত (Free from bias)
- (g) লেনদেন শনাক্তকরণ এবং তথ্য সরবরাহকরণ (Identifying the transactions and communicating information)
- (h) অর্থ বিষয়ক (Monetary)
- (i) সময়ানুক্রমিক (Chronological)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা – II (Test Your Understanding - II)

1. বিশ্বাসযোগ্যতা (Reliability) অর্থাৎ যাচাইযোগ্যতা (Verifiability), যথাযথতা (Faithfulness) ও নিরপেক্ষতা (Neutrality)।
2. প্রাসঙ্গিকতা (Relevance) অর্থাৎ যথাকালীনতা (Timeliness)
3. বোধগম্যতা এবং তুলনীয়তা (Understandability and Comparability)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা – III (Test Your Understanding - III)

- (a) সরকার ও অন্যান্য নিয়ন্ত্রক (Government and other regulators)
- (b) ব্যবস্থাপনা (Management)
- (c) সামাজিক দায়িত্বপালক গোষ্ঠী (Social responsibility groups)
- (d) ঋণদাতা (Lenders)
- (e) যোগানদার এবং পাওনাদার (Suppliers and Creditors)
- (f) ক্রেতা বা ভোক্তা (Customers)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা –IV (Test Your Understanding - IV)

1. (c)
2. (a)
3. (c)
4. (a)
5. (a)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা –V (Test Your Understanding - V)

- | | | |
|----------------------------|---------------------------|-----------------|
| 1. Rs. 5,00,000 | 2. Rs. 1,00,000, | 3. Rs. 2,00,000 |
| 4. Mr. Reace, Rs. 1,50,000 | 5. Rs. 5,000 | 6. Rs. 5,000 |
| 7. Rs. 30,000 | 8. Mr. Ravi, Rs. 1,00,000 | 9. Rs. 35,000 |
10. সম্পত্তি : দেনাদার, দায়, পাওনাদার, উত্তোলন, আয়, বিক্রয়, খরচ, ছাড়, বেতন

‘চলো করি’-র কিছু ইঙ্গিত বা সংকেত (Hints to ‘Let’s Do It’)

হিসাবরক্ষক এখন বিভিন্ন চমকপ্রদ বিকাশশীল ক্ষেত্রে কাজ করে যেমন— আদালত সম্বন্ধীয় হিসাবনিকাশকরণ, বাজেট হিসাবনিকাশকরণ, পরিব্যয় হিসাবনিকাশকরণ, পরিবেশ সংক্রান্ত হিসাবনিকাশকরণ, বৈদ্যুতিন বাণিজ্য এবং সরকারি ক্ষেত্রের বিভিন্ন সংস্থা প্রভৃতি। তথ্য প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে হিসাব রক্ষকের দক্ষতাও বৃদ্ধি পেয়েছে যার মধ্যে রয়েছে—

- কম্পিউটার প্রযুক্তি ও প্রক্রিয়া বিশ্লেষণে কর্মদক্ষতা বৃদ্ধি;
- সহায়ক কর্মক্ষমতা যেমন— প্ররোচনা (persuasion) ও যোগাযোগের কর্মদক্ষতা বৃদ্ধি;
- কৌশল (strategy) , ক্রিয়াপ্রণালী, মানবসম্পদ, বিপন্নন, অর্থ বিষয়ক এবং অর্থনৈতিক ক্ষেত্রে বাণিজ্য সংক্রান্ত জ্ঞান আহরণ করা;
- বিশ্লেষণাত্মক দক্ষতা বিকাশ;
- যে-কোনো ধরনের পরিবর্তন মেনে নেওয়া এবং ঝুঁকি গ্রহণের দক্ষতা বৃদ্ধি;
- ব্যবসায় এবং/অথবা সরকারি হিসাবরক্ষণের জন্য প্রশিক্ষণ নেওয়া;
- হিসাবরক্ষণ ও কর সংক্রান্ত বিষয়ে দক্ষতা বৃদ্ধি করা।

Activity : সঠিকটির পাশে টিক (✓) চিহ্ন দাও (Tick (✓) the appropriate one) :

Items	Current Assets	Non-Current Assets	Current Liabilities	Non-Current Liabilities
Machinery				
Sundry Creditors				
Cash at Bank				
Goodwill				
Bills Payable				
Land & Building				
Furniture				
Computer Software				
Motor Vehicles				
Inventory				
Investments				
Loan from Bank				
Sundry Debtors				
Patents				
Air-Conditioners				
Loose tools				

হিসাবনিকাশকরণের তাত্ত্বিক ভিত্তি (Theory Base of Accounting)

অধ্যায় 2

শিখন উদ্দেশ্যসমূহ

(Learning Objectives)

এই অধ্যায়টি পড়ার পর তোমরা জানবে :

- ◆ হিসাবনিকাশকরণের তাত্ত্বিক ভিত্তির প্রয়োজনীয়তা নির্দেশ করতে;
- ◆ সর্বজনীনভাবে স্বীকৃত হিসাবনিকাশকরণ নীতির (GAAP) প্রকৃতি বর্ণনা করতে;
- ◆ মূল হিসাবনিকাশকরণ ধারণাসমূহের অর্থ ও উদ্দেশ্য বর্ণনা করতে;
- ◆ ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টেন্টস অব ইন্ডিয়া কর্তৃক জারি করা হিসাবনিকাশকরণ স্ট্যান্ডার্ড সমূহের তালিকা প্রস্তুত করা;
- ◆ হিসাবনিকাশকরণের বর্ণনা করা এবং
- ◆ হিসাবনিকাশকরণের প্রক্রিয়া ভিত্তি সম্পর্কে আলোচনা করা।

পূর্বের অধ্যায়ের আলোচনা অনুসারে, হিসাবনিকাশকরণ হল লেনদেন ও ঘটনাসমূহের লিপিবদ্ধকরণ, শ্রেণিবদ্ধকরণ, সংক্ষিপ্তকরণ এবং এর ফলাফলের বিশ্লেষণ। এর উদ্দেশ্য হল বিভিন্ন ব্যবহারকারীগণকে যেমন- মালিক, পরিচালক, কর্মী, বিনিয়োগকারী, পাওনাদার, পণ্যের যোগানদার এবং কর কর্তৃপক্ষ প্রভৃতি তথ্য সরবরাহ করা এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা। উদাহরণস্বরূপ, একজন বিনিয়োগকারী একটি নির্দিষ্ট হিসাব বছরে প্রতিষ্ঠানের লাভ-ক্ষতির পরিমাণ জানতে আগ্রহী হতে পারে এবং এটিকে অন্যান্য অনুরূপ প্রতিষ্ঠানের সঙ্গে তুলনা করে। আবার ঋণদাতাগণ কোম্পানির লাভ-ক্ষতির পরিমাণ ছাড়াও প্রতিষ্ঠানের তারল্য বা তরল অবস্থা সম্পর্কে জানতে আগ্রহী হতে পারে। এইসব ব্যবহারকারীগণ যথাযথ, কার্যকর এবং নির্ভরযোগ্য তথ্যের জন্য হিসাবনিকাশকরণের উপর নির্ভরশীল।

অভ্যন্তরীণ ও বাহ্যিক ব্যবহারকারীগণের প্রতি অর্থবহ হতে হলে, হিসাবনিকাশকরণ তথ্যকে অবশ্যই নির্ভরযোগ্য এবং তুলনীয় হতে হবে। তথ্যের তুলনীয়তা বিভিন্ন ফার্মের মধ্যে তুলনা (*inter-firm comparison*) অর্থাৎ অন্যান্য ফার্মের তুলনায় একটি নির্দিষ্ট ফার্মের কাজের মূল্যায়ন এবং বিভিন্ন হিসাবকালের তুলনা (*inter-period comparison*) অর্থাৎ একটি নির্দিষ্ট ফার্মের বর্তমান হিসাববছরের কাজের সঙ্গে পূর্ববর্তী হিসাববছরের কাজের মূল্যায়ন উভয় ক্ষেত্রের প্রয়োজন। এটি তখনই সম্ভব হয় যখন সংগতিপূর্ণ হিসাবনিকাশকরণ নীতি ও পদ্ধতির উপর ভিত্তি করে আর্থিক বিবরণীর মাধ্যমে হিসাবনিকাশকরণ তথ্য সরবরাহ করা হয়। ঘটনার শনাক্তকরণ থেকে লেনদেন লিপিবদ্ধকরণ, তাদের পরিমাপকরণ, হিসাব বইতে জ্ঞাপন, হিসাবনিকাশকরণ সংক্রান্ত ফলাফলের সংক্ষিপ্তকরণ এবং এগুলো বিভিন্ন আগ্রহী ব্যবহারকারীগণের নিকট সরবরাহ করা পর্যন্ত সম্পূর্ণ হিসাবরক্ষণ পদ্ধতিতেই এই ধারাবাহিকতা বজায় রাখা প্রয়োজন। এর জন্য হিসাবনিকাশকরণের যথাযথ তাত্ত্বিক ভিত্তির প্রয়োজনীয়তা রয়েছে।

হিসাবনিকাশকরণ তত্ত্বের প্রয়োজনীয়তা অতিরিক্ত গুরুত্ব দিয়ে বলার কিছু নেই কারণ, একটি প্রগাঢ় তাত্ত্বিক ভিত্তি ছাড়া কোনো শিক্ষা সংক্রান্ত বিষয় বিকশিত হতে পারে না। হিসাবনিকাশকরণের তাত্ত্বিক ভিত্তি বলতে বিভিন্ন নীতি, ধারণা, বিধি ও নিয়মকে বোঝায় যা হিসাবরক্ষণ প্রক্রিয়ায় অভিন্নতা এবং সামঞ্জস্য বজায় রাখে এবং হিসাবনিকাশকরণ তথ্য ব্যবহারকারীদের কাছে এর উপযোগিতা বৃদ্ধি করে। এছাড়াও, আমাদের দেশে হিসাবরক্ষণ নীতির প্রমিতকরণের ক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থা হিসেবে পরিচিত, the Institute of Chartered Accountants of India, (ICAI) অনেকগুলো হিসাবরক্ষণ মানদণ্ড (Accounting Standards) জারি করেছে যা হিসাবনিকাশকরণ প্রক্রিয়ায় একরূপতা বা অভিন্নতা বজায় রাখার জন্য সর্বজনীনভাবে মানা হবে বলে আশা করা হয়। পরবর্তী বিভাগে এই সম্পর্কে আলোচনা করা হয়েছে।

2.1 সর্বজনীনভাবে স্বীকৃত হিসাবনিকাশকরণ নীতি সমূহ (Generally Accepted Accounting Principles)

হিসাবনিকাশকরণের ক্ষেত্রে একরূপতা ও ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে কিছু সর্বজনস্বীকৃত হিসাবরক্ষণ বিধি রচনা করা হয়েছে যা হিসাবনিকাশকরণ পেশার দ্বারা গ্রহণযোগ্যতা পেয়েছে। এই বিধিসমূহকে নীতি (principles), ধারণা (concepts), রীতি (conventions), মৌলিক শর্ত (postulates), অনুমান (assumptions), এবং পরিবর্তিত বা অভিযুক্ত নীতি (modifying principles) প্রভৃতি নামে অভিহিত করা হয়।

AICPA-এর সংজ্ঞা অনুসারে, নীতি হল “একটি সাধারণ বিধি বা নিয়ম যা কার্যপ্রণালী, কার্যনির্বাহের ভিত্তি বা প্রক্রিয়া হিসাবে গৃহীত হয়। ‘সর্বজন’ কথাটির অর্থ হল ‘সাধারণভাবে সবার দ্বারা’ অর্থাৎ কোনো ব্যক্তি, ঘটনা ও উপলক্ষের দ্বারা। তাই, সর্বজন স্বীকৃত বা সাধারণভাবে স্বীকৃত হিসাবনিকাশকরণ নীতি বলতে বোঝায়— কিছু বিধি বা নিয়ম যা আর্থিক বিবরণী প্রস্তুতি ও পরিবেশনে অভিন্নতা আনার লক্ষ্যে বাণিজ্যিক লেনদেন লিপিবদ্ধ ও উপস্থাপন করার জন্য গ্রহণ করা হয়েছে। উদাহরণস্বরূপ, একটি গুরুত্বপূর্ণ নিয়ম হল সমস্ত লেনদেন সমূহকে ঐতিহাসিক ব্যয়ের ভিত্তিতে লিপিবদ্ধ করতে হবে যা বিভিন্ন নথি যেমন অর্থ প্রদানের নগদ প্রাপ্তি রসিদ (cash receipt) -এর মাধ্যমে যাচাই করা হয়। এর ফলে হিসাব লিপিবদ্ধকরণ অনেক বস্তুনিষ্ঠ হয় এবং এই হিসাবনিকাশকরণ বিবরণী বিভিন্ন ব্যবহারকারীদের কাছে গ্রহণযোগ্য হয়।

পূর্ব অভিজ্ঞতা, ব্যবহার বা রীতি, ব্যক্তিগত বিবৃতি, পেশাগত সংস্থার বিবরণ এবং সরকারি প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণের উপর ভিত্তি করে দীর্ঘ সময় ধরে এই সর্বজনস্বীকৃত হিসাবনিকাশকরণ নীতির অভিব্যক্তি ঘটেছে এবং সাধারণভাবে প্রায় সমস্ত হিসাবরক্ষণ পেশাদারদের কাছে গ্রহণযোগ্য হয়েছে। তবে হিসাবনিকাশকরণের এই নীতিসমূহ প্রকৃতিগতভাবে স্থির নয়। এগুলো প্রতিনিয়ত আইনি, সামাজিক ও অর্থনৈতিক পরিবেশের পরিবর্তন এবং ব্যবহারকারীদের চাহিদার দ্বারা প্রভাবিত হয়।

এই নীতিগুলোকে ধারণা (concept) এবং প্রথা বা রীতিও (convention) বলা হয়। ধারণা বলতে হিসাবরক্ষণ প্রক্রিয়ার মৌলিক অনুমান সমূহকে বোঝায় এবং প্রথা বা রীতি বলতে হিসাবনিকাশকরণ বিবরণী প্রস্তুতির ক্ষেত্রে বিভিন্ন প্রচলিত রীতিনীতি ও ঐতিহ্যকে বোঝায়। কার্যক্ষেত্রে, একই বিধি বা নিয়মকে কোনো কোনো লেখক ধারণা হিসেবে, আবার কেউ মৌলিক শর্ত বা স্বীকার্য বিষয় (postulates) এবং কেউ প্রথা বা রীতি (conventions) হিসেবে বর্ণনা করেছেন। তাই কখনো কখনো এটি শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করে। এই পরিভাষাসমূহের

শব্দার্থের প্রতি গুরুত্ব না দিয়ে এই পরিভাষাসমূহের ব্যবহারের সাধ্যতার প্রতি গুরুত্ব দেওয়া উচিত। ব্যবহারের সাধ্যতার দৃষ্টিকোণ থেকে এটা লক্ষ করা যায় যে, বিভিন্ন পরিভাষা যেমন- নীতি, স্বীকার্য বিষয়, প্রথা, অভিশ্রুত নীতি, অনুমান প্রভৃতি বিনিময়ের ভিত্তিতে বা অদলবদল করে ব্যবহার করা যায় এবং এগুলোকে বর্তমান অধ্যায়ে মূল হিসাবনিকাশকরণ ধারণা (Basic Accounting Concepts) হিসেবে বর্ণনা করা হয়েছে।

2.2 মূল হিসাবনিকাশকরণ ধারণাসমূহ (Basic Accounting Concepts)

আর্থিক হিসাবনিকাশকরণের সাথে সংশ্লিষ্ট তত্ত্ব ও প্রক্রিয়ার মৌলিক নীতি ও অনুমানসমূহ এবং হিসাবনিকাশকরণ কার্যকলাপের বিস্তৃত কার্যপ্রণালী যা বিভিন্ন পেশাদারী হিসাবরক্ষণ সংস্থা দ্বারা রচিত হয়, তাদের বলা হয় মূল হিসাবনিকাশকরণ ধারণা (accounting profession)। গুরুত্বপূর্ণ হিসাবনিকাশকরণ ধারণাসমূহ নিম্নে তালিকাভুক্ত করা হল :

- বাণিজ্যিক সত্তা;
- অর্থের মাধ্যমে পরিমাপন;
- চলমান প্রতিষ্ঠান;
- হিসাবকাল;
- ব্যয়;
- দ্বৈতধারণা;
- আয় স্বীকৃতি (প্রাপ্তি);
- মিলকরণ;
- পূর্ণ প্রদর্শন;
- ধারাবাহিকতা;
- রক্ষণশীলতা (বিচক্ষণতা);
- বস্তুবাচকতা;
- বস্তুনিষ্ঠতা;

2.2.1 বাণিজ্যিক বা ব্যবসায়িক সত্তার ধারণা (Business Entity Concept)

ব্যবসায়িক সত্তার ধারণা বলতে বোঝায় যে, ব্যবসার মালিকের থেকে প্রতিষ্ঠানের একটি ভিন্ন ও স্বতন্ত্র সত্তা রয়েছে। এর অর্থ হল— হিসাবনিকাশকরণের উদ্দেশ্যে ব্যবসা প্রতিষ্ঠান এবং তার মালিক পৃথক সত্তা হিসাবে গণ্য হবে। এই ধারণার আলোকে বলা যায়, যখন কোনো ব্যক্তি কিছু অর্থ মূলধন হিসেবে ব্যবসায় লাগি করে, তখন তা প্রতিষ্ঠানের কাছে মালিকের প্রতি দায় বলে গণ্য হয়। এখানে একটি পৃথক সত্তা (মালিক) অন্য একটি স্বতন্ত্র সত্তাকে (ব্যবসায় প্রতিষ্ঠান) অর্থ দিচ্ছে বলে ধরা হয়। অনুরূপভাবে, যখন মালিক ব্যবসা থেকে কিছু অর্থ তুলে নেন তার ব্যক্তিগত খরচের জন্য (উত্তোলন), একে মালিকের মূলধনের হ্রাস বলে গণ্য করা হয় এবং এর ফলে ব্যবসার দায় হ্রাস পায়। ব্যবসায়িক প্রতিষ্ঠানের দৃষ্টিভঙ্গি থেকে হিসাব বইতে লেনদেন লিপিবদ্ধ করা হয়, মালিকের দৃষ্টিকোণ থেকে নয়। তাই ব্যবসার সম্পত্তি ও দায় লিপিবদ্ধ ও প্রতিবেদনের সময় মালিকের ব্যক্তিগত সম্পত্তি ও দায়কে বিবেচনা করা হয় না। অনুরূপভাবে, মালিকের ব্যক্তিগত লেনদেনসমূহ যদি ব্যবসা ক্ষেত্রে ব্যবসায়িক ভাঙারে অর্থের আস্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ না ঘটায় তাহলে তা ব্যবসার হিসাব বইতে অন্তর্ভুক্ত করা হয় না।

2.2.2 অর্থের মাধ্যমে পরিমাপকরণের ধারণা (Money Measurement Concept)

অর্থের মাধ্যমে পরিমাপকরণের ধারণার দ্বারা বলা হয় যে, প্রতিষ্ঠানের সেই সমস্ত লেনদেন ও ঘটনাসমূহ যেগুলো অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য যেমন- পণ্য বিক্রয় বা খরচ প্রদান বা আয় প্রাপ্তি ইত্যাদি হিসাব বইতে লিপিবদ্ধ করা হবে। যে সমস্ত লেনদেন ও ঘটনাসমূহ অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য নয় যেমন- পরিচালকের নিযুক্তি,

মানবিক সম্পদের সক্ষমতা বা প্রতিষ্ঠানের গবেষণামূলক বিভাগের সৃজনশীলতা বা মানুষের কাছে প্রতিষ্ঠানের ভাবমূর্তি প্রভৃতি প্রতিষ্ঠানের হিসাবনিকাশকরণ নথিতে স্থান পায় না।

এই ধারণার অপর একটি গুরুত্বপূর্ণ দিক হল লেনদেনের নথিসমূহ ভৌতিক এককের পরিবর্তে অর্থের এককে লিপিবদ্ধ করতে হবে। উদাহরণস্বরূপ, একটি নির্দিষ্ট দিনে একটি প্রতিষ্ঠানের 2 একর জমিতে একটি কারখানা, 10 ঘরের ইমারত, 30 টি কম্পিউটার, 30 টি অফিস চেয়ার ও টেবিল, 5 লক্ষ টাকার একটি ব্যাংক জমা, 20 টন কাঁচামাল এবং 100 কার্টন চূড়ান্ত পণ্য (finished goods) রয়েছে। এই সম্পত্তিগুলো বিভিন্ন এককে প্রকাশিত। ফলে ব্যবসার মোট মূল্য নির্ধারণের জন্য এই সম্পত্তিগুলোকে যোগ করে কোনো অর্থবহ তথ্য পাওয়া যাবে না। হিসাবনিকাশকরণের উদ্দেশ্যে এগুলোকে অর্থের মাপকাঠিতে— টাকা ও পয়সার আকারে প্রকাশ করা হয়েছে। এক্ষেত্রে কারখানার জমির মূল্য যদি 2 কোটি টাকা হয়, ইমারত 1 কোটি, কম্পিউটার 15 লক্ষ, অফিস চেয়ার ও টেবিল 2 লক্ষ, কাঁচামাল 33 লক্ষ এবং সম্পূর্ণ পণ্য 4 লক্ষ টাকা হয়, তাহলে প্রতিষ্ঠানের মোট সম্পত্তির মূল্য হবে 3 কোটি 59 লক্ষ টাকা। অনুরূপভাবে, সমস্ত লেনদেনসমূহকে সংঘটিত হওয়ার সময় টাকা এবং পয়সার অঙ্কে প্রকাশ করা হয়।

অর্থের মাধ্যমে পরিমাপকরণের ধারণাও সীমাবদ্ধতা রয়েছে। দামের পরিবর্তনের ফলে অর্থের মূল্যও বিভিন্ন হিসাব বছরে একইরকম থাকে না। দাম বৃদ্ধির ফলে টাকার মূল্য দশ বছর আগের তুলনায় বর্তমানে অনেক হ্রাস পেয়েছে। ফলে উদ্বর্তপত্রে আমরা যখন বিভিন্ন সম্পত্তি যোগ করি যেগুলো বিভিন্ন সময়কালে ক্রয় করা হয়েছে যেমন- ইমারত 1995 সালে 2 কোটি টাকায়, যন্ত্র 2005 সালে 1 কোটি টাকায় কেনা হয়, আমরা বস্তুতপক্ষে ভিন্নধর্মী মূল্য সমূহকে যোগ করে থাকি যা কখনোই একত্রীভূত করা যায় না। যেহেতু অর্থমূল্যের পরিবর্তন হিসাববইতে উপস্থাপিত হয় না, হিসাবনিকাশকরণ উপাত্ত প্রতিষ্ঠানের কার্যকলাপের সত্য ও ন্যায্য অবয়ব (true and fair view) প্রদর্শন করে না।

2.2.3 চলমান প্রতিষ্ঠানের ধারণা (Going Concern Concept)

চলমান প্রতিষ্ঠান (*going concern*) -এর ধারণার দ্বারা বলা হয়, ব্যবসায় প্রতিষ্ঠান দীর্ঘসময় পর্যন্ত কার্যকলাপের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখবে এবং সুদূর ভবিষ্যতে তা বন্ধ হবে না। এটি হিসাবনিকাশকরণের একটি গুরুত্বপূর্ণ অনুমান, কারণ এর ভিত্তিতেই উদ্বর্তপত্রে সম্পত্তির মূল্য প্রদর্শিত হয়।

অনেকগুলো সেবার সংমিশ্রণকে (*bundle of services*) সম্পত্তি বলা যায়। আমরা যখন কোনো সম্পত্তিক্রয় করি, যেমন, 50,000 টাকার একটি কম্পিউটার, আমরা বস্তুতপক্ষে কম্পিউটার সেবা ক্রয় করি যা আমরা এর জীবনকালে গ্রহণ করব। ফলে যে বছর এই সম্পত্তিক্রয় করা হয়েছে সেই বছরের আয়ের মধ্যে সম্পূর্ণ 50,000 টাকা ধার্য করা যুক্তিসঙ্গত হবে না। পরিবর্তে, এই সম্পত্তির মূল্যের যে অংশ ওই হিসাববছরে ব্যবহার বা ভোগ করা হয়েছে শুধুমাত্র সেই অংশটি ওই বছরের আয়ের ক্ষেত্রে ধার্য করা উচিত।

ব্যবসার চলমানতার ধারণার দ্বারা আমরা সম্পত্তির সেই অংশকে ওই বছরের আয়ের ক্ষেত্রে ধার্য করতে পারি যেই অংশটি ওই বছরে ব্যবহার বা ভোগ করা হয়েছে এবং বাকি অংশটি সম্পত্তির জীবনকালে পরবর্তী বছরগুলোর কাছে জের টেনে পাঠিয়ে দেওয়া হয়। ফলে আমরা প্রতিবছর লাভ-ক্ষতির হিসাব থেকে 5 বছরের জন্য 10,000 টাকা

করে ধার্য করতে পারি। যদি এই চলমানতার ধারণা না থাকে, এই সম্পূর্ণ ব্যয় (50,000 টাকা) যে বছরে সম্পত্তিটিক্রয় করা হয়েছে সেই বছরের আয় থেকে ধার্য করতে হবে।

2.2.4 হিসাবকালের ধারণা (Accounting Period Concept)

হিসাবকাল বলতে একটি নির্দিষ্ট সময়সীমাকে বোঝায় যার শেষে প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি এবং সম্পত্তি ও দায়ের অবস্থান জানার জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়। এই তথ্যসমূহ বিভিন্ন ব্যবহারকারীদের কাছে বিভিন্ন উদ্দেশ্যে নিয়মিত কাজে লাগে। কোনো প্রতিষ্ঠানই তার আর্থিক ফলাফল জানার জন্য দীর্ঘসময় অপেক্ষা করতে পারে না কারণ এই তথ্যগুলোর ভিত্তিতে প্রতিষ্ঠানকে নিয়মিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। তাই একটি নির্দিষ্ট সময় পর নিয়মিত আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়। সাধারণত এক বছর পর তা প্রস্তুত করা হয়, যাতে ব্যবহারকারীদের কাছে সময়োপযোগী তথ্য সহজলভ্য হয়। এই সময়কালকে বলা হয় হিসাবকাল বা হিসাববছর।

2013 সালে কোম্পানি আইন এবং আয়কর আইন অনুসারে বার্ষিক আয় বিবরণী প্রস্তুত বাধ্যতামূলক। তবে, কিছু ক্ষেত্রে, অন্তর্বর্তী আর্থিক বিবরণীর প্রয়োজনীয়তা দেখা দেয়। যেমন- অংশীদারের অবসর গ্রহণের সময় হিসাবকাল 12 মাস সময়কালের থেকে পৃথক হতে পারে। এছাড়াও, যেসব কোম্পানির শেয়ার বিভিন্ন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত আছে, তাদেরকে লাভজনকতা ও আর্থিক অবস্থা নির্ণয়ের জন্য ত্রৈমাসিক ফলাফল প্রকাশ করতে হয়।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা - I (Test Your Understanding - I)

সঠিক উত্তরটি বাছাই করো (Fill in the correct word:)

- একটি হিসাবনিকাশকরণ সত্তার জীবনকালে কোন্ ধারণাকে ভিত্তি করে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়—
 - রক্ষণশীলতা
 - মিলকরণ
 - হিসাবকাল
 - কোনোটিই নয়।
- যখন দুটো ভিন্ন প্রতিষ্ঠানের তথ্যাবলি একই উপায়ে প্রস্তুত ও পরিবেশন করা হয়, তখন সেই তথ্য কোন্ বৈশিষ্ট্যটিকে প্রদর্শন করে—
 - যাচাইকরণ
 - প্রাসঙ্গিকতা
 - নির্ভরযোগ্যতা
 - কোনোটিই নয়।
- যে ধারণার দ্বারা বলা হয় যে ব্যবসা প্রতিষ্ঠান সুদূর ভবিষ্যতে বিক্রয় বা বন্ধ হবে না তা হল— :
 - চলমান প্রতিষ্ঠান
 - অর্থনৈতিক সত্তা

- (c) অর্থ দ্বারা পরিমাপযোগ্যতা
 (d) কোনোটিই নয়।
4. হিসাবনিকাশকরণ তথ্যের প্রাথমিক গুণ বা বৈশিষ্ট্য যা তথ্যকে সিদ্ধান্ত গ্রহণের উপযোগী করে তোলে—
- (a) প্রাসঙ্গিকতা এবং নিরপেক্ষতা
 (b) নির্ভরযোগ্যতা এবং তুলনীয়তা
 (c) তুলনীয়তা এবং ধারাবাহিকতা
 (d) কোনোটিই নয়।

2.2.5 ব্যয়ের ধারণা (Cost Concept)

ব্যয়ের ধারণার মাধ্যমে বলা হয় যে, সমস্ত সম্পত্তি হিসাব বইতে তাদের ক্রয়মূল্যে লিপিবদ্ধ করা হবে যার মধ্যে রয়েছে সম্পত্তি অর্জনের ব্যয় (cost of acquisition), পরিবহণ ব্যয় (transportation), স্থাপন (installation) এবং একে ব্যবহারের উপযোগী করে তোলার খরচ। উদাহরণস্বরূপ বলা যায়, 2005 সালের জুন মাসে শিবা এন্টারপ্রাইজ 50 লাখ টাকা মূল্যের একটি যন্ত্র ক্রয় করে। শিবা এন্টারপ্রাইজ ডিটারজেন্ট পাউডার প্রস্তুতকারক সংস্থা। যন্ত্রটি কারখানায় নিয়ে আসার জন্য পরিবহণ ব্যয় হিসাবে 10,000 টাকা খরচ হয়েছে। এছাড়াও প্রতিস্থাপন ব্যয় 25,000 টাকা এবং যন্ত্রটির মেরামতির জন্য আরও 15,000 টাকা খরচ হয়েছে। যে অঙ্কে যন্ত্রটির মূল্য হিসাব বইতে লেখা হবে তা হল এইসব খরচ সমূহের যোগফল অর্থাৎ 50,50,000 টাকা।

ব্যয়ের ধারণা প্রকৃতিগতভাবে ঐতিহাসিক কারণ, এটি এমন এক ধারণা যা ইতোমধ্যে কোনো জিনিস অর্জনের সময় প্রদান করা হয়েছে এবং একে বছরের পর বছর পরিবর্তন করা যায় না। উদাহরণস্বরূপ, যদি একটি ইমারত (building) 2.5 কোটি টাকায় ক্রয় করা হয়, এর বাজারমূল্য পরিবর্তিত হলেও ক্রয়মূল্য আগামী সব হিসাবকালে একইরকম থাকবে। ঐতিহাসিক ব্যয়ের ধারণা গ্রহণ করলে হিসাবনিকাশকরণ নথি বস্তুনিষ্ঠ হয় কারণ কোনো জিনিস অর্জনের ব্যয় খুব সহজেই ক্রয় রসিদের সাহায্যে যাচাই করা যায়। অন্যদিকে বাজার মূল্য ভিত্তিক পদ্ধতি নির্ভরযোগ্য নয় কারণ, এক্ষেত্রে সম্পত্তির মূল্য ক্রমাগত পরিবর্তিত হয় যার ফলে এক বছরের তথ্যের সাথে অন্য একটি বছরের তথ্যের তুলনা করা যায় না।

যাই হোক, ঐতিহাসিক ব্যয় ধারণার একটি অন্যতম সীমাবদ্ধতা হল এটি ব্যবসার সত্য ও সঠিক মূল্য প্রকাশ করে না এবং এক্ষেত্রে প্রচ্ছন্ন মুনাফা থাকতে পারে। যখন দ্রব্যমূল্যের বৃদ্ধি ঘটে, বাজার মূল্য বা ব্যয় যার দ্বারা সম্পত্তি পুনঃস্থাপন করা হয় তা হিসাব বইতে সম্পত্তির যে মূল্য দেখানো হয় তার থেকে বেশি হয় এবং এর ফলেই প্রচ্ছন্ন মুনাফার সম্ভাবনা থাকে।

2.2.6 দ্বৈত ধারণা (Dual Aspect Concept)

দ্বৈত ধারণা হল হিসাবনিকাশকরণের মৌলিক ভিত্তি। এটি হিসাব বইতে লেনদেন লিপিবদ্ধ করার ভিত্তি প্রদান করে। এই ধারণার দ্বারা বলা হয় যে, প্রতিটি লেনদেনের দ্বৈত প্রভাব রয়েছে এবং তারজন্য দুই জায়গায় লিপিবদ্ধ করতে

হবে। অন্যভাবে বলা যায়, প্রতিটি লেনদেনের ক্ষেত্রে কমপক্ষে দুইটি হিসাব যুক্ত থাকে। এটি একটি উদাহরণের সাহায্যে বর্ণনা করা হল— রাম 50,00,000 টাকা লগ্নি করে একটি ব্যবসা শুরু করেছে। রাম যে টাকা লগ্নি করেছে তার জন্য ব্যবসার সম্পত্তি 50,00,000 টাকা বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, মালিকের ইকুইটি বা মূলধন একই পরিমাণ অর্থ দ্বারা বৃদ্ধি পাবে। এটা লক্ষ করা যেতে পারে যে, এই লেনদেনটির দ্বারা যে দুটো দিক প্রভাবিত হয়েছে তা হল নগদ হিসাব এবং মূলধন হিসাব।

আরেকটি উদাহরণ লক্ষ করা যাক, মনে করো একটি ফার্ম নগদে 10,00,000 টাকা মূল্যের একটি পণ্য ক্রয় করেছে। এটি একদিকে সম্পত্তি বৃদ্ধি করবে এবং অন্যদিকে অপর একটি সম্পত্তির (নগদ) হ্রাস ঘটাবে। অনুপূর্ণভাবে, যদি একটি ফার্ম 30,00,000 টাকা মূল্যের কলকজা ধারে কোনো নির্ভরযোগ্য প্রতিষ্ঠানের কাছ থেকে ক্রয় করে, তাহলে এটি প্রতিষ্ঠানের একটি সম্পত্তি (কলকজা) বৃদ্ধি করবে এবং অন্যদিকে একটি দায় ও (পাওনাদার) বৃদ্ধি করবে। এই দ্বৈত প্রভাব সব ধরনের বাণিজ্যিক লেনদেনের ক্ষেত্রেই ঘটে থাকে এবং একেই দ্বৈত ধারণার নীতি হিসেবে আখ্যায়িত করা হয়।

দ্বৈত ধারণার নীতিকে সাধারণভাবে মৌলিক হিসাব নিকাশকরণ সমীকরণের সাহায্যে প্রকাশ করা হয়—

$$\text{সম্পত্তি} = \text{দায়} + \text{মূলধন}$$

অন্যভাবে বলা যায়, ব্যবসার সম্পত্তি সর্বদা ব্যবসা প্রতিষ্ঠানের নিকট মালিক ও অন্যান্য বাহ্যিক ব্যক্তিবর্গের দাবির (claims) সমান। এই দাবি যা মালিকের ইকুইটি হিসেবে পরিচিত তাকে বলা হল মূলধন (Capital) এবং বাহ্যিক ব্যক্তিবর্গের দাবিকে পাওনাদারগণের ইকুইটি বা দায় বলা হয়। প্রতিটি লেনদেনের দ্বৈত প্রভাব এমনভাবে ঘটে যে, সমীকরণের উভয়দিকের সমতা বজায় থাকে।

ব্যবসার হিসাব বইতে সমস্ত লেনদেনের দ্বৈত প্রভাব যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। বস্তুতপক্ষে, এই ধারণাটি দ্বি-তরফা দাখিলা পদ্ধতির মূল ভিত্তি, যা তৃতীয় অধ্যায়ে বিশদে আলোচিত হয়েছে।

2.2.7 আয়ের স্বীকৃতির (প্রাপ্তি) ধারণা (Revenue Recognition (Realisation) Concept)

আয়ের স্বীকৃতির ধারণার দ্বারা বলা হয় যে, একটি প্রতিষ্ঠানের আয় তখনই হিসাবের অন্তর্ভুক্ত হবে যখন তার প্রাপ্তি ঘটে বা প্রাপ্য হয়। এক্ষেত্রে দুটো প্রশ্ন মাথায় আসে। প্রথমত, আয় কাকে বলা হয় এবং দ্বিতীয়ত, কখন আয় প্রাপ্য হয়। প্রথমটি আগে নেওয়া যাক। আয় বলতে—

(i) পণ্য বা সেবা বিক্রয় (the sale of goods and services by an enterprise) ; এবং (ii) প্রতিষ্ঠানের সম্পত্তি অন্যের দ্বারা ব্যবহারের ফলে উদ্ভূত সুদ, রয়্যালিটি বা রাজস্ব এবং লভ্যাংশ থেকে প্রাপ্য নগদের মোট আন্তঃপ্রবাহকে বোঝায় (use by others of the enterprise's resources yielding interest, royalties and dividends)। দ্বিতীয়ত, আয় তখনই প্রাপ্য হয় যখন এর প্রাপ্তির ক্ষেত্রে আইনগত অধিকার জন্মায়, অর্থাৎ যে সময়কালে পণ্য বিক্রয় করা হয় এবং সেবা প্রদান করা হয়। সুতরাং যে দিনে ধারে বিক্রয় সংঘটিত হয় সেদিনই ধারে বিক্রয়কে আয় বলে গণ্য করা হয়, যেদিন ক্রেতার কাছ থেকে অর্থ প্রাপ্তি ঘটেছে সেদিন নয়। সময়ের ভিত্তিতে বিভিন্ন আয় যেমন— খাজনা, দস্তুরি, সুদ ইত্যাদি স্বীকৃত হয়। উদাহরণস্বরূপ, 2005 সালের মার্চ মাসের খাজনা 2005 সালের এপ্রিল মাসে গ্রহণ

করা হলেও 2005 সালের 31 মার্চ-এর শেষে প্রস্তুত করা লাভ-ক্ষতির হিসাবের মধ্যে তা অন্তর্ভুক্ত করতে হবে, 2005 সালের এপ্রিল মাসের শুরুতে তা অন্তর্ভুক্ত হবে না। অনুরূপভাবে, 2005 সালের এপ্রিল মাসের সুদ যদি 2005 সালের মার্চ মাসে অগ্রিম গ্রহণ করা হয়ে থাকে, তাহলেও এটি 2006 সালের মার্চ মাসের শেষে লাভ-ক্ষতির বিবরণীতে অন্তর্ভুক্ত করা হবে।

আয়ের স্বীকৃতি ধারণার কিছু কিছু ব্যতিক্রমও লক্ষ করা যায়। চুক্তির ক্ষেত্রে যেমন- নির্মাণ কাজ, যার জন্য অনেক সময়ের প্রয়োজন, যেমন- 2-3 বছর এক্ষেত্রে হিসাবকালের শেষে চুক্তির সমাপ্ত অংশের ভিত্তিতে আনুপাতিক আয়কে প্রাপ্য আয় বলে ধরা হয়। অনুরূপভাবে, ভাড়া ক্রয় (hire purchase) -এর ক্ষেত্রে যখন পণ্য বিক্রয় করা হয়, বিভিন্ন কিস্তিতে আদায়কৃত অর্থকে প্রাপ্য বা প্রাপ্তি হিসাবে গণ্য করা হয়।

2.2.8 মিলকরণ ধারণা (Matching Concept)

কোনো একটি নির্দিষ্ট হিসাববছরে লাভ বা ক্ষতি নির্ণয়ের প্রক্রিয়ায় ওই বছরের আয় থেকে সংশ্লিষ্ট খরচসমূহ বাদ দিতে হয়। মিলকরণের ধারণা এই দিকটির প্রতিই গুরুত্ব আরোপ করে। এর দ্বারা বলা হয় যে, কোনো একটি নির্দিষ্ট হিসাববছরের খরচ সমূহকে সেই বছরের আয়ের সাথে মিলকরণ করতে হবে। এক্ষেত্রে বলা হয় যে, আয় এবং ব্যয় একই সময়কালের সাথে সংশ্লিষ্ট হতে হবে।

আগেই বলা হয়েছে যে, নগদ প্রাপ্তি না হলেও যখন বিক্রয় সংঘটিত হয় বা সেবা প্রদান করা হয় তখনই আয় স্বীকৃত হয়। অনুরূপভাবে, নগদ প্রদান না হলেও যখন একটি সম্পত্তি বা সেবা আয় সৃষ্টির জন্য ব্যবহার করা হয়, তখনই খরচ বা ব্যয় স্বীকৃত হয়। উদাহরণস্বরূপ, বিভিন্ন ধরনের খরচ যেমন— বেতন, খাজনা, বিমা, সংশ্লিষ্ট হিসাবকালের ভিত্তিতে স্বীকৃত হয়, কখন প্রদান করা হয়েছে তার ভিত্তিতে নয়। অনুরূপভাবে, স্থায়ী সম্পত্তির অবচয় ব্যয়কে যে হিসাবকাল ধরে সম্পত্তিটি ব্যয় করা হয় সেই হিসেবে বিভিন্ন হিসাবকালে বিভক্ত করা হয়।

চলো আমরা দেখি, কীভাবে কোনো পণ্যের ব্যয়কে তার বিক্রয় আয়ের সাথে মিলকরণ করা হয়। একটি হিসাব বছরের লাভ-ক্ষতির নির্ণয়ের সময়, ঐ হিসাবকালে প্রস্তুত করা বা ক্রয় করা সমস্ত পণ্যের ব্যয়কে বিবেচনা করা উচিত নয় বরং আমাদের ওই হিসাব বছরে সমস্ত বিক্রিত পণ্যের ব্যয়কে বিবেচনা করা উচিত। এই উদ্দেশ্যে, উৎপাদিত বা ক্রয় করা পণ্যের ব্যয় থেকে অবিক্রিত পণ্যের ব্যয়কে বাদ দিতে হবে। আর্থিক বিবরণী বিষয়ক অধ্যায়ে এই সম্পর্কে তোমরা বিশদে জানবে।

সুতরাং, মিলকরণ ধারণার মাধ্যমে সূচিত হয় যে, একটি হিসাব বছরের সমস্ত আয়, এই হিসাবকালে প্রাপ্য বা প্রাপ্য নয়, এবং সমস্ত ব্যয়, এই হিসাবকালে প্রদেয় বা প্রদেয় নয়; এই হিসাবকালের লাভ-ক্ষতি নির্ণয়ের ক্ষেত্রে এই বিষয়টি বিবেচনা করতে হবে।

2.2.9 পূর্ণ প্রদর্শনের ধারণা (Full Disclosure Concept)

আর্থিক বিবরণীর মাধ্যমে প্রকাশিত তথ্যাবলি বিভিন্ন ব্যবহারকারীদের যেমন- বিনিয়োগকারী, ঋণদাতা, জোগানদার ও অন্যান্যদের আর্থিক সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। কোম্পানি সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোম্পানির মালিক ও

পরিচালকগণের মধ্যে পৃথকীকরণ করা হয়। আর্থিক বিবরণী হল আগ্রহী ব্যবহারকারীদের কাছে আর্থিক তথ্য প্রকাশের প্রধান মাধ্যম। আর্থিক বিবরণী ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণের উপযোগী সমস্ত সঠিক ও যথাযথ তথ্য প্রকাশ করে।

পূর্ণ প্রদর্শনের ধারণায় বলা হয় যে, প্রতিষ্ঠান সম্পর্কিত সমস্ত গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক তথ্য সঠিক ও সম্পূর্ণভাবে আর্থিক বিবরণীতে এবং পাদটীকা (footnote) হিসাবে প্রকাশ করতে হবে। এর ফলে ব্যবহারকারীরা প্রতিষ্ঠানের লাভজনকতা ও আর্থিক স্বাস্থ্য সম্পর্কে সঠিক অনুমান করতে পারে এবং সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে সক্ষম হয়।

গুরুত্বপূর্ণ হিসাবনিকাশকরণ তথ্য যথাযথভাবে প্রদর্শনের জন্য 1956 সালের ভারতীয় কোম্পানি আইন কোম্পানির লাভ-ক্ষতির হিসাব এবং উদ্বর্তপত্রের জন্য বিন্যাস রচনা করে দিয়েছে যা বিবরণী প্রস্তুতির ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে ব্যবহার করতে হবে। বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা যেমন— সেবি (SEBI), কোম্পানির লাভজনকতা ও কার্যকলাপের সত্য ও ন্যায্য তথ্য প্রকাশের জন্য সম্পূর্ণ তথ্য পরিবেশন বাধ্যতামূলক করেছে।

2.2.10 ধারাবাহিকতার ধারণা (Consistency Concept)

আর্থিক বিবরণীর মাধ্যমে প্রকাশিত ও পরিবেশিত হিসাবনিকাশকরণ তথ্যাবলি তখনই সিদ্ধান্ত গ্রহণের উপযোগী হবে যখন এই তথ্যাবলি দিয়ে নিজের প্রতিষ্ঠানের বিভিন্ন বছরের বা অন্যান্য প্রতিষ্ঠানের কার্যকলাপের ফলাফলের সঙ্গে এই প্রতিষ্ঠানের কাজের ফলাফলের তুলনা করা যাবে। অতএব, বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে এবং একই প্রতিষ্ঠানের বিভিন্ন হিসাবকালের মধ্যে তুলনা করার সক্ষমতা থাকতে হবে। এটি তখনই সম্ভব হবে যখন হিসাবনিকাশকরণ নীতি এবং প্রক্রিয়ায় অভিন্নতা এবং ধারাবাহিকতা বজায় থাকে।

যেমন- একজন বিনিয়োগকারী একটি প্রতিষ্ঠানের বর্তমান বছরের আর্থিক ফলাফলের সাথে এর পূর্ববর্তী বছরের ফলাফলের তুলনা করতে চাইছে। তিনি বর্তমান বছরের নেট লাভের সাথে পূর্ববর্তী বছরের নেট লাভের তুলনা করতে পারেন। কিন্তু এই দুই বছরে গৃহীত হিসাবনিকাশকরণ নীতি (যেমন- অবচয়ের পদ্ধতি) পৃথক হয়, লাভের অঙ্ক তুলনায়োগ্য হবে না। কারণ, পূর্ববর্তী দুই বছরে মজুত পণ্য মূল্যায়নের গৃহীত পদ্ধতির মধ্যে ধারাবাহিকতা নেই। দুটি হিসাবকালের আর্থিক ফলাফলের মধ্যে তুলনীয়তার বৈশিষ্ট্য বজায় রাখার জন্য ধারাবাহিকতার নীতি অনুসরণ করতে হবে। ধারাবাহিকতার ধারণা ব্যক্তিগত পক্ষপাতিত্ব দূর করে এবং তুলনীয় ফলাফল অর্জনের সাহায্য করে।

আর্থিক বিবরণী প্রস্তুতিতে একই পদ্ধতি ও নীতি অনুসরণ করলে বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক ফলাফলের মধ্যে তুলনা করা সম্ভব হয়।

যাই হোক, ধারাবাহিকতার ধারণায় ব্যাখ্যা করা নেই যে হিসাবনিকাশকরণ নীতি পরিবর্তন করা যাবে না। বিশেষ কোনো পরিবর্তন হলে তা অবশ্যই প্রতিষ্ঠানের ফলাফলের উপর কী প্রভাব পড়েছে তা উল্লেখ করে বিবরণীতে প্রদর্শন করতে হবে।

2.2.11 রক্ষণশীলতার নীতি (Conservatism Concept)

হিসাব বইকে লেনদেন লিপিবদ্ধকরণের ক্ষেত্রে এই রক্ষণশীলতার ধারণা পথ প্রদর্শন করে এবং এটি 'সাবধানে বা নিরাপদে খেলা'-র নীতির উপর প্রতিষ্ঠিত। এই ধারণার দ্বারা বলা হয় যে, আয় নির্ধারণের ক্ষেত্রে একটি সচেতন

প্রক্রিয়া গ্রহণ করতে হবে যাতে প্রতিষ্ঠানের লাভ বা মুনাফার অধিক মূল্যায়ন না হয়। যদি নির্ণেয় মুনাফা বাস্তব মুনাফার থেকে বেশি হয় তবে, মূলধন থেকে লভ্যাংশ বণ্টন করতে হয়, যার ফলে প্রতিষ্ঠানের মূলধন হ্রাস পায়।

এই ধারণার মাধ্যমে আরও বলা হয় যে, যতক্ষণ না পর্যন্ত লাভের প্রাপ্তি ঘটছে তা নথিবদ্ধ করা যাবে না কিন্তু সমস্ত সম্ভাব্য ক্ষতি হিসাব বইতে লিপিবদ্ধ করতে হবে। যেমন—ক্রয়মূল্য বা বাজারমূল্যের যা কম তা দিয়ে মজুত পণ্যের মূল্য নির্ধারণ, সন্দেহসূচক ঋণের জন্য সঞ্চিত, দেনাদারের বাড়ার উপর সঞ্চিত, বিভিন্ন অলীক সম্পত্তি যেমন—সুনাম, পেটেন্ট প্রভৃতির অবলোপন ইত্যাদি এই নীতির ব্যবহারের কিছু উদাহরণ।

যদি ক্রয় করা পণ্যের বাজার মূল্য হ্রাস পায়, মজুত পণ্য ক্রয়মূল্যে নথিবদ্ধ হবে কিন্তু যদি বাজার মূল্য বৃদ্ধি পায়, মজুত পণ্য বিক্রয় না করা পর্যন্ত মুনাফা লিপিবদ্ধ করা যাবে না। ক্ষতির জন্য সংস্থান করা এবং মুনাফার প্রাপ্তি না হওয়া পর্যন্ত তাকে বিবেচনা না করার এই দৃষ্টিভঙ্গিকে বলা হয় রক্ষণশীলতার ধারণা। এটি হিসাবরক্ষকের নেতিবাচক চিন্তাধারাকে প্রকাশ করে কিন্তু অনিশ্চয়তা এবং প্রতিষ্ঠানের সম্পত্তির অনাবশ্যক বণ্টনের ক্ষেত্রে পাওনাদারের স্বার্থ সুরক্ষার ক্ষেত্রে এটি ভীষণ গুরুত্বপূর্ণ। যাই হোক, সম্পত্তির অবমূল্যায়নের ইচ্ছাকৃত প্রয়াসকে উৎসাহ দেওয়া উচিত নয় কারণ এর ফলে প্রচ্ছন্ন মুনাফা দেখা দেয় যা গুপ্ত সঞ্চিত (*secret reserves*) নামে পরিচিত।

2.2.12 বস্তুবাচকতার ধারণা (Materiality Concept)

বস্তুবাচকতার ধারণায় বলা হয় যে, হিসাবনিকাশকরণকে বিভিন্ন গুরুত্বপূর্ণ জিনিসের প্রতি গুরুত্ব দিতে হবে। আয় নির্ণয়ের ক্ষেত্রে কম গুরুত্বপূর্ণ বিষয়ের লিপিবদ্ধকরণে ও পরিবেশনে প্রচেষ্টার অপচয় করা উচিত নয়। এখানে একটি প্রশ্ন আসে তা হল বস্তু, জিনিস বা কাজ বলতে কি বোঝানো হয়। কোনো জিনিসের বা কাজের বস্তুবাচকতা এর প্রকৃতি এবং এর সঙ্গে সংশ্লিষ্ট অর্থমূল্যের উপর নির্ভর করে। যে কোনো জিনিসকে বস্তুবাচক বলে গণ্য করা হবে যদি এটা বিশ্বসংযোগ্য হয় যে এর জ্ঞান ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণের উপযোগী হবে। যেমন—একটি থিয়েটারের অতিরিক্ত সক্ষমতা বৃদ্ধির জন্য অর্থ ব্যয় করা হলে তা বস্তুবাচক ঘটনা হতে পারে কারণ এটি প্রতিষ্ঠানের ভবিষ্যতের রোজগারের বা অর্থ প্রাপ্তির ক্ষমতা বৃদ্ধি করেছে। অনুরূপভাবে, অবচয়ের পদ্ধতির কোনো পরিবর্তন হলে তার তথ্য বা সম্ভাব্য কোনো দায়ের তথ্য গুরুত্বপূর্ণ ও বস্তুবাচক হতে পারে। সমস্ত বস্তুবাচক তথ্যাবলিকে হিসাবনিকাশকরণ বিবরণীর মাধ্যমে পরিবেশন করতে হবে এবং সঙ্গে পাদটীকা দিতে হবে যাতে এই তথ্যাবলি ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণের উপযোগী হয়। কিছু কিছু ক্ষেত্রে যখন অর্থমূল্য খুব ছোটো হয়, হিসাবরক্ষণ নীতির কঠোর অনুসরণ বাধ্যতামূলক নয়। যেমন—রবার, পেন্সিল, স্কেল প্রভৃতির মজুত সম্পত্তি হিসাবে দেখানো হয় না, যে দামে এইগুলো কেনা হয় তা ঐ হিসাবকালের খরচ হিসাবে দেখানো হয়, ভোগ করা হয়েছে কি না তা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ নয়। এক্ষেত্রে ব্যয়িত অর্থ মুনাফা জাতীয় খরচ হিসাবে ধরা হয় যে বছরে তা ব্যয় করা হয় সেই বছরের লাভ-ক্ষতির হিসাবে তা দেখানো হয়।

2.2.13 বস্তুনিষ্ঠতার ধারণা (Objectivity Concept)

বস্তুনিষ্ঠতার ধারণায় বলা হয়েছে যে, হিসাবনিকাশকরণ লেনদেনসমূহ বস্তুনিষ্ঠ ভাবে লিপিবদ্ধ করতে হবে যা হিসাবরক্ষক ও অন্যান্যদের দ্বারা পক্ষপাতদুষ্ট হবে না। এটি তখনই সম্ভব যখন প্রতিটি লেনদেনকে প্রামাণ্য দলিল দ্বারা যাচাই করা হয়। যেমন—অর্থ প্রদানের নগদ প্রাপ্তি রসিদ দ্বারা পণ্য ক্রয়ের লেনদেন যাচাই করা যায়, যদি তা নগদে সংঘটিত হয়। আবার ধারে ক্রয়ের ক্ষেত্রে চালান বিলির দলিল দ্বারা তা যাচাই করা যেতে পারে। অনুরূপভাবে, কলকজা ক্রয়ের ক্ষেত্রে

অর্থ প্রদানের প্রাপ্তি রসিদ কলকজার (machine) ব্যয় যাচাইকরণের জন্য এক প্রামাণ্য দলিল এবং এটি লেনদেন যাচাই করার জন্য বস্তুনিষ্ঠ ভিত্তি প্রদান করে থাকে।

হিসাবনিকাশকরণের ক্ষেত্রে লেনদেন লিপিবদ্ধকরণের ক্ষেত্রে 'ঐতিহাসিক ব্যয়ের' ধারণা গ্রহণ করার ক্ষেত্রে মুখ্য কারণ হল এর ফলে বস্তুনিষ্ঠতার ধারণা যথাযথ ভাবে পালিত হয়। একটি সম্পত্তির জন্য ব্যয়িত অর্থ প্রামাণ্য দলিলের সাহায্যে যাচাই করা যায় কিন্তু ওই সম্পত্তি বিক্রয় না করা পর্যন্ত এর বাজারমূল্য নির্ধারণ করা খুব কঠিন। শুধু তাই নয়, বাজারমূল্য বিভিন্ন ব্যক্তির কাছেও স্থানভেদে পৃথক হয়ে থাকে এবং ফলস্বরূপ, যদি এই মূল্য হিসাবনিকাশকরণের ক্ষেত্রে গ্রহণ করা হয়, তবে বস্তুনিষ্ঠতার বৈশিষ্ট্য বজায় থাকবে না।

তোমাদের বোধগম্যতার পরীক্ষা - II (Test Your Understanding - II)

সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ করো (Fill in the correct word):

- একই হিসাববছরের আয়ের সাথে সংশ্লিষ্ট খরচ বা ব্যয়ের স্বীকৃতিকে _____ ধারণা বলে।
- সম্পত্তি এবং আয়ের অবমূল্যায়ন এবং দায় এবং খরচের অতি মূল্যায়নের ক্ষেত্রে হিসাবরক্ষকের এই প্রবণতাকে যে ধারণার দ্বারা ব্যাখ্যা করা হয় তাকে _____ বলে।
- যে ধারণার মাধ্যমে বলা হয় যে, যখন বিক্রয় সংঘটিত হয় তখনই আয় স্বীকৃত হয়, তাকে বলা হয় _____।
- _____ ধারণার দ্বারা বলা হয় যে, একই হিসাবনিকাশকরণ পদ্ধতি বিভিন্ন হিসাব বছরে ব্যবহার করা উচিত।
- _____ ধারণার মাধ্যমে বলা হয়, হিসাবনিকাশকরণ লেনদেন হিসাবরক্ষক এবং অন্যান্যদের পক্ষপাত মুক্ত হবে।

2.3 হিসাবনিকাশকরণের পদ্ধতি (Systems of Accounting)

হিসাবের বইতে লেনদেন লিপিবদ্ধ করার সাধারণত দুটি পদ্ধতি রয়েছে—দ্বি-তরফা দাখিলা পদ্ধতি এবং একতরফা দাখিলা পদ্ধতি। দ্বি-তরফা দাখিলা পদ্ধতি দ্বৈত ধারণার (Dual Aspect Concept) উপর ভিত্তি করে রচিত যার দ্বারা বলা হয় যে, প্রতিটি লেনদেনের দুটি দিক রয়েছে— সুবিধা গ্রহণ এবং সুবিধা প্রদান। ফলে প্রতিটি লেনদেনের ক্ষেত্রে দুটি বা তার বেশি হিসাব (account) যুক্ত থাকে এবং খতিয়ানের বিভিন্ন জায়গায় সেগুলো লিপিবদ্ধ করা হয়। এক্ষেত্রে মূলনীতি হল— প্রতিটি ডেবিটের একটি অনুরূপ ক্রেডিট থাকবে। ফলে একটি হিসাবকে ডেবিট করা হয় এবং অন্যটিকে ক্রেডিট করা হয়।

দ্বি-তরফা দাখিলা পদ্ধতি একটি সম্পূর্ণ পদ্ধতি কারণ এক্ষেত্রে হিসাবের উভয় দিকই হিসাব বইতে লিপিবদ্ধ করা হয়। যেহেতু প্রতারণা ও আত্মসাৎ-এর সম্ভাবনা হ্রাস পায়, এই পদ্ধতি অনেক বেশি যুক্তিযুক্ত ও বিশ্বাসযোগ্য। রেওয়ামিল (trial balance) প্রস্তুত করে হিসাবের গাণিতিক ভুল সংশোধন করা যায় অনেকাংশেই। বৃহৎ এবং ক্ষুদ্র সব ধরনের প্রতিষ্ঠানেই এই পদ্ধতি ব্যবহার করা যায়।

হিসাব বইতে লেনদেন লিপিবদ্ধ করার ক্ষেত্রে একতরফা দাখিলা পদ্ধতিকে সম্পূর্ণ (complete) পদ্ধতি হিসেবে গণ্য করা হয় না। এই পদ্ধতিতে দুটি দিক নথিবদ্ধ করা হয় না। সব ধরনের হিসাব রাখার পরিবর্তে, এই পদ্ধতিতে শুধুমাত্র ব্যক্তিক হিসাব (personal account) এবং নগদান বই (cash book)-এর সংস্থান রাখা হয়। বস্তুতপক্ষে, এটি কোনো পদ্ধতি নয়, বরং এটি প্রক্রিয়াবিহীন পদ্ধতি কারণ, লেনদেন নথিবদ্ধকরণের ক্ষেত্রে এক্ষেত্রে কোনো একরূপতা নেই। কিছু লেনদেনের ক্ষেত্রে, লেনদেনের একটি দিক লিপিবদ্ধ করা হয়; আবার অন্যগুলোর ক্ষেত্রে উভয় দিকই লিপিবদ্ধ করা হয়। এই পদ্ধতিতে রক্ষিত হিসাব অসম্পূর্ণ ও অবৈজ্ঞানিক এবং সেজন্য নির্ভরযোগ্য নয়। যাই হোক, যেহেতু এই পদ্ধতি খুবই সরল ও নমনীয়, তাই ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান এই পদ্ধতি ব্যবহার করে থাকে (এই পদ্ধতিগুলো সম্পর্কে তোমরা এই বইয়ের শেষদিকে বিশদে পড়বে)।

2.4 হিসাবনিকাশকরণের ভিত্তি (Basis of Accounting)

আয় এবং ব্যয় (revenue and costs) স্বীকৃতির সময় নির্ধারণের ভিত্তিতে হিসাবনিকাশকরণের দুটি প্রধান ভিত্তি থাকতে পারে। এগুলো হল :

- (i) নগদ ভিত্তিক (Cash basis); এবং
- (ii) প্রাপ্য প্রদেয় ভিত্তিক (Accrual basis)।

নগদ ভিত্তিক হিসাবের ক্ষেত্রে, যখন নগদ (cash) গ্রহণ ও প্রদান করা হয় তখন হিসাব বইতে নথিবদ্ধ করা হয়। কিন্তু বকেয়া প্রাপ্তি বা প্রদান হিসাবের অন্তর্ভুক্ত করা হয় না। উদাহরণস্বরূপ, 2005 সালের ডিসেম্বর মাসে দপ্তরের খাজনা (office rent) 2006 সালের জানুয়ারি মাসে প্রদান করা হয়, এটি 2006 সালের জানুয়ারি মাসেই হিসাব বইতে লিপিবদ্ধ করা হবে।

অনুরূপভাবে, 2006 সালের জানুয়ারি মাসে ধারে পণ্য বিক্রয় করা হলে জানুয়ারি মাসে তা হিসাব বইতে লিপিবদ্ধ করা হবে না, ধরা যাক, এপ্রিল মাসে যখন প্রাপ্তি গ্রহণ করা হবে, তখনই তা নথিবদ্ধ করা হবে। ফলে এই ধারণাটি মিলকরণ নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় যেখানে বলা হয়েছে যে, একটি হিসাবকালের আয়ের সাথে ওই হিসাবকালের ব্যয়ের মিলকরণ করতে হয়। যদিও, এই পদ্ধতি অনেক প্রতিষ্ঠানের ক্ষেত্রেই অনুপযুক্ত কারণ এই পদ্ধতিতে লেনদেন সংঘটিত হওয়ার সময়কালকে অগ্রাহ্য করে প্রাপ্তি এবং ওই হিসাবকালে ব্যয়িত অর্থের পার্থক্যকে লাভ বা মুনাফা হিসেবে গণ্য করা হয়।

অন্যদিকে, প্রাপ্য প্রদেয় (accrual basis) ভিত্তিক হিসাবনিকাশকরণের ক্ষেত্রে, আয় এবং ব্যয় যে হিসাবকালে ঘটে তখনই তা নথিবদ্ধ হয়, যখন তার প্রাপ্তি বা প্রদান সংঘটিত হয়, তখন নয়। নগদ প্রাপ্তি ও নগদ প্রাপ্তির অধিকার এবং নগদ প্রদান ও নগদ প্রদানের আইনগত দায়িত্বের মধ্যে পার্থক্য করা হয়। ফলে এই পদ্ধতিতে, একটি লেনদেনের আর্থিক প্রভাবকে সেই হিসাব বছরেই গণ্য করা হয় যে হিসাব বছরে তা প্রাপ্য হয়, কোন্ হিসাব বছরের নগদ টাকা বস্তুত পক্ষে গ্রহণ করা হল বা প্রদান করা হল তা এক্ষেত্রে জরুরি বা গুরুত্বপূর্ণ নয়। এটি লাভ বা মুনাফা নির্ণয়ের ক্ষেত্রে অনেক বেশি যুক্তিসম্মত ভিত্তি, কারণ এক্ষেত্রে লাভ বা মুনাফা নির্ণয়ের জন্য খরচের সাপেক্ষে খরচের সঙ্গে সম্পর্কযুক্ত আয়ের মিলকরণ করা হয়। উদাহরণস্বরূপ, ব্যবহৃত কাঁচামালকে (raw material consumed) বিক্রিত পণ্যের ব্যয়ের (cost of goods sold) সাথে মিলকরণ করা হয়।

2.5 হিসাবনিকাশকরণ প্রমাণসমূহ (Accounting Standards)

পূর্বের অধ্যায়ে আগেই আলোচিত হয়েছে যে, আর্থিক বিবরণীর ক্ষেত্রে অভিন্নতা ও তুলনীয়তার বৈশিষ্ট্য অর্জনের জন্য হিসাবনিকাশকরণ পেশায় সর্বজন স্বীকৃত হিসাবনিকাশকরণ নীতি (GAAP) মুখ্য হিসাবনিকাশকরণ ধারণা হিসেবে স্বীকৃতি পেয়েছে। হিসাবনিকাশকরণ তথ্যের ব্যবহারকারীদের কাছে এই বিবরণীসমূহের উপযোগিতা বৃদ্ধি করাই এর উদ্দেশ্য। কিন্তু এর একটি অসুবিধা হল GAAP একই ধরনের কাজের জন্য বিভিন্ন বিকল্প প্রণালীকে অনুমতি দেয়। যেমন – মজুত পণ্যের ব্যয় নির্ধারণের অনেকগুলো পদ্ধতি রয়েছে যেগুলো বিভিন্ন প্রতিষ্ঠান অনুসরণ করতে পারে। এর ফলে হিসাবনিকাশকরণ তথ্য অসঙ্গতিপূর্ণ এবং অতুলনীয় হয়ে যাবে যা বাহ্যিক ব্যবহারকারীদের সমস্যার কারণ হবে। এর জন্যই হিসাবনিকাশকরণ তথ্যের পরিবেশনের ক্ষেত্রে অভিন্ন এবং ধারবাহিকতা আনা প্রয়োজন।

এই চাহিদার কথা মাথায় রেখে The Institute of Chartered Accountants of India (ICAI) হিসাবনিকাশকরণ প্রমাণসমূহ রচনার লক্ষ্যে 1977 সালের এপ্রিল মাসে একটি Accounting Standard Board (ASB) গঠন করে। ASB-এর প্রধান কাজ হল যেসব জায়গায় হিসাবরক্ষণের ক্ষেত্রে একরূপতা আনা দরকার সেই জায়গাগুলো নির্দিষ্ট করা এবং সরকারের প্রতিনিধি, সরকারি প্রতিষ্ঠানসমূহ, শিল্প এবং অন্যান্য প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে আলোচনার পর হিসাবরক্ষণ প্রমাণসমূহের খসড়া রচনা করা। যেহেতু ভারত 'International Account Setting Body'-এর সদস্য, তাই ASB আন্তর্জাতিক হিসাবনিকাশকরণ প্রমাণ সমূহের উপর বিশেষ গুরুত্ব দিয়েছে। ASB এই খসড়া ICAI-এর পরিষদে উপস্থাপন করেন, যারা এগুলো চূড়ান্তকরণ করে এবং আর্থিক বিবরণীর উপস্থাপনের ক্ষেত্রে ব্যবহারের জন্য অবহিত করেন। ASB হিসাবনিকাশকরণ প্রমাণসমূহের পর্যাবৃত্ত সমীক্ষাও করে থাকেন।

হিসাবনিকাশকরণ প্রমাণসমূহ বলতে ধারাবাহিক, প্রাসঙ্গিক ও অভিন্ন আর্থিক বিবরণী তৈরির জন্য এবং বিভিন্ন তথ্য প্রকাশের জন্য (যা তথ্য ব্যবহারকারীদের সিদ্ধান্তগ্রহণে প্রভাব বিস্তার করে) হিসাবরক্ষণ বিধি, নিয়ম ও কার্য প্রণালীর লিখিত বিবৃতি বা বিবরণকে বোঝায়। কিন্তু হিসাবরক্ষণ প্রমাণসমূহ কখনোই দেশের বাণিজ্যিক পরিবেশ সম্পর্কিত বিধি ও আইন লঙ্ঘন করতে পারে না। আর্থিক বিবরণী উপস্থাপনের ক্ষেত্রে একরূপতা আনার লক্ষ্যে ICAI ক্রমাগত হিসাবনিকাশকরণ পেশার সাথে যুক্ত ব্যক্তিবর্গদের হিসাবনিকাশকরণ প্রমাণসমূহকে সম্পূর্ণভাবে গ্রহণ করার জন্য উৎসাহিত করেছে। প্রথমাবস্থায়, এই প্রমাণসমূহ সুপারিশমূলক ছিল। যখন এই প্রমাণসমূহ সম্পর্কে সচেতনতা তৈরি হয়, তখন সমস্ত কোম্পানির ক্ষেত্রে একে বাধ্যতামূলক করার জন্য উদ্যোগ নেওয়া হয়। প্রমাণসমূহ লঙ্ঘন করলে বা মানা না হলে লঙ্ঘনের যুক্তিযুক্ত কারণ এবং লঙ্ঘনের ফলে যদি কোনো আর্থিক প্রভাব পরিলক্ষিত হয় তার কারণ পরিস্ফুট করতে হয়।

হিসাবনিকাশকরণ প্রমাণসমূহের (*Accounting Standard*) তালিকা এই অধ্যায়ের পরিশিষ্ট (Appendix) অংশে প্রদত্ত হয়েছে।

আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন বিষয়ক প্রমাণসমূহ (International Financial Reporting Standards -IFRSs)

আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন বিষয়ক প্রমাণ বলতে বিশ্বব্যাপী স্বীকৃত হিসাবনিকাশকরণ প্রমাণ বা স্ট্যান্ডার্ড সমূহকে বোঝায় যা ইন্টারন্যাশনাল অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড বোর্ড কর্তৃক জারি করা হয়। IFRS হল আর্থিক বিবরণীতে ব্যবসা

সংক্রান্ত লেনদেন ও ঘটনাসমূহ প্রকাশের জন্য নির্দেশমূলক হিসাবনিকাশকরণ প্রমাণসমূহের (*Accounting Standard*) সংমিশ্রণ। এর মূল উদ্দেশ্য হল বাণিজ্যিক প্রতিষ্ঠানের সত্য এবং ন্যায্য মূল্যায়নের ক্ষেত্রে আন্তর্জাতিক তুলনা নিশ্চিত করা। আর্থিক বিবরণী প্রস্তুতির ক্ষেত্রে গুণগত বৈশিষ্ট্যসমূহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে হিসাবনিকাশকরণ তথ্যের ব্যবহারকারীগণকে সাহায্য করে থাকে।

কোম্পানির আর্থিক বিবরণী পরিবেশনের ক্ষেত্রে শূন্যস্থান হ্রাস করার জন্য ভারত সরকারের Ministry of Corporate Affairs হিসাবনিকাশের ক্ষেত্রে অভিন্নতা, তুলনীয়তা, স্বচ্ছতা, যথাযথতা এবং অভিযোজ্যতা সুনিশ্চিত করার লক্ষ্যে ভারতীয় হিসাবনিকাশকরণ প্রমাণ (Indian Accounting Standards) এবং IFRSs-এর অভিসৃতির পথ অবলম্বন করেছেন। এর ফলস্বরূপ কোম্পানি আইন 1956-এর সংশোধিত তালিকা VI (Revised Schedule-VI) -এর সূচনা হয়েছে।

IFRSs-এর সাথে অভিসৃতির (Convergence) সুবিধা সমূহ

1. আন্তর্জাতিক মূলধন বাজার সম্পর্কে তথ্য জানা।
2. সহজ তুলনা এবং স্বচ্ছতা।
3. সত্য ও ন্যায্য মূল্যায়ন।
4. বর্ধিত বিশ্বাস ও নির্ভরযোগ্যতা।
5. বিভিন্ন ধরনের প্রতিবেদন প্রকাশ না করে একরূপতার সুনিশ্চিতকরণ।

এক্ষেত্রে The Institute of Chartered Accountants of India (ICAI) পরিষ্কারভাবে বলেছে যে, IFRSs-এর সঙ্গে অভিসৃতি মনেই IFRSs-কে পুরোপুরিভাবে গ্রহণ করা নয়। আর্থিক বিবরণীর উপস্থাপন (Presentation of Financial Statements) সংক্রান্ত IASI-1 -এ বলা হয়েছে, IFRSs-এর অত্যাবশ্যকীয় শর্তসমূহ পূরণ না করা পর্যন্ত আর্থিক বিবরণীসমূহকে IFRSs-এর সাথে সামঞ্জস্যপূর্ণ হিসাবে গণ্য করা যাবে না।

ভারতবর্ষে IFRSs বাস্তবায়নের সময় তালিকা (Time Schedule for IFRSs Implementation in India)

1. বিমা সংস্থা, ব্যাংকিং এবং NBFCs ছাড়া অন্যান্য কোম্পানির ক্ষেত্রে :

ধাপ	যে সকল কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য	যে তারিখ থেকে প্রযোজ্য
i.	<ul style="list-style-type: none"> • যে সকল কোম্পানি NSE– Nifty 50 -এর অন্তর্ভুক্ত • যে সকল কোম্পানি BSE– Sensex-30-এর অন্তর্ভুক্ত • যে সকল কোম্পানির শেয়ার বা অন্যান্য সিকিউরিটি ভারতের বাইরে কোনো স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত আছে। • যে সকল কোম্পানির (তালিকাভুক্ত বা তালিকাবিহীন) নেট সম্পদ 1000 কোটি টাকার বেশি। 	এপ্রিল 01, 2011

ii.	<ul style="list-style-type: none"> যে সকল কোম্পানির (তালিকাভুক্ত বা তালিকাভুক্তি ব্যতীত) নেট সম্পদ 500 কোটির বেশি কিন্তু 1000 কোটির মধ্যে 	এপ্রিল 01, 2013
iii.	<ul style="list-style-type: none"> যে সকল লিমিটেড কোম্পানির নেট সম্পদ 500 কোটি বা তার কম 	এপ্রিল 01, 2014

2. বিমা কোম্পানি, ব্যাংকিং কোম্পানি এবং NBFCs -এর ক্ষেত্রে :

	বিমা কোম্পানির ক্ষেত্র	এপ্রিল 01, 2012
	ব্যাংকিং কোম্পানির ক্ষেত্র	
	<ul style="list-style-type: none"> সমস্ত তালিকাভুক্ত (Scheduled) বাণিজ্যিক ব্যাংক এবং আরবান কো-অপারেটিভ ব্যাংক যাদের নেট সম্পদ 300 কোটির বেশি 	এপ্রিল 01, 2013
	<ul style="list-style-type: none"> যেসকল আরবান কো-অপারেটিভ ব্যাংক-এর নেট সম্পদ 200 কোটির বেশি কিন্তু 300 কোটি বা এর কম 	এপ্রিল 01, 2014
অ-ব্যাংকিং আর্থিক কোম্পানি (Non-Banking Financial Companies NBFCs)		
	<ul style="list-style-type: none"> যে সকল কোম্পানি NSE– Nifty 50 -এর অন্তর্ভুক্ত 	এপ্রিল 01, 2013
	<ul style="list-style-type: none"> যে সকল কোম্পানি BSE– Sensex-30-এর অন্তর্ভুক্ত 	এপ্রিল 01, 2013
	<ul style="list-style-type: none"> যে সকল কোম্পানির (তালিকাভুক্ত বা তালিকাভুক্তি ব্যতীত) নেট সম্পদ 1000 কোটি টাকার বেশি। সমস্ত তালিকাভুক্ত NBFCs এবং সমস্ত তালিকা বহির্ভূত NBFCs যা উপরের শ্রেণিভুক্ত নয় এবং যাদের নেট সম্পদ 500 কোটি টাকার বেশি। 	এপ্রিল 01, 2014

বর্তমানে প্রযোজ্য IFRSs :

IAS/IFRS-এর তালিকা এবং Ministry of Corporate Affairs কর্তৃক বিজ্ঞপিত Ind-As সমূহ :

Ind AS	Title	AS	Title
1	Presentation of Financial Statements	1	Disclosure of accounting policies
		---	Framework for preparation and presentation of financial statements
2	Inventories	2	Valuation of inventories
7	Cash Flow Statements	3	Cash flow statements
8	Accounting Policies, Changes in Accounting Estimates and Errors	5	Net profit or loss for the period, prior period items and changes in accounting policies
10	Events after the Balance Sheet Date	4	Contingencies and events occurring after the balance sheet date
11	Construction Contracts	7	Construction contracts
12	Income Taxes	22	Accounting for taxes on income
16	Property, Plant and Equipment	10	Accounting for fixed assets
		6	Depreciation accounting
17	Leases	19	Leases
18	Revenue	9	Revenue recognition
19	Employee Benefits	15	Employee Benefits
20	Accounting for Government Grants and Disclosure of Government Assistance	12	Accounting for government grants
21	The Effects of Changes in Foreign Exchange Rates	11	The effects of changes in foreign exchange rates
23	Borrowing Costs	16	Borrowing Costs
24	Related Party Disclosures	18	Related Party Disclosures
27	Consolidated and Separate Financial Statements	21	Consolidated Financial Statements
28	Investments in Associates	23	Accounting for Investment in Associates in CFS
29	Financial Reporting in Hyperinflationary Economics	---	
31	Interests in Joint Ventures	27	Financial reporting of interest in joint venture

32	Financial Instruments: Presentation	31	Financial instrument: Presentation
33	Earnings Per Share	20	Earnings Per Share
34	Interim Financial Reporting	25	Interim Financial reporting
36	Impairment of assets	28	Impairment of Asset
37	Provisions, contingent liabilities and contingent assets	29	Provisions, contingent liabilities and contingent assets
38	Intangible assets	30	Intangible assets
39	Financial instruments: Recognition and measurement	13	Financial instruments: Recognition and measurement
40	Investment property	13	Accounting for investments
101	First time adoption of international financial reporting standards	13	Accounting for investments
102	Share-based payments	---	
103	Business combinations	---	G.N. on employee share based payment
104	Insurance Contracts	14	Accounting for amalgamations
105	Non-current Assets held for Sale and Discontinued Operations	24	Discontinuing Operation
106	Exploration for and Evaluation of Mineral Resources	---	
107	Financial Instruments: Disclosures	32	Financial Instrument : Disclosure
108	Operating Segments	17	Segment Reporting


পণ্য ও সেবা কর (Goods and Services Tax) এক দেশ এক কর (One Country One Tax)

জিএসটি (GST) হল পণ্য এবং সেবার ভোগের উপর আরোপিত একটি গন্তব্য ভিত্তিক কর। এটা প্রস্তাবিত হয়েছে উৎপাদনের স্তর থেকে শুরু করে চূড়ান্ত ভোগের স্তর পর্যন্ত পূর্ববর্তী পর্যায়ে প্রদেয় করের ক্রেডিট সহ সহজলভ্য সামঞ্জস্য বিধানের লক্ষ্যে কর আরোপিত করার জন্য। এক কথায় শুধুমাত্র মূল্য সংযোজন করা হবে এবং করের দায় চূড়ান্ত ভোক্তার দ্বারা বহন করা হবে। ভোগের উপর গন্তব্য ভিত্তিক করের ধারণাটি বোঝায় যে কর কর্তৃপক্ষের উপর পরোক্ষ কর আদায়ের দায়িত্ব আরোপ করতে হবে যার আওতা ভোগের স্থান পর্যন্ত বিস্তৃত, যা আবার যোগানের স্থান নামেও পরিচিত।

কেন্দ্র এবং রাজ্যের সঙ্গে দ্বৈত দৃষ্টিভঙ্গির ভিত্তিতে GST কর আদায়ের জন্য একটি সাধারণ ভিত্তি হিসেবে পরিকল্পনা/আরোপ করা হয়েছে। GST -র তিনটি মূল উপাদান রয়েছে, সেগুলো হল CGST, SGST, CGST -এর অর্থ হল কেন্দ্রীয় পণ্য এবং সেবা কর (Central Goods and Services Tax)। CGST -র আওতাধীন কর আদায় কেন্দ্রীয় সরকারের রাজস্ব সৃষ্টি করে। বর্তমানে কেন্দ্রীয় কলগুলো যথা- কেন্দ্রীয় আবগারি শুল্ক, অতিরিক্ত আবগারি শুল্ক, বিশেষ আবগারি শুল্ক, বিক্রয় কর ইত্যাদি CGST-র অন্তর্ভুক্ত করা হবে। SGST-এর অর্থ হল রাজ্যস্তরীয় পণ্য এবং সেবা কর (State Good and Services Tax)। SGST-র আদায়কৃত কর হল রাজ্য সরকারের রাজস্ব। প্রত্যেক রাজ্যের করগুলো যেমন- মূল্যযুক্ত কর (VAT), বিনোদন কর (entertainment tax), বিলাসিতা কর (luxury tax), প্রবেশ কর (entry tax) ইত্যাদি জিএসটি-এর আবির্ভাবের সঙ্গে সঙ্গে, জিএসটি-র সঙ্গে একত্রিত হয়ে গেছে। উদাহরণস্বরূপ, রমেশ পাঞ্জাবের একজন ব্যবসায়ী, পাঞ্জাবের সীমাকে 10,000 টাকা মূল্যের পণ্য বিক্রয় করল। যদি জিএসটি-র হার শতকরা 18% হয়, অর্থাৎ 9% CGST এবং 9% SGST, কেন্দ্রীয় সরকারের কাছে 9000 টাকা এবং পাঞ্জাব সরকারের কাছে 900 টাকা কররূপে জমা হবে।

IGST বলতে বুঝায় সংযুক্ত পণ্য এবং সেবা কর (Integrated Goods and Services Tax)। IGST এর অন্তর্গত আদায়কৃত রাজস্ব কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের মধ্যে পূর্ব নির্ধারিত হার দ্বারা বিভাজিত হবে। IGST এক রাজ্য থেকে অন্যরাজ্যে পণ্য এবং সেবার স্থানান্তরের সময় ধার্য করা হয়। পণ্য এবং সেবার আমদানিও IGST-র আওতাধীন। উদাহরণস্বরূপ, যদি মধ্যপ্রদেশ থেকে রাজস্থানে পণ্য স্থানান্তর করা হয়, তবে এই স্থানান্তরীকৃত পণ্য IGST-র আওতায় আসবে। চলো, SGSTকে বোঝার জন্য উপরোক্ত উদাহরণটিকে পুনরায় আলোচনা করি। যদি মধ্য প্রদেশের রমেশ রাজস্থানের আনন্দকে 1,000,000 টাকা মূল্যের পণ্য বিক্রয় করে, তাহলে জিএসটি হার হবে শতকরা 18% অর্থাৎ 9% CGST এবং 9% SGST। এই ক্ষেত্রে ব্যবসায়ীকে IGST রূপে 18,000 টাকা ধার্য করা হবে এবং সেই আদায়কৃত অর্থ রাশি কেন্দ্রীয় সরকারের কাছে যাবে।

ভারতবর্ষ একটি যুক্তরাষ্ট্রীয় দেশ, যেখানে কেন্দ্র এবং রাজ্য উভয়কেই ক্ষমতা দেওয়া হয়েছে যথোপযুক্ত আইন দ্বারা কর ধার্য এবং আদায়ের জন্য। প্রয়োজন অনুসারে সম্পদ সৃষ্টির জন্য সংবিধানে বর্ণিত ক্ষমতার বিভাজন অনুসারে কাজ করার জন্য সরকারকে দুটি স্তরেই আলাদা আলাদা দায়িত্ব দেওয়া/ভার অর্পণ করা হয়েছে। এরজন্য রাজস্ব নীতির সাংবিধানিক মান্যতা দেওয়া আবশ্যিক— এক দ্বৈত পণ্য ও সেবা করের প্রয়োজন। তাই কেন্দ্র CGST এবং IGST ধার্য এবং পরিচালনা করবে। এই উদ্দেশ্যেই ভারতীয় সংবিধানকে সংস্কার সাধন করা হয়েছে।



পণ্য ও সেবা করের বৈশিষ্ট্য (Characteristics of Goods and Services Tax)

1. GST হল একটি সাধারণ বিধি ও পদ্ধতি যা সারা দেশে একই প্রশাসনের নীচে পরিচালিত হয়।
2. GST হল একটি গন্তব্য ভিত্তিক কর এবং চূড়ান্ত ভোক্তা দ্বারা পণ্য ও সেবা একটি নির্দিষ্ট সময় বিন্দুতে ভোগের সময় ধার্য করা হয়।
3. পণ্য এবং সেবা উভয়ের উপর একই হারে GST সামগ্রিকভাবে কর ধার্য আরোপ এবং আদায় করে, যার সুবিধা হল ইনপুট কর ক্রেডিট বা মূল্য কর থেকে বিয়োগ করা।
4. করের হার সীমিত সংখ্যক অর্থাৎ দুইয়ের বেশি হয় না।
5. খাজনা, পুনঃ বিক্রয়ের কর, অতিরিক্ত কর, বিক্রয় কর ইত্যাদি ধার্য করার সুযোগ থাকে না।
6. পণ্য এবং সেবার উপর বহুবিধ কর যেমন— বিক্রয় কর, প্রবেশ কর, চূজি কর, বিনোদন কর অথবা বিলাসিতা কর ইত্যাদি থাকে না।


নিজে করো (Do it yourself)

যদি CGST is 9%, SGST 9% এবং IGST 18% হয়, তাহলে দেখাও নিম্নোক্ত অবস্থায় GST -র হার কত ধার্য হবে :

1. 10,000 টাকার পণ্য মহারাষ্ট্রের একজন উৎপাদকের দ্বারা মহারাষ্ট্রের একজন ব্যবসায়ী A -এর কাছে বিক্রয় করা হল।
2. ব্যবসায়ী A 25,000 টাকা মূল্যের পণ্য গুজরাটের ব্যবসায়ী B এর কাছে বিক্রয় করল।
3. ব্যবসায়ী B গুজরাটের সুনীতাকে 30,000 টাকা মূল্যের পণ্য বিক্রয় করল।
4. সুনীতা রাজস্থানের রবীন্দ্রকে 65,000 টাকার পণ্য বিক্রয় করল।

সুবিধাসমূহ (Advantages)

1. GST -এর প্রবর্তন পণ্য এবং সেবার উপর বিভিন্ন ধরনের করকে বাতিল করেছে।
2. GST করের ভিত্তিকে প্রসারিত করেছে এবং কেন্দ্র এবং রাজ্যের রাজস্বের পরিমাণ বৃদ্ধি করেছে এবং এভাবে সরকারের প্রশাসনিক ব্যয়কে হ্রাস করেছে।
3. GST করের জটিলতার ব্যয় হ্রাস করেছে এবং স্বেচ্ছায় কর প্রদানে প্রণোদিত করেছে।
4. GST চালু হওয়ার পর সর্বোচ্চ দুটি ক্ষেত্রে করের হারকে প্রভাবিত করেছে।
5. GST করারোপের উপর ক্যাসকেডিং প্রভাবকে দূরীভূত করেছে।
6. GST পণ্য ও সেবার সংশ্লিষ্ট উৎপাদন ব্যয়কে প্রভাবিত করে উৎপাদন এবং বণ্টন ব্যবস্থাকে ত্বরান্বিত করে এবং এভাবে পণ্য এবং সেবার চাহিদা এবং উৎপাদন বৃদ্ধি পাবে।
7. যেহেতু GST ব্যবসা প্রক্রিয়া, ব্যবসা মডেল, সাংগঠনিক কাঠামো, ভৌগোলিক অবস্থানের প্রতি পক্ষপাত শূন্য, তাই এটি আর্থিক দক্ষতা এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক বিকাশ করবে।
8. GST দেশে উৎপাদিত পণ্য এবং সেবার জন্য আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক প্রান্তবাজার প্রসারিত করবে এবং এভাবে রপ্তানি বৃদ্ধি পাবে।



তোমাদের বোধগম্যতার পরীক্ষা -III (Test your Understanding-III)

নিম্নে দেওয়া পরিস্থিতিতে GST হারের প্রাসঙ্গিকতা ব্যক্ত করো, যদি :

1. অমৃতরাজ একটি উৎপাদন/নির্মাণ একক, যেখানে গ্রাহকরা সুতি কাপড়কে, সুতি প্যান্ট তৈরি করার জন্য দেয়।
2. তিন প্রকারের কাপড় মিটার মূল্যের হারে পোশাকের কাপড়কে বিক্রয় করা হয়। এই কাপড় হতে পারে সাদা অথবা সূচিকর্ম করা (আরও নানা প্রকারের কাজ হতে পারে।)
3. GST-র নিয়মাবলি সময়ের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হয়েছে।

এই অধ্যায়ে ব্যবহৃত মূল পরিভাষাসমূহ
(Key Terms Introduced in the Chapter)

- ব্যয় (Cost)
- মিলকরণ (Matching)
- বাস্তবচকতা (Materiality)
- বস্তুনিষ্ঠতা (Objectivity)
- ধারাবাহিকতা (Consistency)
- দ্বৈত ধারণা (Dual aspect)
- রক্ষণশীলতা [Conservatism(Prudence)]
- চলমান প্রতিষ্ঠান (Going concern)
- তুলনীয়তা (Comparability)
- পূর্ণ প্রদর্শন (Full discloser)
- সর্বজনস্বীকৃত (Generally accepted)
- আয় প্রাপ্তি (Revenue Relisation)
- পরিচালন নীতি (Operating guidelines)
- হিসাবকাল (Accounting period)
- অর্থ দ্বারা পরিমাণযোগ্যতা (Money measurement)
- হিসাবনিকাশকরণ ধারণা (Accounting concept)
- হিসাবনিকাশকরণ নীতি (Accounting Principles)

শিক্ষণীয় বিষয়ের উদ্দেশ্যসমূহ প্রসঙ্গে সারসংক্ষেপ
(Summary with Reference to Learning Objectives)

1. সর্বজনীনভাবে স্বীকৃত হিসাবনিকাশকরণ নীতিসমূহ [Generally Accepted Accounting Principles (GAAP)]: সর্বজন স্বীকৃত বা সাধারণভাবে স্বীকৃত হিসাব নিকাশকরণ নীতি বলতে বোঝায় কিছু বিধি বা নিয়ম যা আর্থিক বিবরণী প্রস্তুতি ও পরিবেশনে অভিন্নতা আনার লক্ষ্যে বাণিজ্যিক লেনদেন লিপিবদ্ধ ও উপস্থাপন করার জন্য গ্রহণ করা হয়েছে। এই নীতিগুলোকে ধারণা (concepts) এবং প্রথা বা রীতিও (conventions) বলা হয়। ব্যবহারের সাধ্যতার দৃষ্টিকোণ থেকে এটা লক্ষ করা যায় যে, বিভিন্ন পরিভাষা যেমন – নীতি, স্বীকার্য বিষয়, প্রথা অভিশ্রুত নীতি, অনুমান প্রভৃতি বিনিময়ের ভিত্তিতে বা অদলবদল করে ব্যবহার করা যায় এবং এগুলোকে বর্তমান অধ্যায়ে মূল হিসাবনিকাশকরণ ধারণা (basic accounting concepts) হিসাবে বর্ণনা করা হয়েছে।
2. মূল হিসাবনিকাশকরণ ধারণাসমূহ (Basic Accounting Concepts) : আর্থিক হিসাবনিকাশকরণের সঙ্গে সংশ্লিষ্ট তত্ত্ব ও প্রক্রিয়ার মৌলিক নীতি ও অনুমানসমূহ এবং হিসাবনিকাশকরণ কার্যকলাপের বিস্তৃত কার্যপ্রণালী যা বিভিন্ন পেশাদারী হিসাবরক্ষণ সংস্থা দ্বারা রচিত হয়, তাদের বলা হয় মূল হিসাবনিকাশকরণ ধারণা।
3. বাণিজ্যিক বা ব্যবসায়িক সত্তার ধারণা (Business Entity Concepts) : ব্যবসায়িক সত্তার ধারণা বলতে বোঝায় যে, ব্যবসার মালিকের থেকে প্রতিষ্ঠানের একটি ভিন্ন ও স্বতন্ত্র সত্তা রয়েছে। এর অর্থ হল হিসাবনিকাশকরণের উদ্দেশ্যে ব্যবসা প্রতিষ্ঠান এবং তার মালিক পৃথক সত্তা হিসাবে গণ্য হবে।
4. অর্থের মাধ্যমে পরিমাণকরণের ধারণা (Money Measurement Concepts) : অর্থের মাধ্যমে পরিমাণকরণের ধারণার দ্বারা বলা হয় যে, প্রতিষ্ঠানের সেই সমস্ত লেনদেন ও ঘটনাসমূহ যেগুলো অর্থের মাপকাঠিতে পরিমাণযোগ্য তা হিসাব বইতে লিপিবদ্ধ করা হবে। লেনদেনের নথিসমূহ ভৌতিক এককের পরিবর্তে অর্থের এককে লিপিবদ্ধ করতে হবে।
5. চলমান প্রতিষ্ঠানের ধারণা (Going Concern Concepts) : চলমান প্রতিষ্ঠানের ধারণার দ্বারা বলা হয়, ব্যবসায় প্রতিষ্ঠান দীর্ঘসময় পর্যন্ত কার্যকলাপের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখবে এবং সুদূর ভবিষ্যতে তা বন্ধ হবে না।

6. হিসাবকাল (Accounting Period) : হিসাবকাল বলতে একটি নির্দিষ্ট সময়সীমাকে বোঝায় যার শেষে প্রতিষ্ঠানের লাভ-ক্ষতি এবং সম্পত্তি ও দায়ের অবস্থান জানার জন্য আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়।
7. ব্যয়ের ধারণা (Cost Concept) : ব্যয়ের ধারণার মাধ্যমে বলা হয় যে, সমস্ত সম্পত্তি হিসাব বইতে তাদের ক্রয়মূল্যে লিপিবদ্ধ করা হবে যার মধ্যে রয়েছে সম্পত্তি অর্জনের ব্যয়, পরিবহণ ব্যয়, স্থাপন ও একে ব্যবহার উপযোগী করে তোলার খরচ।
8. দ্বৈত ধারণা (Dual Aspect) : এই ধারণার দ্বারা বলা হয় যে, প্রতিটি লেনদেনের দ্বৈত প্রভাব রয়েছে এবং তার জন্য দুই জায়গায় লিপিবদ্ধ করতে হবে। এটি একটি সাধারণ মৌলিক হিসাবনিকাশকরণ সমীকরণের সাহায্যে প্রকাশ করা হয় :

$$\text{সম্পত্তি (Assets)} = \text{দায় (Liabilities)} + \text{মূলধন (Capital)}$$

9. আয়ের স্বীকৃতি (Revenue Recognition) : আয় বলতে পণ্য বা সেবা বিক্রয় এবং প্রতিষ্ঠানের সম্পত্তি অন্যের দ্বারা ব্যবহারের ফলে উদ্ভূত সুদ, রয়্যালটি বা রাজস্ব এবং লভ্যাংশ থেকে প্রাপ্ত নগদের মোট আন্তঃ প্রবাহকে বোঝায়। আয় তখনই প্রাপ্য হয় যখন এর প্রাপ্তি ক্ষেত্রে আইনগত অধিকার জন্মায়।
10. মিলকরণ ধারণা (Matching) : কোনো একটি নির্দিষ্ট হিসাব বছরে লাভ বা ক্ষতি নির্ণয়ের প্রক্রিয়ায় ওই বছরের আয়ের সঙ্গে সংশ্লিষ্ট খরচসমূহের মিলকরণ করতে হয়। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ যে, আয় ও ব্যয় একই সময়কালের সঙ্গে সম্পর্কযুক্ত হতে হবে।
11. পূর্ণ প্রদর্শনের ধারণা (Full Disclosure) : এই ধারণায় এটা প্রয়োজনীয় যে সমস্ত বস্তুগত ও প্রাসঙ্গিক তথ্য যা প্রতিষ্ঠানের আর্থিক কার্যাবলির সঙ্গে সম্পর্কযুক্ত তা সম্পূর্ণভাবে আর্থিক বিবরণীতে এবং পাদটিকা হিসাবে প্রকাশ করতে হবে।
12. ধারাবাহিকতার ধারণা (Consistency) : এই ধারণা ব্যক্ত করে যে হিসাবনিকাশকরণ নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠানগুলোর দ্বারা একটি নির্দিষ্ট সময়ে অনুসৃত হলে তাকে অবশ্যই অভিন্ন এবং সামঞ্জস্যপূর্ণ হতে হবে, যাতে হিসাবনিকাশকরণের ফলাফল সুবিন্যস্ত করা যায়। যখন একই হিসাবনিকাশকরণ নীতি বিভিন্ন প্রতিষ্ঠানগুলোর দ্বারা একটি নির্দিষ্ট সময়ে তুলনা করার জন্য বা একই প্রতিষ্ঠান একাধিক হিসাবকালে প্রয়োগ/ব্যবহার করে, তখন তুলনীয় ফলাফল পাওয়া যায়।
13. রক্ষণশীল নীতি (Conservatism) : এই ধারণায় বলা হয় যে—ব্যবসায়িক লেনদেনগুলো হিসাব বইতে এমনভাবে লিপিবদ্ধ করতে হবে যে লাভকে বেশি করে দেখানো যাবে না। সকল প্রত্যাশিত ক্ষতিগুলোকে হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে, কিন্তু অনাবূপিত লাভগুলোকে অবশ্যই উপেক্ষা করতে হবে।
14. বস্তুবাচকতা (Materiality) : এই ধারণাটি ব্যক্ত করে যে—হিসাবনিকাশকরণ অবশ্যই বস্তুগত ঘটনাবলি উপর কেন্দ্রীভূত হবে। যদি পদটি একজন যুক্তিসঙ্গত বিচক্ষণ বিনিয়োগকারী অথবা পাওনাদারের সিদ্ধান্তকে প্রভাবিত করে, তবে একে বস্তুগত ঘটনা বলে বিবেচনা করতে হবে এবং আর্থিক বিবরণীগুলিতে প্রদর্শন করতে হবে।
15. বস্তুনিষ্ঠতার ধারণা (Objectivity) : এই ধারণা অনুযায়ী হিসাবনিকাশকরণ লেনদেনগুলো এমনভাবে লিপিবদ্ধ করতে হবে যাতে সেগুলো হিসাবরক্ষক বা অন্যদের প্রতি পক্ষপাত দুষ্টতার থেকে মুক্ত থাকে।
16. হিসাবরক্ষণ ব্যবস্থা/পদ্ধতি (Systems of Accounting) : ব্যবসায়িক লেনদেনগুলো লিপিবদ্ধ করার জন্য দুই ধরনের হিসাবরক্ষণ পদ্ধতি রয়েছে। যেমন—দুইতরফা দাখিলা পদ্ধতি এবং একতরফা দাখিলা পদ্ধতি। দুইতরফা দাখিলা পদ্ধতিতে প্রত্যেক লেনদেনের দ্বৈত প্রভাব রয়েছে, যেখানে একতরফা দাখিলা পদ্ধতি অসম্পূর্ণ তথ্যাদি নামে পরিচিত।

17. হিসাবরক্ষণের ভিত্তি (Basis of Accounting) : হিসাবনিকাশকরণের দুটি প্রধান ভিত্তি রয়েছে। এগুলো হল— নগদভিত্তি এবং প্রাপ্য প্রদেয় ভিত্তি। যখন আয় এবং ব্যয়ের প্রাপ্তি বা প্রদান ঘটে তখনই লেনদেনগুলো নগদভিত্তিক পদ্ধতিতে লিপিবদ্ধ করা হয়। প্রাপ্য প্রদেয় ভিত্তিক হিসাব পদ্ধতিতে আয় অথবা ব্যয় সংঘটিত হওয়ার সঙ্গে সঙ্গেই তার স্বীকৃতি দেওয়া হয়, কিন্তু তখন নয় যখন সেগুলোর প্রাপ্তি বা প্রদান সংগঠিত হয়।
18. হিসাবনিকাশকরণের মানদণ্ডসমূহ (Accounting Standards) : হিসাবরক্ষণ মানদণ্ডগুলো হল ব্যবহার এবং অভিন্ন এবং সামঞ্জস্যপূর্ণ আর্থিক বিবরণীগুলো প্রস্তুতের জন্য অভিন্ন হিসাবনিকাশকরণ নীতি এবং নির্দেশাবলির একটি লিখিত বিবরণী। এই মানদণ্ডগুলো দেশের বিধানগুলোর যেমন— বৈধ আইনাবলি, রীতিনীতি, ব্যবহারের বিধি এবং কারবারী পরিবেশকে অগ্রাহ্য করতে পারে না।
19. GST হল পণ্য এবং সেবার ভোগের উপর আরোপিত একটি গন্তব্য ভিত্তিক কর। এটা প্রস্তাবিত হয়েছে উৎপাদনের স্তর থেকে শুরু করে চূড়ান্ত ভোগের স্তর পর্যন্ত পূর্ববর্তী পর্যায়ে প্রদেয় করের ক্রেডিট সহ সহজলভ্য সামঞ্জস্য বিধানের লক্ষ্যে কর আরোপিত করার জন্য।

অনুশীলনীর জন্য প্রশ্নাবলি (Questions for Practice)

সংক্ষিপ্ত উত্তর (Short Answers)

1. 'ব্যবসায়িক সত্তা একটি চলমান প্রতিষ্ঠান হবে'— এটি অনুমান করা হিসাবরক্ষকের নিকট প্রয়োজনীয় কেন?
2. আয় (revenue) -কে কখন স্বীকৃতি দেওয়া উচিত? এক্ষেত্রে সাধারণ নিয়মের কোনো ব্যতিক্রম আছে কি?
3. হিসাবনিকাশকরণের মূল সমীকরণ বলতে কী বোঝ?
4. কোনো নির্দিষ্ট হিসাববছরে ভোক্তাদের নিকট ধারে পণ্য পাঠানো হলে লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য তা কখন বিক্রয় বলে গণ্য হবে তা উপলব্ধির ধারণা (realisation concept) দ্বারা নির্ধারিত হয়। নীচের কোনটি একটি নির্দিষ্ট হিসাবকালের লেনদেনরূপে বিক্রয় হিসাবে লিপিবদ্ধ হবে যখন পণ্য—
 a. প্রেরিত হয় b. চালান কাটা হয় c. বিলি করা হয় d. পণ্যের অর্থ প্রেরণ করা হয়।
 তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।
5. শূন্যস্থান পূরণ করো :
 (i) যদি একটি ফার্ম বিশ্বাস করে যে, এর দেনাদার দেনা পরিশোধে অক্ষম হতে পারে, তাহলে সমস্ত সম্ভাব্য ক্ষতি হিসাববইতে লিপিবদ্ধ করা উচিত। এটি _____ নীতির একটি উদাহরণ।
 (ii) একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান তার মালিক থেকে পৃথক ও স্বতন্ত্র, এটি _____ নীতির দ্বারা ব্যাখ্যা করা যায়।
 (iii) ফার্মের মালিকানাধীন প্রতিটি জিনিসের জন্য ফার্ম অন্য কারও কাছে ঋণী থাকে। এটি কাকতালীয় ঘটনা _____ ধারণার মাধ্যমে ব্যাখ্যা করা যায়।
 (iv) _____ ধারণা ব্যাখ্যা করে যে, যদি প্রথম বছর অবচয়ের সরলরৈখিক পদ্ধতি ব্যবহার করা হয়, তবে পরবর্তী বছরেও এই পদ্ধতি ব্যবহার করতে হবে।
 (v) একটি ফার্ম পণ্য মজুত রাখতে পারে যেগুলোর প্রচুর চাহিদা রয়েছে। ফলস্বরূপ, মজুত পণ্যের বাজার মূল্য বৃদ্ধি পেতে পারে। সাধারণ হিসাবরক্ষণ পদ্ধতি একে উপেক্ষা করে কারণ _____।
 (vi) যদি একটি ফার্ম পণ্যের অর্ডার গ্রহণ করে, এটি বিক্রয় হিসাবে অন্তর্ভুক্ত হবে না, কারণ _____।
 (vii) একটি ফার্মের ব্যবস্থাপনা উল্লেখযোগ্য ভাবে অক্ষম, কিন্তু হিসাবের বই তৈরির সময় হিসাবরক্ষক এই বিষয়টিকে অগ্রাহ্য করেন _____ ধারণার কারণে।

রচনাধর্মী প্রশ্ন (Long Answers)

1. “হিসাবনিকাশকরণ ধারণা এবং হিসাবনিকাশকরণ প্রমাণসমূহকে আর্থিক হিসাবনিকাশকরণের মূল ভিত্তি হিসেবে গণ্য করা হয়”— ব্যাখ্যা করো।
2. আর্থিক বিবরণী তৈরির ক্ষেত্রে ধারাবাহিকতার ধারণা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো।
3. “লাভের পূর্বানুমান করো না কিন্তু সব ক্ষতির জন্য সংস্থান রাখো”— এই বিবৃতির আলোকে সংশ্লিষ্ট ধারণাটির বর্ণনা দাও।
4. মিলকরণের ধারণা (matching concept) বলতে কী বোঝ? বাণিজ্যিক প্রতিষ্ঠানকে কেন এই ধারণা মেনে চলা উচিত? ব্যাখ্যা করো।
5. অর্থের মাধ্যমে পরিমাপযোগ্যতার ধারণা বলতে কী বোঝ? কোন্ উপাদানটি এক বছরের অর্থমূল্যের সঙ্গে অপর একটি বছরের অর্থমূল্যের তুলনাকে জটিল করে তোলে?

প্রকল্প সংক্রান্ত কাজ (Project Work)**কার্যপ্রণালী - 1 (Activity 1)**

বুচিকার বাবা উপহার সামগ্রী বিক্রয়কারী ‘ফ্রেন্ডস গিফট’ নামক প্রতিষ্ঠানের একক স্বত্বাধিকারী। আর্থিক বিবরণী প্রস্তুতির প্রক্রিয়া চলাকালীন প্রতিষ্ঠানের হিসাবরক্ষক, মি. গোয়েল অসুস্থ হয়ে পরেন এবং ছুটি নেন। বুচিকার বাবার অতিসত্বর কিছু আর্থিক বিবরণী প্রয়োজন যা প্রতিষ্ঠানের সম্প্রসারণের জন্য 5 লক্ষ টাকার ঋণ প্রাপ্তির ক্ষেত্রে ব্যাংকের নিকট জমা করতে হবে। বুচিকা এখন স্কুলে হিসাবশাস্ত্র (accountancy) নিয়ে পড়াশোনা করছে এবং সে একাজে সাহায্য করেছে। হিসাব বিশ্লেষণের সময় ব্যাংক কর্তৃপক্ষ লক্ষ করেন যে, কিছুদিন পূর্বে ক্রয় করা ইমারত (building) যা 7 লক্ষ টাকায় কেনা হয়েছিল তা হিসাব বইতে বর্তমান বাজার মূল্যের নিরিখে 20 লাখ লেখা হয়েছে। অনুরূপভাবে, আগের বছরের তুলনায় মজুত পণ্যের মূল্যায়ন পদ্ধতি পরিবর্তিত হয়েছে। যার ফলস্বরূপ, পণ্যমূল্য প্রায় 15 শতাংশ বৃদ্ধি পেয়েছে। এছাড়াও, একটি ব্যক্তিগত কম্পিউটার (প্রত্যাশিত আয় 5 বছর) ক্রয়ের সম্পূর্ণ ক্রয়মূল্য 70,000 টাকা বর্তমান বছরের লাভের হিসাবে দেখানো হয়েছে। বুচিকার দ্বারা প্রদত্ত আর্থিক তথ্যের উপর ব্যাংকার নির্ভর করতে পারেনি। হিসাবনিকাশকরণের মূল ধারণাসমূহের সাপেক্ষে আর্থিক বিবরণী প্রস্তুতির ক্ষেত্রে বুচিকা যে সকল ভুল-ত্রুটি করেছিল তা সংশোধনের জন্য তাকে উপদেশ দাও।

কার্যপ্রণালী - 2 (Activity 2)

একজন ক্রেতা একজন ব্যবসায়ীর বিরুদ্ধে নিম্নমানের পণ্য সরবরাহ করার জন্য মামলা করেছেন। এটা জ্ঞাত যে আদালতের রায় ক্রেতার পক্ষেই যাবে এবং ব্যবসায়ীকে ক্ষতিপূরণ দিতে হবে। যাই হোক, আইনত ক্ষতিপূরণের পরিমাণ নিশ্চিত ভাবে জানা নেই। হিসাববছর ইতিমধ্যেই শেষ হয়েছে এবং হিসাববই সমূহ লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য চূড়ান্ত করা হয়েছে। যেহেতু আদালতের রায় এখনো আসেনি এবং ক্ষতিপূরণের পরিমাণ নিশ্চিতভাবে জানা সম্ভব নয়, তাই ব্যবসায়ীর হিসাবরক্ষক ব্যবসায়ীকে সম্ভাব্য ক্ষতির পরিমাণ বিবেচনা না করতে উপদেশ দিলেন। তুমি কি মনে কর হিসাবরক্ষক পদ্ধতিগতভাবে সঠিক?

তোমাদের বোধগম্যতা যাচাইয়ের তালিকা (Checklist to Test Your Understanding)**তোমাদের বোধগম্যতার পরীক্ষা - I**

1. (c)
2. (d)
3. (a)
4. (b)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা - II

1. মিলকরণ (Matching)
2. রক্ষণশীলতা (Conservatism)
3. আয় প্রাপ্তি (Revenue Realisation)
4. ধারাবাহিতা (Consistency)
5. বস্তুনিষ্ঠতা (Objectivity)

তোমাদের বোধগম্যতার পরীক্ষা - III

1. 18%
2. পোশাক উপাদান বিক্রয়ের মূল্য 100 টাকা @ 5% এর বেশি নয় এবং 1,000 টাকা @12% -এর বেশি।
3. 5%

লেনদেনসমূহের লিপিবদ্ধকরণ - 1 (Recording of Transactions-I)

অধ্যায় 3

শিক্ষণ উদ্দেশ্যসমূহ

- এই অধ্যায় অধ্যয়নের পর তুমি জানতে পারবে :
- লেনদেনের প্রকৃতির বর্ণনা এবং প্রামাণ্য দলিলাদির উৎস।
- হিসাব রক্ষণের প্রমাণপত্র (Voucher) প্রস্তুতকরণের ব্যাখ্যা:
- লেনদেনে হিসাবনিকাশ সমীকরণের প্রভাব ও তার প্রয়োগ;
- ডেবিট-ক্রেডিট করার নিয়ম ব্যবহার করে লেনদেন লিপিবদ্ধকরণ;
- প্রাথমিক দাখিলার ধারণা এবং লেনদেন জাবেদায় লিপিবদ্ধকরণ সম্পর্কে ব্যাখ্যা;
- খতিয়ান সম্পর্কে ধারণা এবং জাবেদা থেকে খতিয়ানে তোলার পদ্ধতি ব্যাখ্যা।

প্রথম এবং দ্বিতীয় অধ্যায়ে হিসাবরক্ষণের উন্নতি এবং গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়েছে। যা হিসাবনিকাশকরণের মৌলিক ধারণাসহ আর্থিক তথ্যের উৎস এবং যা ব্যবসায়িক লেনদেন লিপিবদ্ধকরণের পথনির্দেশ করে। এটা নির্দেশ করবে যে, হিসাব নিকাশকরণ হল এমন একটি প্রক্রিয়া যা ব্যবসায়িক লেনদেনকে চিহ্নিত করবে, বিচার বিশ্লেষণ করবে, লিপিবদ্ধকরণ, শ্রেণিবদ্ধকরণ এবং সংক্ষিপ্তকরণ করে চূড়ান্তভাবে আগ্রহী তথ্যের হিসাবনিকাশকরণকারীদের নিকট উপস্থাপন করবে।

এই অধ্যায়ে আমরা হিসাব নিকাশকরণের সাথে সম্পর্কিত সমস্ত দিক (step) বিস্তারিতভাবে আলোচনা করব। প্রথম দিকটি লেনদেন নির্ণয়ের সাথে সম্পর্কিত। এই দিকটি লেনদেন তৈরি করা ও লিপিবদ্ধকরণ করার ক্ষেত্রে উৎস নথিপত্র হিসাবে চিহ্নিত হবে এবং প্রাথমিক দাখিলার মূল বইয়ে লিপিবদ্ধকরণ করা হবে, একেই জাবেদা বলে। তারপর মূল বই-এর ব্যক্তিগত হিসাবে দাখিলা দেওয়া হবে, একেই খতিয়ান বলে।

3.1 ব্যবসায়িক লেনদেনসমূহ এবং প্রমাণাদির উৎস

পূর্বের প্রতিশ্রুতি অনুযায়ী আগের পরীক্ষায় ভালো ফল করায় তোমার বাবা তোমাকে একটি কম্পিউটার কিনে দিতে চাইলেন। তুমি তোমার বাবার সাথে বাজারে গিয়ে একটি কম্পিউটার কিনলে, দোকানের মালিক কম্পিউটারের সাথে একটি নগদ রসিদ (Cash Memo) দিল, বিনিময়ে তোমার বাবা দোকানের মালিককে নগদ 35,000 টাকা প্রদান করল। নগদে কম্পিউটার ক্রয় লেনদেনের একটি উদাহরণ, যার সাথে দুটো জিনিসের বিপরীতমুখী বিনিময় ঘটে। (i) নগদ অর্থ প্রদান (ii) একটি কম্পিউটার প্রদান। সুতরাং, লেনদেনের সাথে দুটি দিক যুক্ত 'দেওয়া' এবং 'নেওয়া'। নগদ প্রদান হল 'দেওয়ার' সঙ্গে সম্পর্কিত এবং কম্পিউটার প্রদান হল 'নেওয়ার' সঙ্গে সম্পর্কিত। সুতরাং ব্যবসায়িক লেনদেন, পক্ষগুলোর মধ্যে

আর্থিক বিনিময়কে দুই দিক থেকে প্রভাবিত করে, এবং যা কমপক্ষে দুটি হিসাবে লিপিবদ্ধকরণ করা হয়।

সাধারণত ব্যবসায়িক লেনদেন হল সঠিক প্রমাণাদির সাক্ষ্য। যেমন, ক্যাশমেমো (নগদ মেমো), চালান, বিক্রয়বিল, পে-ইন স্লিপ বা জমা রসিদ, চেক, মাহিনা রসিদ (Salary Slip) ইত্যাদি। প্রমাণাদি যেগুলো লেনদেনের সাক্ষ্য বহণ করে তাদেরকে প্রমাণাদির উৎস বা প্রমাণপত্র বলে। একইভাবে খুচরা খরচাদির বেলায় নির্দিষ্ট ক্ষেত্রে প্রমাণাদির প্রয়োজন নাও হতে পারে। এই ক্ষেত্রে প্রয়োজনীয় বিস্তারিত তথ্য সম্বলিত প্রমাণপত্র তৈরি করে ফার্মের সঠিক আধিকারিকের স্বীকৃতি গ্রহণ করতে হবে। এই প্রমাণাদিগুলো নাম্বার এর ক্রমানুসারে কালানুক্রমিক পদ্ধতিতে একটি নির্দিষ্ট অথবা আলাদা ফাইলে রাখতে হবে। সমস্ত হিসাবের বইগুলো প্রমাণাদির ভিত্তিতে লিপিবদ্ধ করতে হবে।

Transaction Voucher	
Name of Firm :	
Voucher No	:
Date	:
Debit account	:
Credit account	:
Amount (Rs.)	:
Narration	:
Authorised By	:
	Prepared By :

[চিত্র 3.1: লেনদেনের প্রমাণপত্রের নমুনা]

3.1.1 হিসাবনিকাশ প্রমাণপত্র (ভাউচার) প্রস্তুতকরণ

হিসাবনিকাশ প্রমাণপত্র এইভাবে বিভক্ত করা যেতে পারে যেমন; নগদ প্রমাণপত্র (ভাউচার), ডেবিট প্রমাণপত্র, ক্রেডিট প্রমাণপত্র, জাবেদা প্রমাণপত্র ইত্যাদি। হিসাবনিকাশের প্রমাণাদির কোনো নির্দিষ্ট ছক (Format) নেই। উপরের 3.1 চিত্রে একটি সরল লেনদেন প্রমাণপত্রের (Voucher) নমুনা দেওয়া হল অভ্যাস করার জন্য।

যতদিন পর্যন্ত না ওই নির্দিষ্ট বৎসরের নিরীক্ষা কর্মসূচি এবং কর নির্ধারণ কার্য সম্পন্ন হয় ততদিন পর্যন্ত এই সমস্ত প্রমাণপত্র অবশ্যই সংরক্ষিত রাখতে হবে। বর্তমানে কম্পিউটার পদ্ধতি শুরু হওয়ায় সমস্ত প্রমাণপত্র কোড নাম্বার সহযোগে হিসাব নিকাশের প্রয়োজনীয় ডেবিট ও ক্রেডিট করে লেনদেনগুলোর লিপিবদ্ধকরণ করা যায়। একটি লেনদেনের একদিক ডেবিট এবং একদিক ক্রেডিট করে এবং এর জন্য হিসাবাদির প্রয়োজনীয় প্রমাণপত্র তৈরি করে হিসাব রাখাকে লেনদেন প্রমাণপত্র বলে। সেই নকশাটি 3.1 চিত্রে দেখানো হয়েছে। যে প্রমাণ পত্রগুলো বহু ভাগ সম্বলিত ডেবিট/ক্রেডিট এবং এক ভাগ সম্বলিত ক্রেডিট/ডেবিট করে একটি লেনদেনকে আবশ্যিক করে তোলা হয়

তাকে জটিল প্রমাণপত্র বলে। জটিল প্রমাণপত্র এই রকম হইতে পারে (a) ডেবিট প্রমাণপত্র বা (b) ক্রেডিট প্রমাণপত্র। এর একটি নমুনা চিত্র 3.2 এ দেওয়া হল।

Debit Voucher				
Voucher No		:	Date :	
Credit Account		:	Name of Firm :	
Amount		:		
Debit Accounts				
S. No.	Code	Account Name	Amount Rs.	Narration (i.e. Explanation)
Authorised By		:	Prepared By :	

Credit Voucher				
Voucher No		:	Date :	
Debit Account		:	Name of Firm :	
Amount		:		
Credit Accounts				
S. No.	Code	Account Name	Amount Rs.	Narration (i.e. Explanation)
Authorised By		:	Prepared By :	

চিত্র 3.2 : ডেবিট প্রমাণপত্র ও ক্রেডিট প্রমাণপত্র

বহুভাগ সম্বলিত ডেবিট ও বহুভাগ সম্বলিত ক্রেডিট লেনদেনগুলোকে যৌগিক লেনদেন বলে এবং এই লেনদেনগুলোর জন্য যেই প্রমাণপত্র তৈরি করা হয় তাকে যৌগিক প্রমাণপত্র / জাবেদা প্রমাণপত্র বলে। যৌগিক লেনদেনের প্রমাণপত্রের একটি নমুনা 3.3 চিত্রে দেখানো হল।

Journal Voucher				
Voucher No		Name of Firm :		Date :
Debit Accounts				
S. No.	Code	Account Name	Amount Rs.	Narration (i.e. Explanation)
Credit Accounts				
S. No.	Code	Account Name	Amount Rs.	Narration (i.e. Explanation)
Authorised By		Prepared By :		

চিত্র 3.3 : যৌগিক লেনদেনের প্রমাণপত্রের নমুনা

হিসাবনিকাশ প্রমাণপত্রের নকশা, তার প্রকৃতি, প্রয়োজনীয়তা এবং ব্যবসার পরিচালনের উপর নির্ভর করে। হিসাব নিকাশকরণের প্রমাণপত্রের সুনির্দিষ্ট নকশা নেই। বিভিন্ন প্রমাণপত্রের মধ্যে তুলনা করার জন্য বিভিন্ন ধরনের বন্ডের কাগজ এবং মুদ্রণে ব্যবহৃত বিভিন্ন ধরনের চিহ্ন ব্যবহার করা হয়। পূর্বের পাতায় এই ধরনের কয়েকটি নমুনা দেওয়া হয়েছে। একটি হিসাব নিকাশকরণ প্রমাণপত্রে অবশ্যই নিম্নলিখিত প্রয়োজনীয় বিষয়গুলো থাকবে :

- এটি খুব ভালো কাগজে লিখতে হবে।
- ফার্মের নাম সবার উপরে মুদ্রিত থাকতে হবে।
- যে তারিখে লেনদেন সংগঠিত হবে ওই তারিখেই পূরণ করতে হবে এবং লিপিবদ্ধকরণের তারিখের কোন প্রয়োজন নেই।
- প্রমাণপত্রের সংখ্যা ক্রমানুসারে রাখতে হবে।

- হিসাব ডেবিট হবে না ক্রেডিট হবে তার উল্লেখ থাকতে হবে।
- ডেবিট ও ক্রেডিটের টাকা টাকার ঘরে অঙ্ক লিখতে হবে।
- হিসাব অনুযায়ী লেনদেনের বর্ণনা দিতে হবে।
- যিনি প্রমাণপত্র তৈরি করবেন তিনি সহসহ তার নাম অবশ্যই উল্লেখ করবেন।
- স্বীকৃত ব্যক্তির সহি, নাম অবশ্যই প্রমাণপত্রে উল্লেখ করতে হবে।

3.2 হিসাবনিকাশকরণের সমীকরণ

হিসাবনিকাশের সমীকরণ কোনো ব্যবসা প্রতিষ্ঠানের সম্পত্তির পরিমাণ সর্বদাই তার দেনা ও মূলধনের সমান তা— প্রকাশ করে (মালিকের স্বত্বাধিকার) সমীকরণটি এইরূপ।

$$A = L + C$$

যেখানে, A = Assets (সম্পত্তি)

L = Liabilities (দেনা)

C = Capital (মূলধন)

উপরের সমীকরণটিকে আবার নিম্নরূপে প্রকাশ করা যায়, যাতে করে মূলধন অথবা দেনা থেকে কোনো লুপ্ত সংখ্যা বের করা যায়।

$$i. A - L = C \quad A = \text{Assets (সম্পত্তি)}$$

L = Liabilities (দেনা)

C = Capital (মূলধন)

সুতরাং, হিসাবনিকাশের সমীকরণ উদ্বর্তপত্রের সব তথ্যগুলোর মধ্যে মৌলিক সম্পর্ক রক্ষা করে। একে উদ্বর্তপত্রের সমীকরণও বলা হয়। নাম বলতে গেলে উদ্বর্তপত্র হল সম্পত্তি, দেনা ও মূলধনের একটি বিবরণী। যে কোনো সময়ের দিক থেকে কোনো ব্যবসায়িক সত্তার সম্পদ সরবরাহকারীর দাবির সমান হবে। মালিক এবং বাইরের লোকেরাই ব্যবসায়ী প্রতিষ্ঠানের সম্পদ সরবরাহ করে থাকে। মালিক যা দাবি করে তাকেই মূলধন বলে এবং বাইরের লোকদের সরবরাহকৃত সম্পদ হল দেনা। সমীকরণের প্রত্যেকটি জিনিসই উদ্বর্তপত্রের অংশ, যা কোন নির্দিষ্ট দিনে কোন ব্যবসা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা নিরূপণ করে। যখন আমরা কোনো লেনদেন বিশ্লেষণ করি, তখন আমরা সত্যিই জানতে চাই যে কীভাবে এই লেনদেনের জন্য ব্যবসা প্রতিষ্ঠানের উদ্বর্তপত্র প্রভাবিত হবে।

উদ্বর্তপত্রের সম্পত্তির দিক, সম্পত্তির তালিকা যার মালিক ব্যবসায়িক প্রতিষ্ঠান, উদ্বর্তপত্রের দেনার দিক হল মালিকের দাবি ও বাইরের লোকদের দাবির পরিমাণ অর্থাৎ যা ব্যবসা প্রতিষ্ঠানের দেনার পরিমাণ। উদ্বর্তপত্রের

সম্পত্তির দিক এবং দেনার দিকের সমতা একটি অনস্বীকার্য ঘটনা। আর এর নামকরণ হিসাবনিকাশকরণের সমীকরণ ও উদ্বর্তপত্র সমীকরণ হিসাবে যথার্থ।

উদাহরণস্বরূপ রোহিত 5,00,000 টাকার মূলধন নিয়ে ব্যবসা শুরু করল। হিসাবনিকাশকরণের দিকে ব্যবসায়িক প্রতিষ্ঠানের সম্পদ নগদ 5,00,000 টাকা। ব্যবসায়িক প্রতিষ্ঠানের উৎস হল রোহিত (মালিক) কর্তৃক নিয়োজিত মূলধন 5,00,000 টাকা।

[বোঝার সুবিধার্থে আমরা এই উদাহরণটি 1 নং উদাহরণ হিসাবে সমস্ত অধ্যায়ে আলোচনা করব।
আমরা যদি এই তথ্যটি সম্পদ এবং উৎসের সমতা হিসাবে তুলে ধরি তবে নীচের চিত্রটি পাওয়া যাবে :

Books of Rohit
Balance Sheet as at

<i>Liabilities</i>	<i>Amount Rs.</i>	<i>Assets</i>	<i>Amount Rs.</i>
Capital	5,00,000	Cash in hand	5,00,000
	5,00,000		

উপরের উদ্বর্তপত্রে, ব্যবসার মোট সম্পত্তি মোট দেনার সমান। যদিও ব্যবসার কোনো কার্যকলাপ এখনও শুরু হয়নি এবং কোন লাভও উপার্জন করেনি। এখনও নিয়োজিত মূলধনের পরিমাণ 5,00,000 টাকা। যদি কোনো লাভ উপার্জিত হয় তাহলে বিনিয়োজিত অর্থের পরিমাণ বাড়বে, অপরদিকে ব্যবসায় যদি কোনো ক্ষতি হয় তাহলে ব্যবসার বিনিয়োজিত অর্থের পরিমাণ কমবে।

এখন আমরা 1 নং উদাহরণে প্রদত্ত লেনদেনগুলোও বিভিন্ন দিকে তাদের প্রভাব আলোচনা করব, এবং তুমি লক্ষ করবে যে, হিসাবনিকাশের সমীকরণ সবসময় ভারসাম্য বজায় রাখে।

উদাহরণ ১

1. ভারতীয় স্টেট ব্যাংকে 4,80,000 টাকার একটি ব্যাংক হিসাবখাত খোলা হল। লেনদেনের বিশ্লেষণ : এই লেনদেনের ফলে ব্যাংকে নগদ অর্থের পরিমাণ বাড়ল, নগদ (সম্পত্তি) অর্থ কমল 4,80,000 টাকা।
2. 60,000 টাকার আসবাবপত্র ক্রয় করা হল এবং তার জন্য আজকের তারিখেই চেক কাটা হল। লেনদেনের বিশ্লেষণ : এই লেনদেনের ফলে আসবাবপত্র বাড়ল এবং (সম্পত্তি) ব্যাংকে গচ্ছিত অর্থের পরিমাণ কমল 60,000 টাকা (সম্পত্তি)।
3. মেসার্স রামজি লাল থেকে 1,25,000 টাকার যন্ত্রপাতি এবং কলকজা ক্রয় করা হল এবং অগ্রিম 10,000 টাকা প্রদান করা হল।

লেনদেন বিশ্লেষণ : এই লেনদেনের ফলে যন্ত্রপাতি ও কলকজার পরিমাণ (সম্পত্তি) 1,25,000 টাকা বৃদ্ধি পেল নগদ অর্থ 10,000 টাকা কমল এবং দেনার পরিমাণ বাড়ল (মেসার্স রামজিলাল এর হিসাবে পাওনাদার হিসাবে) 1,15,000 টাকা।

4. মেসার্স সুমিত ট্রেডার্স থেকে 55,000 টাকার পণ্য ক্রয় করা হল। লেনদেন বিশ্লেষণ - এই লেনদেনের ফলে পণ্য (সম্পত্তি) বৃদ্ধি পেল এবং দেনা (পাওনাদার হিসাবে মেসার্স সুমিত ট্রেডার্স এর হিসাবে) বাড়ল 55,000 টাকা।
5. 25,000 টাকা মূল্যের পণ্য রজনী এন্টারপ্রাইজের নিকট 35,000 টাকায় বিক্রয় করা হল।

লেনদেন বিশ্লেষণ : এই লেনদেনের ফলে মজুত পণ্যের (সম্পত্তি) পরিমাণ 25,000 টাকা কমল এবং সম্পত্তি (দেনাদার হিসাবে রজনী এন্টারপ্রাইজের) বাড়ল 35,000 টাকা এবং মূলধন 10,000 টাকা বাড়ল (10,000 টাকা লাভ)

উপরের বিশ্লেষণ টেবিলের চূড়ান্ত সমীকরণ সংক্ষিপ্তকারে নীচের উদ্বর্তপত্রে দেওয়া হল :

Balance Sheet as at.....2017

<i>Liabilities</i>	<i>Amount Rs.</i>	<i>Assets</i>	<i>Amount Rs.</i>
Outsider's Claims (Creditors)	1,70,000	Cash	10,000
Capital	5,10,000	Bank	4,20,000
		Debtors	35,000
		Stock	30,000
		Furniture	60,000
		Plant & Machinery	1,25,000
	6,80,000		6,80,000

হিসাবনিকাশকরণ সমীকরণের প্রেক্ষিতে

$$A = L + C$$

যেখানে, A = Assets (সম্পত্তি), L = Liabilities (দেনা), C = Capital (মূলধন)

$$Rs. 6,80,000 = Rs. 1,70,000 + Rs. 5,10,000$$

3.3 ডেবিট এবং ক্রেডিটের ব্যবহার

এর মধ্যে জেনেছ যে, প্রত্যেকটি লেনদেনের দুটি দিক থাকে 'দেওয়া' এবং 'নেওয়া'। হিসাবনিকাশকরণের দু-তরফা দাখিলা পদ্ধতিতে যে-কোনো লেনদেনকে কমপক্ষে দুটি হিসাবখাতে লিপিবদ্ধকরণ করা হয়। মোট 'ডেবিট' মূল্য অবশ্যই মোট 'ক্রেডিট' মূল্যের সমান হবে। হিসাবনিকাশকরণে শব্দ দুটি 'ডেবিট' এবং 'ক্রেডিট' প্রকাশ করে যে লেনদেনটি হিসাবখাতের বামদিকে না ডানদিকে লিপিবদ্ধকরণ করা হয়েছে। খুব সহজে বলা যায়— হিসাবখাতের আকার (Shape) দেখতে ইংরেজি T বর্ণের মতো। এই সরল রূপকে T - হিসাবখাত বলে (চিত্র 3.4 -এ দেখানো হল)। T-নকশার (Format) বামদিক এবং ডানদিক থাকে; লেনদেনের হ্রাস বৃদ্ধি লিপিবদ্ধকরণ করার জন্য। হিসাবনিকাশকরণের সমাপ্তিতে প্রতিটি অংশের (Item) চূড়ান্ত অবস্থা নির্ণয়ে খুব সাহায্য করে। উদাহরণ হিসাবে, যদি এটা কোনো খরিদারের হিসাব হয় তবে উনার কাছে যে যে পণ্য বিক্রি করা হয়েছে সব হিসাবখাতের বামদিকে আসবে এবং উনার নিকট থেকে যা যা প্রাপ্তি হবে সব হিসাবখাতের ডানদিকে আসবে। দুই দিকের (ডেবিট ও ক্রেডিট) পার্থক্যকে জের বলে (Balance)। এই জের খরিদারের বকেয়া আছে বুঝতে হবে। একটি T হিসাবখাতের বামদিক

নিম্নলিখিত বিশ্লেষণাত্মক সারণিতে লেনদেনের হিসাব সমীকরণের সংক্ষিপ্ত প্রভাবসমূহ

(The summary of effects of transactions on accounting equation is in the following analysis table:)

(Figures in rupees)

Transaction No.	Cash	Bank	Assets Debtors	Goods (Stock)	Furniture	Plant and Machinery	Total Assets	Liabilities	Capital	Total
	5,00,000						5,00,000	5,00,000	5,00,000
1. Post Trans. Equation	(4,80,000) 20,000	4,80,000 4,80,000				 5,00,000	 5,00,000 5,00,000
2. Post Trans. Equation 20,000	(60,000) 4,20,000			60,000 60,000	 5,00,000	 5,00,000 5,00,000
3. Post Trans. Equation	(10,000) 10,000	4,20,000			60,000	1,25,000 1,25,000	1,15,000 6,15,000	1,15,000 1,15,000	5,00,000	1,15,000 6,15,000
4. Post Trans. Equation	10,000	4,20,000		55,000 55,000	60,000	1,25,000	55,000 6,70,000	55,000 1,70,000	5,00,000	55,000 6,70,000
5. Post Trans. Equation			35,000	(25,000)			10,000		10,000	10,000
Final Equation	10,000	4,20,000	35,000	30,000	60,000	1,25,000	6,80,000	1,70,000	5,10,000	6,80,000

হল ডেবিট (debit) (সংক্ষেপে Dr. বলে) এবং ডানদিক হল ক্রেডিট (credit) (সংক্ষেপে 'Cr' বলে)। বামদিকের টাকার অঙ্ক হিসাবখাতের ডেবিট দিকে বসবে (আসবে)। আর ডানদিকের টাকার অঙ্ক ক্রেডিট দিকে বসবে।

Account Title (হিসাবখাত নামকরণ)	
Left Side (বামদিক)	Right Side (ডানদিক)

চিত্র 3.4 T - হিসাবখাত

লেনদেনের হিসাবনিকাশকরণের সমীকরণের সারাংশ নীচের বিশ্লেষণাত্মক টেবিল প্রদর্শিত হল।

3.3.1 ডেবিট ও ক্রেডিট করার নিয়ম

লেনদেন লিপিবদ্ধ করার জন্য সমস্ত হিসাবখাতকে পাঁচ ভাগে বিভক্ত করা হয় : a) সম্পত্তি (Asset) (b) দেনা (Liability) (c) মূলধন (Capital) (d) ব্যয়/ক্ষতির (Expenses/Losses) (e) আয়/লাভ (Revenues / Gains)

এই হিসাবখাতগুলো পরিবর্তন হিসাবখাতে লিপিবদ্ধ করার জন্য দুটি মূল নীতি অনুসরণ করা হয়।

- সম্পত্তি/ব্যয় (ক্ষতি) এর পরিবর্তন লিপিবদ্ধ করার জন্য :
 - সম্পত্তির বৃদ্ধি 'ডেবিট' এবং সম্পত্তির হ্রাস 'ক্রেডিট'।
 - ব্যয়/ক্ষতির বৃদ্ধি 'ডেবিট' এবং ব্যয়/ক্ষতির হ্রাস 'ক্রেডিট'।
- দেনা এবং মূলধন / আয় (লাভ) এর পরিবর্তন লিপিবদ্ধ করার জন্য :
 - দেনার বৃদ্ধি 'ক্রেডিট' এবং দেনার হ্রাস 'ডেবিট'।
 - মূলধন বৃদ্ধি 'ক্রেডিট' এবং মূলধন হ্রাস 'ডেবিট'।
 - আয়/লাভ এর বৃদ্ধি 'ক্রেডিট' এবং আয়/লাভ এর হ্রাস 'ডেবিট'।

বিভিন্ন হিসাবখাতের প্রযোজ্য নিয়মগুলো নীচের চার্টে সংক্ষিপ্তকারে প্রদর্শিত হল :

'ডেবিট ও 'ক্রেডিট' এর নিয়ম (Rules of Debit and Credit)

Asset (সম্পত্তি)		Liabilities (দেনা)	
Increase (বৃদ্ধি) +	Decrease (হ্রাস) -	Increase (বৃদ্ধি) +	Decrease (হ্রাস) -
Debit (ডেবিট)	Credit (ক্রেডিট)	Debit (ডেবিট)	Credit (ক্রেডিট)
Capital (মূলধন)			
Increase (বৃদ্ধি) +	Decrease (হ্রাস) -	Expenses/Losses (ব্যয় / ক্ষতি)	
Debit (ডেবিট)	Credit (ক্রেডিট)	Increase (বৃদ্ধি) +	Decrease (হ্রাস) -
Revenues/Gains (আয়/লাভ)		Debit (ডেবিট)	Credit (ক্রেডিট)
Increase (বৃদ্ধি) +	Decrease (হ্রাস) -		
Debit (ডেবিট)	Credit (ক্রেডিট)		

ডেবিট ও ক্রেডিট করার নিয়ম শিখার/জানার জন্য আগের 1 নং উদাহরণ তোমাদের সাহায্য করবে। বিশ্লেষণ টেবিল খুব যত্নসহকারে লক্ষ করলে তুমি অবশ্যই পরেরটি করার আগেই বুঝতে পারবে, বিভিন্ন ঘটনার পরিপ্রেক্ষিতে আরও তিনটি উদাহরণ যুক্ত করা হল। [লেনদেন 7 থেকে 9]।

1. **রোহিত 5,00,000 টাকা নগদ নিয়ে ব্যবসা শুরু করল**

লেনদেন বিশ্লেষণ : এই লেনদেনে একদিকে নগদ অর্থ বৃদ্ধি হবে এবং অন্যদিকে মূলধন বৃদ্ধি পাবে। সম্পত্তির বৃদ্ধি ডেবিট এবং মূলধনের বৃদ্ধি ক্রেডিট। অতএব নগদ অর্থ ডেবিট করে এবং রোহিতের মূলধনকে ক্রেডিট করে লেনদেনটি লিপিবদ্ধ করো।

Cash Account (নগদ হিসাব)		Capital Account (নগদ হিসাব)	
(1) 5,00,000			(1) 5,00,000
			(6) 10,000

2. **4,80,000 টাকায় ব্যাংকে হিসাব খোলা হল**

লেনদেন বিশ্লেষণ : এই লেনদেনে একদিকে ব্যাংকে নগদ অর্থের পরিমাণ বাড়ল এবং অন্যদিকে হাতে গচ্ছিত নগদ অর্থের পরিমাণ কমল। সম্পত্তির বৃদ্ধি ডেবিট এবং সম্পত্তির হ্রাস ক্রেডিট। অতএব ব্যাংক হিসাবকে ডেবিট করে এবং নগদ হিসাবকে ক্রেডিট করে লেনদেনটি লিপিবদ্ধ করো।

Cash Account (নগদ হিসাব)		Bank Account (ব্যাংক হিসাব)	
(1) 5,00,000	(2) 4,80,000	(2) 4,80,000	

3. **60,000 টাকার আসবাবপত্র ক্রয় করা হল এবং এরজন্য চেক কাটা হল।**

লেনদেন বিশ্লেষণ : এই লেনদেনে একদিকে আসবাবপত্র (সম্পত্তি) বৃদ্ধি পেল এবং অন্যদিকে ব্যাংকে কমল (Assets/সম্পত্তি) 60,000 টাকা। সম্পত্তির বৃদ্ধি ডেবিট এবং সম্পত্তির হ্রাস ক্রেডিট। অতএব আসবাবপত্র ডেবিট করে ও ব্যাংক হিসাব ক্রেডিট করে লেনদেনটি লিপিবদ্ধ করো।

Furniture Account (আসবাবপত্র হিসাব)		Bank Account (ব্যাংক হিসাব)	
(1) 60,000		(2) 4,80,000	(3) 60,000

4. **ব্যবসার জন্য রামজিলাল থেকে 1,25,000 টাকা মূল্যের যন্ত্রপাতি এবং কলকজা ক্রয় করা হল এবং নগদ 10,000 টাকা অগ্রিম দেওয়া হল**

লেনদেনে বিশ্লেষণ : এই লেনদেনে যন্ত্রপাতি এবং কলকজা (সম্পত্তি) 1,25,000 টাকা বৃদ্ধি পেল, নগদ অর্থ 10,000 টাকা কমল এবং দেনা (মেসার্স রামজিলাল পাওনাদার হিসাবে) 1,15,000 টাকা বাড়ল। সম্পত্তির বৃদ্ধি ডেবিট যেখানে সম্পত্তির হ্রাস ক্রেডিট। অপরদিকে দেনার বৃদ্ধি ক্রেডিট। অতএব আসবাবপত্রের হিসাবকে ডেবিট করেও নগদ হিসাব ও রামজিলাল এর হিসাবকে ক্রেডিট করে লেনদেনটি লিপিবদ্ধ করো :

Cash Account (নগদ হিসাব)		Plant and Machinery Account (যন্ত্রপাতি এবং কলকজার হিসাব)	
(1) 5,00,000	(2) 4,80,000	(4) 1,25,000	
	(4) 10,000		

Ramjee Lal's Account (রামজি লালের হিসাব)	
	(4) 1,15,000

5. সুমিত ট্রেডার্স থেকে 55,000 টাকা মূল্যের পণ্য ক্রয় করা হল

লেনদেনের বিশ্লেষণ : এই লেনদেন ক্রয় (খরচ) বৃদ্ধি পেল এবং দেনা (মেসার্স সুমিত ট্রেডার্স পাওনাদার হিসাবে) বৃদ্ধি পেল 55,000 টাকা। খরচ বৃদ্ধি ডেবিট এবং দেনা বৃদ্ধি ক্রেডিট। অতএব ক্রয় হিসাবকে ডেবিট এবং সুমিত ট্রেডার্স হিসাবকে ক্রেডিট করে লেনদেনটি লিপিবদ্ধ করো।

Purchases Account (ক্রয় হিসাব)		Sumit Traders Account (সুমিত ট্রেডার্সের হিসাব)	
(5) 55,000			(5) 55,000

6. রজনী এন্টারপ্রাইজের নিকট 25,000 টাকা মূল্যের পণ্য 35,000 টাকায় বিক্রয় করা হল

লেনদেনের বিশ্লেষণ : এই লেনদেনে বিক্রয় (আয়) বৃদ্ধি পেল এবং সম্পত্তি (দেনাদার হিসাবে রজনী এন্টারপ্রাইজ) বৃদ্ধি পেল। সম্পত্তির বৃদ্ধি ডেবিট এবং আয় বৃদ্ধি ক্রেডিট। অতএব ক্রয় রজনী এন্টারপ্রাইজ হিসাবকে ডেবিট এবং বিক্রয় হিসাবকে ক্রেডিট করে লেনদেনটি লিপিবদ্ধ করো।

Sales Account (বিক্রয় হিসাব)		Rajani Enterprises Account (রজনী এন্টারপ্রাইজের হিসাব)	
	(6) 35,000	(6) 35,000	

7. মাসিক গুদাম ভাড়া 2,500 টাকা দেওয়া হল (নগদে)

লেনদেন বিশ্লেষণ : ভাড়া দেওয়া হল একটি খরচ যা মূলধন হ্রাস করে, ফলে ডেবিট করতে হবে। আর ক্রেডিট হবে Cash (নগদ অর্থ) কারণ সম্পত্তি হ্রাস পেয়েছে।

Rent Account (ভাড়ার হিসাব)		Cash Account (নগদ হিসাব)	
(7) 2,500		(7) 5,00,000	(2) 4,80,000
			(4) 10,000
			(7) 2,500

8. অফিসের কর্মচারীদের 5,000 টাকা মাহিনা / বেতন প্রদান করা হল

লেনদেন বিশ্লেষণ : বেতন দেওয়া হল খরচ যা মূলধন হ্রাস করে, ফলে ডেবিট করতে হবে। ক্রেডিট হবে Cash (নগদ অর্থ) কারণ সম্পত্তি হ্রাস পেয়েছে।

Salary Account (মাহিনা হিসাব)		Cash Account (নগদ হিসাব)	
(8) 5,000		(1) 5,00,000	(2) 4,80,000
			(4) 10,000
			(7) 2,500
			(8) 5,000

9. রজনী এন্টারপ্রাইজ থেকে চেকে সম্পূর্ণ (প্রাপ্য) অর্থ পাওয়া গেল এবং একই দিনে ব্যাংকে জমা দেওয়া হল।

লেনদেন বিশ্লেষণ : এই লেনদেনে একদিকে সম্পত্তি (ব্যাংক) বৃদ্ধি পেল এবং অন্য দিকে সম্পত্তি (দেনাদার হিসাবে রজনী এন্টারপ্রাইজ) কমল। সম্পত্তি বৃদ্ধি ডেবিট এবং সম্পত্তি হ্রাস ক্রেডিট। অতএব ব্যাংক হিসাবকে ডেবিট এবং রজনী এন্টারপ্রাইজ হিসাবকে ক্রেডিট করে লেনদেনটিকে হিসাবে লিপিবদ্ধ করো।

Rajani Enterprises Account		Bank's Account (ব্যাংক হিসাব)	
(6) 35,000	(9) 35,000	(2) 4,80,000	(3) 60,000
		(9) 35,000	

তোমাদের বোধগম্যতার পরীক্ষা - 1

- দ্বিতরফা দাখিলা পদ্ধতিতে হিসাবনিকাশকরণে প্রয়োজন—
 - সমস্ত লেনদেনের ক্ষেত্রে সম্পত্তির হিসাবকে ডেবিট করলে অবশ্যই দেনা অথবা মূলধনের হিসাবকে ক্রেডিট করবে।
 - কোনো লেনদেনে দেনার হিসাবকে ডেবিট করলে সম্পত্তির হিসাবকে ক্রেডিট করার প্রয়োজন।
 - প্রত্যেক লেনদেনের অবশ্যই সমপরিমাণ অর্থ ডেবিট ও ক্রেডিট লিপিবদ্ধ করতে হবে।
- বিভিন্ন প্রকার লেনদেনের উদ্ভূতি করো যা মূলধন হিসাবকে বাড়ায় এবং কমায়।
- ডেবিট কি সববেলায় বৃদ্ধি এবং ক্রেডিট কি সববেলায় হ্রাস বোঝায় ?
- নীচের কোন্ উত্তরগুলো সঠিকভাবে বিন্যস্ত হয়েছে যেগুলো সাধারণত হিসাবখাতে ব্যবহৃত হয়

(1) Building (2) Wages (3) Credit sales (4) Credit purchases (5) Electricity charges due but not yet paid (outstanding electricity bills) (6) Godown rent paid in advance (prepaid godown rent) (7) Sales (8) Fresh capital introduced (9) Drawings (10) Discount paid

	Assets	Liabilities	Capital	Revenue	Expense
(i)	5,4,	3,	9,6	2,10	8,7
(ii)	1, 6	4, 5	8	7, 3	2,9,10
(iii)	2,10,4	4,6	8	7,5	1,3,9

সম্পত্তি এবং দেনার ভিত্তিতে সমস্ত ভিত্তিতে সমস্ত লেনদেনগুলো বিশ্লেষণ করে দেখাও যে, হিসাবনিকাশ সমীকরণের (A = L + C) উভয়দিক সর্বদাই সমান।

- নগদে 8,00,000 টাকা এবং মজুত পণ্য হিসাবে 50,000 টাকা নিয়োজিত হল।

- (ii) 3,00,000 টাকার যন্ত্রপাতি ক্রয় করে 15,000 টাকা নগদে প্রদান করা হল এবং অবিশিষ্ট অর্থ পরবর্তী তারিখে প্রদেয়।
- (iii) 6,00,000 টাকা ব্যাংকে জমা করা হল।
- (iv) 1,00,000 টাকার আসবাবপত্র ক্রয় করে চেকে প্রদান করা হল।
- (v) নগদে 80,000 টাকার এবং বাকিতে 35,000 টাকা মূল্যের পণ্য ক্রয় করা হল।
- (vi) 45,000 টাকা মূল্যের পণ্য 60,000 টাকায় নগদ ভিত্তিতে বিক্রয় করা হল।
- (vii) 80,000 টাকা মূল্যের পণ্য 1,25,000 টাকায় বাকিতে বিক্রয় করা হল।
- (viii) পণ্য সরবরাহকারীকে 35,000 টাকার চেক কাটা হল।
- (ix) দেনাদারের নিকট থেকে 75,000 টাকা মূল্যের চেক পাওয়া গেল।
- (x) মালিক ব্যক্তিগত প্রয়োজনে 25,000 টাকা উত্তোলন করল।

সমাধান

i নং লেনদেনে সম্পত্তির দিকে নগদ এবং মজুত পণ্য এবং অপরদিকে হবে মূলধন। সমীকরণের সম্পত্তির দিকে নগদ বৃদ্ধি হল 8,00,000 টাকা এবং মজুত পণ্য বৃদ্ধি হল 50,000 টাকা এবং অপরদিকে মূলধন বাড়ল 8,50,000 টাকার।

Rs.

Assets		=	Liabilities + Capital
Cash	+ Inventory (Stock)	=	
8,00,000	+ 50,000	=	8,50,000
Total	8,50,000	=	8,50,000

ii নং লেনদেনে হিসাবনিকাশ সমীকরণের সম্পত্তির দিকে নগদ ও যন্ত্রপাতি ও কলকজা অপরদিকে দেনাকে প্রভাবিত করেছে। যন্ত্রপাতি ও কলকজার বৃদ্ধি হয়েছে 3,00,000 টাকা এবং নগদ হ্রাস হয়েছে 15000 টাকা। যন্ত্রপাতি ও কলকজা সরবরাহকারীর নিকট দেনা বৃদ্ধি পেয়েছে 2,85,000 টাকা।

Rs.

Assets		=	Liabilities + Capital
Cash	+ Inventory + Plant and Machinery	=	
8,00,000	+ 50,000	=	8,50,000
(15,000)		=	2,85,000
7,85,000	+ 50,000 + 3,00,000	=	2,85,000 + 8,50,000
Total	11,35,000	=	11,35,000

iii নং লেনদেনে লেনদেনটির সম্পত্তির দিক কেবলমাত্র পরিবর্তিত হয়েছে। সম্পত্তির দিকের সমষ্টিরই কেবলমাত্র পরিবর্তিত হয়েছে 6,00,000 টাকার নগদ হ্রাস পেয়েছে এবং একই পরিমাণ অর্থের জন্য ব্যাংক বৃদ্ধি পেয়েছে।

Rs.

Assets		=	Liabilities + Capital
Cash	+ Inventory + Plant and Machinery + Bank	=	
7,85,000	+ 5,000 + 3,00,000	=	2,85,000 + 8,50,000
(6,00,000)		=	
1,85,000	+ 50,000 + 3,00,000 + 6,00,000	=	2,85,000 + 8,50,000
Total	11,35,000	=	11,35,000

iv নং লেনদেনে কেবলমাত্র সম্পত্তির দিক পরিবর্তিত হয়েছে। সম্পত্তির দিকের সমষ্টির পরিবর্তন হয়েছে। আসবাবপত্র বৃদ্ধি পেয়েছে 1,00,000 টাকার এবং সমপরিমাণ অর্থের জন্য ব্যাংক হ্রাস পেয়েছে।

Rs.

Assets					= Liabilities + Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	
1,85,000	+ 50,000	+ 3,00,000	+ 6,00,000		= 2,85,000 + 8,50,000
			(1,00,000)	+ 1,00,000	
1,85,000	+ 50,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	= 2,85,000 + 8,50,000
Total	11,35,000				= 11,35,000

v নং লেনদেনে সম্পত্তির দিকে নগদ এবং মজুত পণ্যকে প্রভাবিত করেছে এবং অন্যদিকে দেনাকে প্রভাবিত করেছে। হিসাবনিকাশ করণের সমীকরণে সম্পত্তির দিকে 80,000 টাকা হ্রাস পেয়েছে এবং মজুত পণ্য 1,15,000 টাকা বৃদ্ধি পেয়েছে। দেনার বৃদ্ধি হয়েছে 35,000 টাকা।

Rs.

Assets					= Liabilities + Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	
1,85,000	+ 50,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	= 2,85,000 + 8,50,000
(80,000)	+ 1,15,000				= 35,000
1,05,000	+ 1,65,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	= 3,20,000 + 8,50,000
Total	11,70,000				= 11,70,000

vi নং লেনদেনে সম্পত্তির দিকে নগদ এবং মজুত পণ্যের এবং অন্যদিকে মূলধনকে প্রভাবিত করেছে। সমীকরণের সম্পত্তির দিকে নগদ 60,000 টাকার বৃদ্ধি হয়েছে এবং মজুত পণ্য 45,000 টাকা হ্রাস পেয়েছে। মূলধনের বৃদ্ধি হয়েছে 15,000 টাকা।

Rs.

Assets					= Liabilities + Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	
1,05,000	+ 1,65,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	= 3,20,000 + 8,50,000
60,000	+ (45,000)				+ 15,000
1,65,000	+ 1,20,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	= 3,20,000 + 8,65,000
Total	11,85,000				= 11,85,000

vii নং লেনদেনে সম্পত্তির দিকে দেনাদার এবং মজুত পণ্য ও অন্যদিকে মূলধনকে প্রভাবিত করেছে। সমীকরণের সম্পত্তির দিকে দেনাদার বৃদ্ধি হয়েছে 1,25,000 টাকা এবং মজুত পণ্য হ্রাস পেয়েছে 80,000 টাকা। মূলধন বৃদ্ধি পেয়েছে 45,000 টাকা।

Rs.

Assets						= Liabilities + Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	+ Debtors	
1,65,000	+ 1,20,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000		= 3,20,000 + 8,65,000
	(80,000)				+ 1,25,000	= + 45,000
1,65,000	+ 40,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	+ 1,25,000	= 3,20,000 + 9,10,000
Total	12,30,000					= 12,30,000

viii নং লেনদেনে সম্পত্তির দিকে ব্যাংক এবং অন্যদিকে দেনাকে প্রভাবিত করেছে। সম্পত্তির দিকে ব্যাংক কমেছে 35,000 টাকা এবং দেনাও কমেছে 35,000 টাকা।

Rs.

Assets						=	Liabilities	+	Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	+ Debtors				
1,65,000	+ 40,000	+ 3,00,000	+ 5,00,000	+ 1,00,000	+ 1,25,000	=	3,20,000	+	9,10,000
			(35,000)			=	(35,000)		
1,65,000	+ 40,000	+ 3,00,000	+ 4,65,000	+ 1,00,000	+ 1,25,000	=	2,85,000	+	9,10,000
Total	11,95,000					=	11,95,000		

ix নং লেনদেনে কেবলমাত্র সম্পত্তির দিককে প্রভাবিত করেছে। সম্পত্তির দিকের সমষ্টি পরিবর্তিত হয়েছে। ব্যাংক বৃদ্ধি পেয়েছে 75,000 টাকা এবং সমপরিমাণ টাকার দেনাদার কমেছে।

Rs.

Assets						=	Liabilities	+	Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	+ Debtors				
1,65,000	+ 40,000	+ 3,00,000	+ 4,65,000	+ 1,00,000	+ 1,25,000	=	2,85,000	+	9,10,000
			+ 75,000			=	(75,000)		
1,65,000	+ 40,000	+ 3,00,000	+ 5,40,000	+ 1,00,000	+ 50,000	=	2,85,000	+	9,10,000
Total	11,95,000					=	11,95,000		

X নং লেনদেনে সম্পত্তির দিকে নগদ (cash) কে এবং অন্যদিকে মূলধনকে প্রভাবিত করেছে। সম্পত্তির দিকে নগদ (cash) কমেছে 25,000 টাকা, অন্যদিকে মূলধন কমেছে 25,000 টাকা।

Rs.

Assets						=	Liabilities	+	Capital
Cash	+ Inventory	+ Plant and Machinery	+ Bank	+ Furniture	+ Debtors				
1,65,000	+ 40,000	+ 3,00,000	+ 5,40,000	+ 1,00,000	+ 50,000	=	2,85,000	+	9,10,000
(25,000)						=		+	(25,000)
1,40,000	+ 40,000	+ 3,00,000	+ 5,40,000	+ 1,00,000	+ 50,000	=	2,85,000	+	8,85,000
Total	11,95,000					=	11,95,000		

3.4 মূল দাখিলার বই (Books of Original Entry)

পূর্ববর্তী আলোচনায় (পৃষ্ঠায়) তোমরা ডেবিট ও ক্রেডিট সম্পর্কে জেনেছ এবং দেখেছ লেনদেন কীভাবে হিসাব খাতকে প্রভাবিত করে। লেনদেনের এই বিশ্লেষণ এবং তাদের প্রভাব সরাসরি হিসাবখাতে লিপিবদ্ধকরণ শিক্ষণীয় অনুশীলনী হিসাবে সাহায্য করবে। যদিও সঠিক হিসাববিকাশ পদ্ধতিতে লেনদেনগুলোকে সরাসরি হিসাবখাতে লিপিবদ্ধ করা হয় না। প্রথমে যে বইতে লেনদেন লিপিবদ্ধ করা হয় তাকে জাবেদা (Journal) অথবা মূল দাখিলার বই বলে। পূর্বেই আলোচনা করা হয়েছে, জাবেদায় লেনদেন লিপিবদ্ধ করার জন্য, উৎস নথিপত্রের প্রয়োজন। এই ধরনের অভ্যাস কোনো লেনদেনকে কোনো স্থানে সম্পূর্ণভাবে লিপিবদ্ধকরণ করণে সহায়তা করে, এবং প্রত্যেকটি লেনদেনের 'ডেবিট' ও 'ক্রেডিট' কে যুক্ত করে। প্রত্যেকটি লেনদেনকে ডেবিট ও ক্রেডিট করার পর জাবেদায় অন্তর্ভুক্ত করা হয় এবং পরে আলাদা আলাদা হিসাবে স্থানান্তরিত করা হয়। জাবেদায় এই লেনদেন লিপিবদ্ধকরণের এই প্রক্রিয়াকে জাবেদায়ন বলে। একবার জাবেদায়ন সম্পন্ন হলে, এই জাবেদা দাখিলা কোনো প্রতিষ্ঠানের ঘটনার সম্পূর্ণ এবং প্রয়োজনীয় বর্ণনা প্রকাশ করে। এই পদ্ধতিতে কোনো জাবেদা দাখিলাকে আলাদা হিসাবে স্থানান্তরকরণকে হিসাব

তোলা বলে (posting)। জাবেদায় এই পর্যায়ক্রম প্রক্রিয়াকেই মূল দাখিলার বই এবং খতিয়ানের হিসাবকে পাকা হিসাবের বই বলে। এই প্রসঙ্গে মনে রাখা দরকার যে, বেশিরভাগ ক্ষেত্রে লেনদেনের হিসাবের সংখ্যা ও প্রকৃতি অনুযায়ী মূল দাখিলার বই-এর কয়েকটি উপবিভাগ তৈরি করে হিসাব রাখা হয়। এগুলো নিম্নরূপ :

- (a) প্রকৃত জাবেদা (Journal Proper)
- (b) নগদান বই (Cash book)
- (c) অন্যান্য দৈনন্দিন বই। (Other day books)
 - (i) ক্রয়ের দৈনন্দিন বই (Purchases (journal) book)
 - (ii) বিক্রয়ের দৈনন্দিন বই (Sales (journal) book)
 - (iii) ক্রয় ফেরত বই (Purchase Returns (journal) book)
 - (iv) বিক্রয় ফেরত বই (Sale Returns (journal) book)
 - (v) প্রাপ্য বিল বই (Bills Receivable (journal) book)
 - (vi) প্রদেয় বিল বই (Bills Payable (journal) book)

এই অধ্যায়ে তোমরা জাবেদায়ন এবং খতিয়ানে হিসাব তোলা সম্পর্কে জানবে। নগদান বই এবং অন্যান্য দৈনন্দিন বইগুলো সম্পর্কে বিস্তারিত ভাবে 4 নং অধ্যায়ে আলোচিত হবে।

3.4.1 জাবেদা (Journal)

মূল দাখিলার মৌলিক বই হল জাবেদা। এই পদ্ধতিতে লেনদেন যখন যা সংগঠিত হয় এইরূপ কালানুক্রমিক পদ্ধতিতে লিপিবদ্ধকরণ করা হয়। এখান থেকেই লেনদেনগুলিকে পরবর্তী হিসাবে তোলা হয়। লেনদেনগুলোর নির্দিষ্ট হিসাব নির্ধারণ করে ডেবিট অথবা ক্রেডিট আলাদাভাবে লিপিবদ্ধকরণ করা হয়। জাবেদার একটি নকশা চিত্র 3.5 এ দেখানো হল।

(জাবেদা) Journal

তারিখ (Date)	বিবরণ (Particulars)	জাবেদা পৃষ্ঠা নং (L.F.)	ডেবিট টাকার অংক (Debit Amount) Rs.	ক্রেডিট টাকার অংক (Credit Amount) Rs.

চিত্র 3.5 জাবেদার নকশা

জাবেদার প্রথম ঘরটিই হল তারিখের ঘর যেই তারিখে লেনদেনটি সংগঠিত হয়েছে। বিবরণের ঘরে প্রথমে বামদিকের কোণায় (corner) লেনদেনের ডেবিটকে লেখা শুরু করতে হবে এবং ডেবিট (Dr) শব্দটি এই ঘরে অস্তিম্ব প্রান্তে লিখতে হবে। দ্বিতীয় লাইনে প্রয়োজনীয় স্থান রেখে বামদিকে To লিখে লেনদেনের ক্রেডিটকে লিখতে হবে। এরপর হিসাব নামকরণের (account titles) নীচে লেনদেনটির সংক্ষিপ্ত বিবরণ দিতে হবে তাকে (narration) বিবরণ বলে। বিবরণ দেওয়ার পর বিবরণ (particular) ঘরে একটি লাইন টানতে হবে যার দ্বারা বুঝা যাবে নির্দিষ্ট দাখিলার সমাপ্তি ঘটল। যেই খতিয়ান (ledger) বই-এ এই নির্দিষ্ট হিসাবটি তোলা হয়েছে এই খতিয়ানের (ledger) পৃষ্ঠা নম্বর জাবেদা পৃষ্ঠা নম্বর ঘরে লিখতে হবে। যখন খতিয়ানে হিসাব তোলা হবে তখন জাবেদা পৃষ্ঠা নম্বর ঘরে খতিয়ান পৃষ্ঠা নম্বর তুলতে হবে জাবেদা দাখিলা দেওয়ার সময় নয়।

ডেবিটের টাকার ঘরে যে হিসাবকে ডেবিট করা হয়েছে তার টাকার অঙ্ক লিখতে হবে। একইভাবে ক্রেডিটের টাকার ঘরে যে হিসাবকে ক্রেডিট করা হয়েছে তার টাকার অঙ্ক লিখতে হবে। এটা নজরে রাখতে হবে যে, যদি বেশি লেনদেন হয় তবে জাবেদা বইয়ের ভিন্ন ভিন্ন পৃষ্ঠাগুলোর মধ্যে এগুলোর দাখিলা দিতে হবে। অতএব জাবেদা বইয়ের প্রত্যেকটি পৃষ্ঠা শেষে টাকার ঘরের যোগফল নির্ণয় করতে হবে এবং পরবর্তী পৃষ্ঠায় টেনে নিতে হবে (carried forward, c/f)। আবার পরের পাতায় মোট অঙ্কের টাকা আনতে হবে (brought forward, b/f)।

জাবেদা হল ব্যবসায়িক লেনদেনের মৌলিক উপাদান। এটা সরলও হতে পারে আবার জটিলও হতে পারে। যখন লেনদেন লিপিবদ্ধ করার সময় কেবলমাত্র দুটি হিসাব থাকে, তাকে সরল জাবেদা দাখিলা বলে।

উদাহরণ হিসাবে, 24 ডিসেম্বর, 2010 মেসার্স গোবিন্দ ট্রেডার্স থেকে 30,000 টাকার পণ্য বাকিতে ক্রয় করা হল। এই লেনদেনটির সাথে মাত্র দুটি লেনদেন যুক্ত আছে। (a) ক্রয় হিসাব Purchases A/c (Goods), (b) গোবিন্দ ট্রেডার্স Govind Traders A/c (পাওনাদার / Creditors), এই লেনদেনটি নিম্নলিখিত ভাবে জাবেদায় লিপিবদ্ধ করা যায় :

জাবেদা (Journal)

এটা মনে রাখতে হবে যে, এই লেনদেনে মজুত পণ্য বৃদ্ধি পেলেও ক্রয় হিসাবকেই (Purchase A/C) ডেবিট করা হয়েছে, পণ্যকে নয়। আসলে, পণ্যের হিসাবকে পাঁচটি ভাগে ভাগ করা হয়েছে (4 নং অধ্যায়ে আলোচনা করা হয়েছে) যেমন, ক্রয় হিসাব (Purchase A/C), ক্রয় ফেরত হিসাব (Purchase return A/C) বিক্রয় হিসাব

তারিখ (Date)	বিবরণ (Particulars)	জাবেদা পৃষ্ঠা নং (L.F.)	ডেবিট টাকার অংক (Debit Amount) Rs.	ক্রেডিট টাকার অংক (Credit Amount) Rs.
2014 Dec.24	Purchases A/c To Govind Traders A/c (Purchase of goods- in-trade from Govind Traders)	Dr.	30,000	30,000

(Sales A/C), বিক্রয় ফেরত হিসাব (Sales return A/C) এবং মজুত পণ্য হিসাব (Stock A/C)। যখন অনেকগুলো হিসাবকে ডেবিট করা হয়, অথবা অনেকগুলো হিসাবকে ক্রেডিট করা হয়, এই ধরনের লেনদেনের জন্য যে দাখিলা দেওয়া হয় তাকে জটিল জাবেদা দাখিলা বলে। এতে বোঝা যায় যায় যে, জটিল হিসাব বহুভাগ বিশিষ্ট, মানে অনেকগুলো হিসাব যুক্ত থাকে।

উদাহরণ হিসাবে, 2010 সালের 4 জুলাই তারিখে মডার্ন ফার্নিচার থেকে অফিসের জন্য 25,000 টাকার আসবাবপত্র ক্রয় করা হল এবং যার জন্য 5,000 টাকা সাথে সাথে নগদে প্রদান করা হল এবং অবশিষ্ট 20,000 টাকা এখনও দেওয়া হয়নি (প্রদেয়)। (Office furniture is purchased from Modern Furniture's on July 4, 2017 for Rs. 25,000 and Rs. 5,000 is paid by cash immediately and balance of Rs. 20,000 is still payable)

এই লেনদেনে 25,000 টাকার আসবাবপত্র বৃদ্ধি পেল (assets)। নগদ (cash) কমল (Asset) 5,000 টাকা এবং দেনা (liability) বৃদ্ধি পেল 25,000 টাকার। এই লেনদেনটির 4 জুলাই 2010 সালে জাবেদায় দাখিলা দেওয়া হল:

Journal

Date	Particulars	L.F.	Debit Amount Rs.	Credit Amount Rs.
2017 July 4	Office Furniture A/c Dr. To Cash A/c To Modern Furniture A/c (Purchase of office furniture from Modern Furnitures)		25,000	5,000 20,000

এখন 1 নং উদাহরণের সাপেক্ষে (46 নং পৃষ্ঠায় আবার) পুনরাবৃত্তি করা হল, দেখো যে, লেনদেনগুলোকে কীভাবে জাবেদায় লিপিবদ্ধকরণ করা হল।

Books of Rohit
Journal

Date	Particulars	L.F.	Debit Amount Rs.	Credit Amount Rs.
	Cash A/c Dr. To Capital A/c (Business started with cash)		5,00,000	5,00,000
	Bank A/c Dr. To Cash A/c (Opened bank account with State Bank of India)		4,80,000	4,80,000
	Furniture A/c Dr. To Bank A/c (Purchased furniture and made payment through bank)		60,000	60,000
	Plant and Machinery A/c Dr. To Cash A/c To Ramjee Lal (Bought Plant and Machinery from M/s Ramjee Lal, made an advance payment by cash for Rs. 10,000 and balance at the later date)		1,25,000	10,000 1,15,000
	Purchases A/c Dr. To M/s Sumit Traders A/c (Goods bought on credit)		55,000	55,000
	Rajani Enterprises A/c Dr. To Sales A/c (Goods sold on profit)		35,000	35,000
	Total		12,55,000	12,55,000

Illustration 2.

Soraj Mart furnishes the following information :

Transactions during the month of April, 2017 are as under :

<i>Date</i>	<i>Details</i>
01.4.2017	Business started with cash Rs. 1,50,000.
01.4.2017	Goods purchased form Manisha Rs. 36,000.
01.4.2017	Stationery purchased for cash Rs. 2,200.
02.4.2017	Open a bank account with SBI for Rs. 35,000.
02.4.2017	Goods sold to Priya for Rs. 16,000.
03.4.2017	Received a cheque of Rs. 16,000 from Priya.
05.4.2017	Sold goods to Nidhi Rs. 14,000.
08.4.2017	Nidhi pays Rs. 14,000 cash.
10.4.2017	Purchased goods for Rs. 20,000 on credit from Ritu.
14.4.2017	Insurance paid by cheque Rs. 6,000.
18.4.2017	Paid rent Rs. 2,000.
20.4.2017	Goods costing Rs. 1,500 given as charity.
24.4.2017	Purchased office furniture for Rs. 11,200.
29.4.2017	Cash withdrawn for household purposes Rs. 5000.
30.4.2017	Interest received cash Rs.1,200.
30.4.2017	Cash sales Rs.2,300.
30.4.2017	Commission paid Rs. 3,000 by cheque.
30.4.2017	Telephone bill paid by cheque Rs. 2,000.
30.4.2017	Payment of salaries in cash Rs. 12,000.

Journalise the transactions.

সমাধান (Solution)

**Books of Saroj Mart
Journal**

<i>Date</i>	<i>Particulars</i>	<i>L.F.</i>	<i>Debit Amount Rs.</i>	<i>Credit Amount Rs.</i>
2017 Apr.01	Cash A/c Dr. To Capital A/c (Business started with cash)		1,50,000	1,50,000
Apr.01	Purchases A/c Dr. To Manisha A/c (Goods purchase on credit)		36,000	36,000
Apr.01	Stationery A/c Dr. To Cash A/c (Purchase of stationery for cash)		2,200	2,200
	Total c/f		1,88,200	1,88,200

	Total b/f		1,88,200	1,88,200
Apr.02	Bank A/c Dr. To Cash A/c (Opened a bank account with SBI)		35,000	35,000
Apr.02	Priya A/c Dr. To Sales A/c (Goods sold to Priya On Credit)		16,000	16,000
Apr.03	Bank A/c Dr. To Priya A/c (Cheque Received from Priya)		16,000	16,000
Apr.05	Nidhi A/c Dr. To Sales A/c (Sale of goods to Nidhi on credit)		14,000	14,000
Apr.08	Cash A/c Dr. To Nidhi A/c (Cash received from Nidhi)		14,000	14,000
Apr.10	Purchases A/c Dr. To Ritu A/c (Purchase of goods on credit)		20,000	20,000
Apr.14	Insurance Premium A/c Dr. To Bank A/c (Payment of Insurance premium by cheque)		6,000	6,000
Apr.18	Rent A/c Dr. To Cash A/c (Rent paid)		2,000	2,000
Apr.20	Charity A/c Dr. To Purchases A/c (Goods given as charity)		1,500	1,500
Apr.24	Furniture A/c Dr. To Cash A/c (Purchase of office furniture)		11,200	11,200
Apr.29	Drawings A/c Dr. To Cash A/c (With drawl of cash from the business for personal use of the proprietor)		5,000	5,000
Apr.30	Cash A/c Dr. To Interest received A/c (Interest received)		1,200	1,200
Apr.30	Cash A/c Dr. To Sales A/c (Sale of goods for cash)		2,300	2,300
	Total c/f		3,32,400	3,32,400

	Total c/f		3,32,400	3,32,400
Apr.30	Commission A/c Dr. To Bank A/c (Commission paid by cheque)		3,000	3,000
Apr.30	Telephone expenses A/c Dr. To Cash A/c (Payment of telephone bill)		2,000	2,000
Apr.30	Salaries A/c Dr. To Cash A/c (Payment of salary to the office persons)		12,000	12,000
	Total		3,49,400	3,49,400

Illustration 3

Prove that the accounting equation is satisfied in all the following transactions of Sita Ram house by preparing the analysis table. Also record the transactions in Journal.

- (i) Business commenced with a capital of Rs. 6,00,000.
- (ii) Rs. 4,50,000 deposited in a bank account.
- (iii) Rs. 2,30,000 Plant and Machinery Purchased by paying Rs. 30,000 cash immediately.
- (iv) Purchased goods worth Rs. 40,000 for cash and Rs. 45,000 on account.
- (v) Paid a cheque of Rs. 2, 00,000 to the supplier for Plant and Machinery.
- (vi) Rs. 70,000 cash sales (of goods costing Rs. 50,000).
- (vii) Withdrawn by the proprietor Rs. 35,000 cash for personal use.
- (viii) Insurance paid by cheque of Rs. 2,500.
- (ix) Salary of Rs. 5,500 outstanding.
- (x) Furniture of Rs. 30,000 purchased in cash.

সমাধান (Solution)

Journal

<i>Date</i>	<i>Particulars</i>	<i>L.F.</i>	<i>Debit Amount Rs.</i>	<i>Credit Amount Rs.</i>
(i)	Cash A/c Dr. To Capital A/c (Business started with cash)		6,00,000	6,00,000
(ii)	Bank A/c Dr. To Cash A/c (Cash deposited into the bank)		4,50,000	4,50,000
	Total c/f		10,50,000	10,50,000

		Total c/f		
			10,50,000	10,50,000
 - (e) Machinery purchased for Rs. 10,000 was posted to purchases account as Rs. 5,000. Rectify the errors and prepare suspense account.

(Ans : Total of suspense account Rs. 19,000).

20. Trial balance of Raju showed an excess debit of Rs. 10,000. He put the difference to suspense account and discovered the following errors :
- (a) Depreciation written-off the furniture Rs. 6,000 was not posted to Furniture account.
 - (b) Credit sales to Rupam Rs. 10,000 were recorded as Rs. 7,000.
 - (c) Purchases book undercast by Rs. 2,000.
 - (d) Cash sales to Rana Rs. 5,000 were not posted.
 - (e) Old Machinery sold for Rs. 7,000 was credited to sales account.
 - (f) Discount received Rs. 800 from Kanan on playing cash to him was not posted. Rectify the errors and prepare suspense account.

(Ans : Balance carried forward in suspense account Rs. 1,000 (cr.)).

21. Trial balance of Madan did not agree and he put the difference to suspense account. He discovered the following errors:
- (a) Sales return book overcast by Rs. 800.
 - (b) Purchases return to Sahu Rs. 2,000 were not posted.
 - (c) Goods purchased on credit from Narula Rs. 4,000 though taken into stock, but no entry was passed in the books.
 - (d) Installation charges on new machinery purchased Rs. 500 were debited to sundry expenses account as Rs. 50.
 - (e) Rent paid for residential accommodation of madam (the proprietor) Rs. 1,400 was debited to Rent account as Rs. 1,000.

Rectify the errors and prepare suspense account to ascertain the difference in trial balance.

(Ans : Difference in trial balance Rs. 2,050 excess credit).

22. Trial balance of Kohli did not agree and showed an excess debit of Rs. 16,300. He put the difference to a suspense account and discovered the following errors:
- Cash received from Rajat Rs. 5,000 was posted to the debit of Kamal as Rs. 6,000.
 - Salaries paid to an employee Rs. 2,000 were debited to his personal account as Rs. 1200.
 - Goods withdrawn by proprietor for personal use Rs. 1,000 were credited to sales account as Rs. 1,600.
 - Depreciation provided on machinery Rs. 3,000 was posted to Machinery account as Rs. 300.
 - Sale of old car for Rs. 10,000 was credited to sales account as Rs. 6,000. Rectify the errors and prepare suspense account.
(Ans : total of suspense account : Rs. 17,700).
23. Give journal entries to rectify the following errors assuming that suspense account had been opened.
- Goods distributed as free sample Rs. 5,000 were not recorded in the books.
 - Goods withdrawn for personal use by the proprietor Rs. 2,000 were not recorded in the books.
 - Bill receivable received from a debtor Rs. 6,000 was not posted to his account.
 - Total of Returns inwards book Rs. 1,200 was posted to Returns outwards account.
 - Discount allowed to Reema Rs. 700 on receiving cash from her was recorded in the books as Rs. 70.
(Ans : Difference in trial balance Rs. 3,600 excess debit).
24. Trial balance of Khatau did not agree. He put the difference to suspense account and discovered the following errors :
- Credit sales to Manas Rs. 16,000 were recorded in the purchases book as Rs. 10,000 and posted to the debit of Manas as Rs. 1,000.
 - Furniture purchased from Noor Rs. 6,000 was recorded through purchases book as Rs. 5,000 and posted to the debit of Noor Rs. 2,000.
 - Goods returned to Rai Rs. 3,000 recorded through the Sales book as Rs. 1,000.
 - Old machinery sold for Rs. 2,000 to Maneesh recorded through sales book as Rs. 1,800 and posted to the credit of Manish as Rs. 1,200.
 - Total of Returns inwards book Rs. 2,800 posted to Purchase account.
Rectify the above errors and prepare suspense account to ascertain the difference in trial balance.
(Ans : Difference in trial balance Rs. 15,000 excess debit).
25. Trial balance of John did not agree. He put the difference to suspense account and discovered the following errors :
- In the sales book for the month of January total of page 2 was carried forward to page 3 as Rs. 1,000 instead of Rs. 1200 and total of page 6 was carried forward to page 7 as Rs. 5,600 instead of Rs. 5,000.

- (b) Wages paid for installation of machinery Rs. 500 was posted to wages account as Rs. 50.
 - (c) Machinery purchased from R & Co. for Rs. 10,000 on credit was entered in Purchase Book as Rs. 6,000 and posted there from to R & Co. as Rs. 1,000.
 - (d) Credit sales to Mohan Rs. 5,000 were recorded in Purchases Book.
 - (e) Goods returned to Ram Rs. 1,000 were recorded in Sales Book.
 - (f) Credit purchases from S & Co. for Rs. 6,000 were recorded in sales book. However, S & Co. was correctly credited.
 - (g) Credit purchases from M & Co. Rs. 6,000 were recorded in Sales Book as Rs. 2,000 and posted there from to the credit of M & Co. as Rs. 1,000.
 - (h) Credit sales to Raman Rs. 4,000 posted to the credit of Raghvan as Rs. 1,000.
 - (i) Bill receivable for Rs. 1,600 from Noor was dishonoured and posted to debit of Allowances account.
 - (j) Cash paid to Mani Rs. 5,000 against our acceptance was debited to Manu.
 - (k) Old furniture sold for Rs. 3,000 was posted to Sales account as Rs. 1,000.
 - (l) Depreciation provided on furniture Rs. 800 was not posted.
 - (m) Material Rs. 10,000 and wages Rs. 3,000 were used for construction of building. No adjustment was made in the books.
- Rectify the errors and prepare suspense to ascertain the difference in trial balance.
(Ans : Difference in trial balance Rs. 13,850 excess credit).

Checklist to Test Your Understanding

Test your understanding - I

Trial Balance Total Rs. 5,17,000

Test your understanding - II

1.	Purchases A/c	Dr.	5,000	
	To Rajni's A/c			5,000
<hr/>				
	Rajni's A/c	Dr.	5,000	
	To Sales A/c			5,000
<hr/>				
	Rajni's A/c	Dr.	10,000	
	To Sales A/c			5,000
	To Purchases A/c			5,000
<hr/>				
2.	Purchases A/c	Dr.	8,000	
	To Rao's A/c			8,000

	Furniture A/c	Dr.	8,000	
	To Purchases A/c			8,000
3.	Cash A/c	Dr.	15,000	
	To Commission A/c			15,000
	Cash A/c	Dr.	15,000	
	To Sales A/c			15,000
	Commission A/c	Dr.	15,000	
	To Sales A/c			15,000
4.	Cash A/c	Dr.	6,000	
	To Nadeem's A/c			6,000
	Cash A/c	Dr.	6,000	
	To Karim's A/c			6,000

Test Your Understanding - III

1. Error of Commission

	Mohan's A/c	Dr.	12,000	
	To Sales A/c			12,000
	Mohan's A/c	Dr.	10,000	
	To Sales A/c			10,000
	Suspense A/c	Dr.	2,000	
	To Mohan's A/c			2,000

2. Error of Partial omission

	xxx A/c	Dr.	2,000	
	To Cash A/c			2,000
	Neha's A/c	Dr.	2,000	
	To Suspense A/c			2,000
	Neha's A/c	Dr.	2,000	
	To Suspense A/c			2,000

3.	Error of Commission			
	Sales Return A/c	Dr.	1,600	
	To Megha's A/c			1,600
	Sales Returns A/c	Dr.	1,600	
	To Megha's A/c			1,600
	Suspense A/c	Dr.	600	
	To Megha's A/c			600
4.	Error of Commission			
	xxx	Dr.	1,500	
	To Furniture A/c			1,500
	Depreciation A/c	Dr.	1,500	
	To Furniture A/c			1,500
	Depreciation A/c	Dr.	1,500	
	To Suspense A/c			1,500

Test Your Understanding - IV

1. (c) 2. (c) 3. (d) 4. (a) 5. (b) 6. (a) 7. (b) 8. (b) 9. (d)

অবচয়, ভবিষ্যৎ ব্যবস্থাসমূহ এবং সঞ্চিতসমূহ (Depreciation, Provisions and Reserves)

অধ্যায় 7

শিখন উদ্দেশ্যসমূহ (Learning Objectives)

এই অধ্যায়টি পড়ার পর তোমরা জানবে:

- অবচয়ের অর্থ ব্যাখ্যা করা এবং ব্যবহারজনিত ক্ষয়/অবলোপন এবং সম্পদ আহরণজনিত ক্ষয়ের সঙ্গে এর পার্থক্য;
- অবচয় ধার্য করার প্রয়োজনীয়তা এবং এদের কারণসমূহ বের করা;
- সরল রৈখিক পদ্ধতি এবং মূল্যহ্রাসকরণ পদ্ধতির ব্যবহার করে অবচয় নির্ধারণ;
- অবচয় এবং সম্পদের ব্যবহারজনিত ক্ষয়ের সঙ্গে সম্পর্কিত লেনদেন লিপিবদ্ধ করা;
- ভবিষ্যৎ ব্যবস্থা এবং সঞ্চিত সৃষ্টি করার উদ্দেশ্য এবং অর্থ ব্যাখ্যা করা;
- ভবিষ্যৎ ব্যবস্থা ও সঞ্চিতের মধ্যে পার্থক্য।
- গুপ্ত সঞ্চিতসহ ভবিষ্যৎ ব্যবস্থা এবং সঞ্চিতের প্রকারভেদ এবং এদের প্রকৃতি ব্যাখ্যা করা।

একটি নির্দিষ্ট সময়ে ওই সময়ের আয়ের সঙ্গে ব্যয়ের মিল করাই হল মিলকরণের নীতি। এর দ্বারাই সঠিক লাভ ক্ষতির পরিমাণ নির্ণয় করণে অবশ্যই নিশ্চিত হওয়া যায়। যদি কিছু ব্যয় অগ্রাহ্য করা হয়, যার সুবিধা কয়েকটি হিসাবকালে লাভ করা যায়, তবে যে বছর এই খরচটা হয়েছে সেই বছরই সমস্ত ব্যয় খরচরূপে ধার্য করার কোনো যুক্তি নেই। বাস্তবে যত বছর ধরে এটা (সম্পত্তি) সুবিধা প্রদান করে তার মধ্যে ওই ধরনের খরচটা প্রসারণ করতে হবে। স্থায়ী সম্পত্তির অবচয়, যা এই অধ্যায়ের প্রধান বিষয়বস্তু এ ধরনের অবস্থার উপর চর্চা করে। অন্যভাবে কিছু নির্দিষ্ট খরচের পরিমাণের জন্য সুনির্দিষ্ট ভাবে এটা নির্ণয় করা কখনো সম্ভব নয়, পুনরায় বলা যায় রক্ষণশীলতা নীতিতে (বিচক্ষণতা) এই ধরনের ব্যয়কে সম্পূর্ণ অগ্রাহ্য না করে পর্যাপ্ত পরিমাণে ভবিষ্যতের জন্য সঞ্চিত করা এবং বর্তমান বছরের লাভের উপর ধার্য করা প্রয়োজন। আরও বলতে হয়, লাভের একটা অংশ ব্যবসার উন্নতি সাধন, শ্রীবৃদ্ধিকরণ অথবা ব্যবসার ভবিষ্যতের কিছু প্রয়োজন মেটানোর জন্য সঞ্চিতরূপে সরিয়ে রাখা হয়। এই অধ্যায়ে দুটি ভিন্ন বিষয়ের উপর আলোচনা করা হল। প্রথমভাগে অবচয় সংক্রান্ত এবং দ্বিতীয়ভাগে ভবিষ্যৎ ব্যবস্থা ও সঞ্চিত সংক্রান্ত আলোচনা করা হবে।

ভাগ – I

7.1 অবচয় (Depreciation)

এখন জেনেছ যে স্থায়ী সম্পত্তি হল এরূপ সম্পত্তি যা একের অধিক হিসাবকালে কারবারে ব্যবহৃত হয়। স্থায়ী সম্পত্তি (পরিভাষাগতভাবে বলা হয় অবচয়জনিত সম্পত্তি) যখনই ব্যবহৃত হয় তখনই তার মূল্যমানের হ্রাস ঘটতে থাকে। সাধারণত অবচয় শব্দটির দ্বারা বোঝায় ব্যবহার, কালাবর্তন এবং অপ্রচলনজনিত

কারণে সম্পত্তির মূল্যমানের হ্রাস ঘটা। অন্যভাবে বলা যায় যদি কোনো একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান, একটি যন্ত্র (machine) সংগ্রহ/ক্রয় করে এবং এটা উৎপাদনের কাজে ব্যবহার করে, তখন তার ব্যবহার পদ্ধতি অনুসারে যন্ত্রের মূল্য কমবে। যদি যন্ত্রটি উৎপাদনের কাজে ব্যবহৃত না হয়, তবে আমরা এটা বলতে পারি না তার বিক্রয়মূল্য একইরূপ থাকবে কি না। যেহেতু সময় অতিক্রান্ত হয়েছে এবং বাজারে নতুন যন্ত্রের আবির্ভাব হয়েছে (অপ্রচলন)।

এটা বোঝায় যে, স্থায়ী সম্পত্তির মূল্য হ্রাস হবেই এবং এটিকে পরিভাষাগতভাবে বলা হয় অবচয়। হিসাবকরণের ভাষায় অবচয় হল স্থায়ী সম্পত্তির ব্যয়ের ওই অংশ যা ব্যবহার এবং / বা সময় অতিবাহিত হওয়ার কারণে ঘটে। তবে অবচয় হল বাতিল / তমাদি হওয়া ব্যয় বা খরচ যা একটি প্রদত্ত হিসাবকালের আয়ের উপর ধার্য করা হয়, উদাহরণস্বরূপ, 2017 সালের 31 মার্চ 1,00,000 টাকার একটি যন্ত্র কেনা হয়েছে, তার ব্যবহারযোগ্যতার আয়ুষ্কাল ধরা হয়েছে আনুমানিক 10 বছর। এটা বুঝায় যে 2016 সালের 31 মার্চের পর থেকে উৎপাদন প্রক্রিয়ায় পরবর্তী 10 বছর ধরে মেশিনটি ব্যবহার করা হবে। তুমি জানো যে প্রকৃতিগতভাবে 1,00,000 টাকা 2017-18 সালের মূলধনী ব্যয়। যদিও যখন আয় বিবরণী (লাভ-ক্ষতির হিসাব) তৈরি হবে, তখন 2017-18 সালে সম্পূর্ণ অর্থ মূলধনী খরচ হিসাবে 1,00,000 টাকা ওই বছরের আয়ের উপর ধার্য করা হবেনা, এর কারণ এই যে 1,00,000 টাকার মূলধনী ব্যয় (আয়রূপে) আনুমানিক 10 বছর পর্যন্ত চলবে, এক বছরের জন্য নয়। সেজন্য এটার একটা আইনসজ্জাত উপায় হল,

মাত্র 10,000 টাকা বছরে ধার্য করা যা মোট খরচের $\frac{1}{10} \left(\frac{1}{10} \times 1,00,000 \right)$ ভাগ 2017-18 সালের আয়ের উপর। এই অংশটা বোঝায় যে ব্যয়িত খরচ বা ক্ষতি যন্ত্রের ব্যবহার অথবা সময়ের অতিক্রমণের ফলে যেভাবেই হোক না কেন, তাকে অবচয় হিসাবে ধরা হয়। লাভ-ক্ষতির হিসাবে (Statement of Profit and Loss) এই অবচয়ের অঙ্ক ডেবিট (debite) করে লাভের উপর ধার্য করা হয়।

7.1.1 অবচয়ের অর্থ (Meaning of Depreciation)

অবচয়কে এভাবে ব্যাখ্যা করা যায় যে, এটা হল স্থায়ী, চলমান এবং ক্রমহ্রাসমান রূপে স্থায়ী সম্পত্তির মূল্য হ্রাস। এর ভিত্তি হল সম্পত্তির ক্রয়মূল্য কিন্তু বাজার মূল্য নয়।

ব্যয় এবং ব্যবস্থাপনা হিসাবনিকাশকরণ প্রতিষ্ঠান আইসিএমএ, লন্ডন [Institute of Cost and Management Accounting, London (ICMA)] অবচয়কে এভাবে ব্যাখ্যা করেছে যে, স্থায়ী সম্পত্তির ক্রমাগত ব্যবহারের ফলে বা সময় অতিবাহিত হওয়ার ফলে উক্ত সম্পত্তির কার্যকারিতা হ্রাস পায়, যা ক্রমহ্রাসমান মূল্যের মাধ্যমে পরিমাপ করা হয়, সম্পত্তির এরূপ মূল্য হ্রাসকে বলা হয় অবচয়।

ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব ইন্ডিয়া [Institute of Chartered Accountants of India (ICAI)] -এর প্রকাশিত ইন্ডিয়ান একাউন্টিং স্ট্যান্ডার্ড 6 -এ (Indian Accounting Standard-6) অবচয়ের সংজ্ঞা এভাবে দেওয়া হয়েছে— “ব্যবহারকালের আবর্তন কিংবা প্রকৌশল বা বাজার পরিবর্তনের ফলে কোনো অবচয়যোগ্য সম্পত্তির যে মূল্য হ্রাস, ভোগ কিংবা অন্য কোনো ক্ষতি হয়, তার পরিমাপকেই বলে অবচয়। প্রত্যেক হিসাবকালে অবচয়জনিত পরিমাণ সম্পত্তির ব্যবহারের আনুমানিক আয়ুষ্কালের হিসাবে বণ্টন করা হয়। অবচয় সম্পত্তি অবলোপন বলতে বোঝায় যার ব্যবহারকাল পূর্ব নির্ধারিত।

বাক্স 1 (Box 1)

AS-6 (পরিমার্জিত) : অবচয়

- ব্যবহারকালের আবর্তন কিংবা প্রকৌশল বা বাজার পরিবর্তনের ফলে কোনো অবচয়যোগ্য সম্পত্তির যে মূল্য হ্রাস, ভোগ কিংবা অন্য কোনো ক্ষতি হয়, তার পরিমাপকেই বলে অবচয়। সম্পত্তির আনুমানিক উপযোগী আয়ুষ্কালে অবচয়ের পরিমাণ প্রত্যেক হিসাবকালে ন্যায্য অনুপাতে ভাগ করা হয়। অবচয়কে সম্পত্তির মূল্য বিতরণও বলে, যাদের উপযোগী আয়ুষ্কাল পূর্ব নির্ধারিত।
- কোনো প্রতিষ্ঠানের কৃতকর্মের ফল এবং আর্থিক অবস্থা নির্ণয় করণে এবং উপস্থাপনে অবচয়ের একটি গুরুত্বপূর্ণ প্রভাব আছে। অবচয়ের পরিমাণের বিশেষ অংশরূপে প্রতি হিসাবকালে অবচয় ধার্য করা হয়।
- অবচয়ের বিষয়বস্তু অথবা তার ভিত্তি হল সম্পত্তির ‘অবচয়করণ’ যা—
 - এটা প্রত্যাশা করা হয় যে— একাধিক হিসাবকালে সম্পত্তিটি ব্যবহৃত হবে।
 - সীমিত ব্যবহার উপযোগী আয়ুষ্কাল বিদ্যমান, এবং
 - কোনো প্রতিষ্ঠান যদি পণ্য বা সেবার উৎপাদন ও সরবরাহের জন্য সম্পত্তি ব্যবহার করে, অন্যদেরকে ভাড়া দেয় অথবা প্রশাসনিক উদ্দেশ্যে ব্যবহার করে কিন্তু সাধারণ ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে এটা ব্যবহৃত হয় না।
- প্রাথমিকভাবে তিনটি বিষয়ের উপর অবচয়ের পরিমাণ নির্ভরশীল, সেগুলো হল : ক্রয়মূল্য, ব্যবহারযোগ্য আয়ুষ্কাল এবং নিট ভগ্নাবশেষ মূল্য।
- স্থায়ী সম্পত্তির ক্রয়মূল্য বলতে বোঝায় এর আহরণ খরচ, প্রতিস্থাপন খরচ এবং ব্যবহার উপযোগীকরণের খরচ অথবা অবচয়যোগ্য সম্পত্তির উন্নতি সাধনের ব্যয় এই বিষয়গুলোর যোগফল।
- সম্পত্তির ব্যবহারযোগ্য আয়ুষ্কাল বলতে বোঝায়, প্রতিষ্ঠানে এটা আনুমানিক কত বছর ব্যবহৃত হবে।
- অবচয়ের পরিমাণ নির্ধারণ মূলত দুটি পদ্ধতিতে করা হয়।
 - সরল রেখিক পদ্ধতি (straight line method)
 - ক্রমহ্রাসমান জের / মূল্যহ্রাসকরণ পদ্ধতি (written down value method)
- সঠিক পদ্ধতি নির্বাচন নিম্নলিখিত বিষয়ের উপর নির্ভর করে :
 - সম্পত্তির ধরন (type of the asset)
 - ওই সম্পত্তির ব্যবহারের প্রকৃতি (nature of the use of such asset)
 - ব্যবসায় কিরূপ পরিস্থিতি বিদ্যমান (circumstances prevailing in the business)
- নির্বাচিত অবচয় নির্ণয়ের পদ্ধতিই সামঞ্জস্যপূর্ণভাবে বছরের পর বছর অনুসরণ করা হবে। বিশেষ পরিস্থিতিতে অবচয়ের পদ্ধতির পরিবর্তনের জন্য অনুমোদন নিতে হবে।

কোনো প্রতিষ্ঠানের কার্যকলাপের ফলাফল এবং আর্থিক অবস্থা নির্ণয়করণ ও উপস্থাপনে অবচয়ের গুরুত্বপূর্ণ প্রভাব বিদ্যমান। অবচয়ের পরিমাণের প্রাসঙ্গিকতা পর্যন্ত প্রতি হিসাবকালে অবচয় ধার্য করা হয়। এটা মনে রাখা প্রয়োজন যে অবচয়ের বিষয়বস্তু অথবা এর ভিত্তি হল অবচয়যোগ্য সম্পত্তি যা—

- আশা করা যায় যে একাধিক হিসাবকালে এটি ব্যবহৃত হবে;
- ব্যবহারযোগ্য সীমিত আয়ুষ্কাল থাকবে ; এবং
- কোনো প্রতিষ্ঠানে যদি পণ্য বা সেবার উৎপাদন ও সরবরাহের জন্য সম্পত্তি ব্যবহার করে, অন্যদেরকে ভাড়া দেয় অথবা প্রশাসনিক উদ্দেশ্যে ব্যবহার করে, কিন্তু সাধারণ ক্রয়-বিক্রয়ের উদ্দেশ্যে এটি ব্যবহৃত হয় না।

অবচয়যোগ্য সম্পদের উদাহরণ হল : যন্ত্রপাতি, কলকজা, আসবাবপত্র, বিল্ডিং / দালান, কম্পিউটার, ট্রাক, ভেনগাড়ি, সরঞ্জাম ইত্যাদি। এছাড়া অবচয় হচ্ছে অবচয়যোগ্য মূল্যের বণ্টন যা সম্পত্তির ঐতিহাসিক ব্যয় বা তার বিকল্প ব্যয়ের থেকে আনুমানিক ভগ্নাবশেষ মূল্যকে বাদ দিয়ে পাওয়া যায়।

অবচয়যোগ্য সম্পদের পরিমাণের বণ্টনের আরও একটি বিষয় হল সম্পত্তির প্রত্যাশিত ব্যবহারযোগ্য আয়ুষ্কাল। একে এভাবে বর্ণনা করা যায় যে, (i) হয়তো অবচয় হিসাবযোগ্য সম্পদ কারবারে কত বছর ব্যবহার করার আশা করা যায়, অথবা (ii) কারবারে ব্যবহৃত সম্পদটি একইরকম এককে কী পরিমাণে দ্রব্য উৎপাদনে ব্যবহার করা যাবে।

7.1.2 অবচয়ের প্রকৃতি / বৈশিষ্ট্য (Features of Depreciation)

অবচয়ের উপরের আলোচনা থেকে এর বৈশিষ্ট্যগুলো বিশেষভাবে আলোচনা করা হল :

1. স্থায়ী সম্পত্তির লিখিত মূল্য কমায়।
2. কালাবর্তন, ব্যবহারজনিত অথবা অপ্রচলনজনিত কারণে সম্পত্তির মূল্যমানের হ্রাস ঘটায়। উদাহরণস্বরূপ, একটি কারবারী প্রতিষ্ঠান (ফার্ম) 01 এপ্রিল 2017 সালে 1,00,000 টাকার একটি মেশিন ক্রয় করেছে। 2017 সালে নতুন অবয়বে একটি যন্ত্র বাজারে এসেছে, যার ফলে যে যন্ত্রটা ব্যবসায় আগে ক্রয় করা হয়েছিল তা অপ্রচলিত হয়ে গেছে। অপ্রচলনের কারণে পুরাতন যন্ত্রের মূল্য হ্রাস পেয়েছে।
3. এটা একটা চলমান/অবিরাম পদ্ধতি।
4. এটা হল একটি মেয়াদ উত্তীর্ণ ব্যয়। তবে করযোগ্য আয় গণনার পূর্বে লাভ থেকে অবশ্যই এটি বাদ দিতে হবে। উদাহরণস্বরূপ, যদি অবচয় ও করের পূর্বে লাভ হয় 50,000 টাকা এবং অবচয় হল 10,000 টাকা, কর প্রদানের পূর্বে লাভ হবে :

	(Rs.)
লাভ (কর ও অবচয় প্রদানের পূর্বে)	50,000
(-) অবচয়	(10,000)
লাভ-ক্ষতি (কর প্রদানের পূর্বে)	40,000

5. এটি একটি অনগদ খরচ। এতে কোনো নগদের বহির্গমন হয় না। এটা হল সেই ব্যয়, যা মূলধনী ব্যয়রূপে আগেই খরচ করা হয়েছে সেই পরিমাণ অবলোপনের পদ্ধতি।

নিজে করো

তোমার চারপাশে দেখো এবং কমপক্ষে পাঁচটি অবচয়যোগ্য সম্পত্তি শনাক্ত করো যেগুলো তোমার বাড়িতে, বিদ্যালয়ে, ছাপাখানায় এবং লাইব্রেরিতে বিদ্যমান।

7.2 অবচয় এবং অন্য প্রতিশব্দসমূহ (Depreciation and other Similar Terms)

কিছু প্রতিশব্দ যেমন, সম্পদ আহরণজনিত ক্ষয়/শূন্যীকরণ (depletion) এবং ক্রমশোধ/অবলোপন (amortisation) যেগুলো অবচয়ের সাথেও সম্পর্কযুক্ত। এগুলো বিভিন্ন সম্পত্তির ব্যবহারযোগ্যতার মেয়াদ উত্তীর্ণ হওয়ার ফলে এবং একই ভিত্তিতে হিসাবনিকাশকরণের সমতার কারণে আসে।

7.2.1 সম্পদ আহরণজনিত ক্ষয়/শূন্যীকরণ (Depletion)

খনি থেকে প্রাকৃতিক খনিজ পদার্থ উত্তোলন এবং প্রস্তুতকৃত থেকে কোনো কিছু আহরণ ইত্যাদি জিনিস বা সম্পত্তির সহজলভ্যতার পরিমাণ কমায় যা শূন্যীকরণ শব্দের ব্যবহার দ্বারা বোঝায়। উদাহরণস্বরূপ যদি কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান খনিজ সম্পদ আহরণের ব্যবসা করে এবং একটি কয়লা খনি 10,00,000 টাকায় ক্রয় করে, তাহলে খনি থেকে কয়লা উত্তোলনের ফলে কয়লা খনিটির মূল্য হ্রাস পাবে। খনির এই মূল্য হ্রাসই হল সম্পদ আহরণজনিত ক্ষয়। এই দুইয়ের মধ্যে মূল পার্থক্য হল প্রথমটা আর্থিক সম্পদ নিঃশেষকরণে প্রভাবিত কিন্তু দ্বিতীয়টা সম্পদের ব্যবহারের সঙ্গে সম্পর্কযুক্ত। এছাড়াও এরফলে প্রাকৃতিক সম্পদের পরিমাণ কমে (ক্ষয় হয়) এবং সম্ভাব্য সেবার অবসান হয়। সেজন্য শূন্যীকরণ এবং অবচয় একইরকমভাবে হিসাবকরণ করা হয়।

7.2.2 ক্রমশোধ / অবলোপন (Amortisation)

অস্পর্শনীয় সম্পদ যেমন— পেটেন্ট (patents), কপিরাইট (copyright), ট্রেডমার্ক (trade marks), ফ্র্যান্চাইজি (franchises), সুনাম (goodwill) যাদের উপযোগিতা নির্দিষ্ট সময়কালের জন্য বর্তমান। এদের মূল্যহ্রাসকরণে অবলোপন ব্যবহার করা হয়। অবলোপনের পদ্ধতি হল অস্পর্শনীয় সম্পদের খরচ সময়ে সময়ে একটি একটি অংশ করে বাদ দেওয়া হয় যেমনটা করা হয় স্থায়ী সম্পদের অবচয়ের ক্ষেত্রে। উদাহরণস্বরূপ, যদি ব্যবসায়িক প্রতিষ্ঠান 10,00,000 টাকায় কোনো পেটেন্ট ক্রয় করে এবং অনুমান করা যায় যে তার ব্যবহারকাল 10 বছর, তখন ব্যবসায়িক প্রতিষ্ঠানটি 10,00,000 টাকা 10 বছরে বাদ দেবে। এই বাদ দেওয়ার পরিমাণকে পরিভাষাগতভাবে বোঝায় ক্রমশোধ / অবলোপন।

7.3 অবচয়ের কারণসমূহ (Causes of Depreciation)

এই সম্পর্কে হিসাবকরণ স্ট্যান্ডার্ড 6 -এ (Accounting Standard 6) ভালোভাবে ব্যাখ্যা করা হয়েছে এবং এখানে বিস্তৃত আলোচনা করা হল :

7.3.1 ব্যবহার এবং সময় অতিক্রান্ত হওয়ার কারণে ব্যবহারজনিত ক্ষতির হার (Wear and Tear due to Use or Passage of Time)

ব্যবহারজনিত ক্ষতি মানেই অবচয় এবং তার ফলে সম্পত্তির মূল্যহ্রাস পায় যা ব্যবসায়িক কার্যকলাপের মাধ্যমে মুনাফা লাভের জন্য ঘটে থাকে। এর ফলে সম্পত্তির কারিগরি ক্ষমতা হ্রাস পায়। ব্যবহারজনিত ক্ষয়ের আরও একটি দিক হল প্রাকৃতিক হ্রাস বা ক্ষয়। সময় অতিক্রমের সঙ্গে সম্পত্তির ক্ষয় হয় যদি এগুলো (সম্পত্তিগুলো) ব্যবহার নাও করা হয়। ক্রমান্বয়ে প্রাকৃতিকভাবে যেমন— আবহাওয়া বায়ুপ্রবাহ, বৃষ্টিপাত প্রভৃতির কারণে সম্পত্তির ক্ষয় ঘটে।

7.3.2 আইনগত অধিকারের পরিসমাপ্তি (Expiration of Legal Rights)

পূর্ব নির্ধারিত ব্যবসায়িক চুক্তির মেয়াদ শেষ হলে কয়েক ধরনের সম্পত্তির মূল্যের পরিসমাপ্তি ঘটে। এরকম সম্পত্তির উদাহরণ হল : পেটেন্ট (patents), কপিরাইট (copyrights), বন্ধকী (leases) প্রভৃতির অধিকার আইনগত চুক্তির পরিসমাপ্তির সাথে সাথে ব্যবসায় এদের উপযোগিতা হারায়।

7.3.3 অপ্রচলন (Obsolescence)

স্থায়ী সম্পত্তির অবচয় নির্ণয়ে অপ্রচলন বিশেষ ভূমিকা নেয়। সাধারণ ভাষায় অপ্রচলন বলতে বুঝায় অপ্রচলিত/সেকেলে হওয়া। অপ্রচলন বলতে বোঝায় একটি বর্তমান সম্পত্তি অপ্রচলিত হয়ে যায় কারণ তুলনামূলক ভাল সম্পত্তি পাওয়া যায়। নিম্নলিখিত কিছু কারণে এর উদ্ভব হয় :

- কারিগরি পরিবর্তন;
- উৎপাদন পদ্ধতির উন্নতি;
- সম্পত্তির উৎপাদন ও সেবার লাভের জন্য বাজারে চাহিদার পরিবর্তন;
- আইনগত অন্যান্য কারণ।

7.3.4 অস্বাভাবিক কারণসমূহ (Abnormal Factors)

অস্বাভাবিক কারণে সম্পত্তির ব্যবহারযোগ্যতা কমে যায়। যেমন— আগুনের কারণে দুর্ঘটনা, ভূমিকম্প, বন্যা ইত্যাদি। দুর্ঘটনাজনিত ক্ষতি স্থায়ী, ক্রমান্বয়ে অথবা ধাপে ধাপে ঘটে না। উদাহরণস্বরূপ, একটি গাড়ি দুর্ঘটনার পর মেরামত করা হলেও তার বাজার মূল্য একই থাকবে না, যদি সেটা ব্যবহারও না করা হয়।

বোধগম্যতার পরীক্ষা - I (Test Your Understanding - I)

1. তুমি তিনটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের লাভ-ক্ষতির হিসাব দেখছ। তুমি প্রথম ক্ষেত্রে শূন্যীকরণ এবং তৃতীয়ক্ষেত্রে ক্রমশোধকে খুঁজে বের কর। এই দুই প্রকার ব্যবসায়িক প্রতিষ্ঠানের ধরন উল্লেখ করো।
2. একটি ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান সবেমাত্র একটি দুর্লভ ঔষধ-এর আবিষ্কারের মাধ্যমে তার পেটেন্টকে নিবন্ধন করেছে। পেটেন্ট মূল্যের অবলোপনে এর লাভ-ক্ষতির হিসাবে কিরূপ পরিভাষা ব্যবহার করবে?

7.4 অবচয়ের প্রয়োজনীয়তা (Need for Depreciation)

ধারণা, আইনগত এবং বাস্তবিক ব্যবসায়িক অবস্থা বিবেচনা করে অবচয় হিসাবকরণের প্রয়োজনীয়তার উৎপত্তি হয়েছে। ব্যবসায়িক খরচের দিক দিয়ে অবচয় গণনার একটি নির্দিষ্ট গুরুত্ব বিদ্যমান।

7.4.1 ব্যয় ও আয়ের মিলকরণ / ব্যয় ও রেভিনিউ-এর মিলকরণ (Matching of Costs and Revenue)

ব্যবসায়িক কার্যকলাপের মাধ্যমে স্থায়ী সম্পত্তি অর্জন যা রেভিনিউ অর্জনের জন্য ব্যবহৃত হয়। প্রত্যেক সম্পত্তিরই কালক্রমে কিছু ক্ষয়ক্ষতি হবেই এবং যা হল মূল্য হ্রাস, যদি সেটা ব্যবসার কাজে ব্যবহৃত হয় তবে বেতন, ভাড়া,

ডাকবিভাগের ও স্টেশনারি সংক্রান্ত খরচ ইত্যাদি যেমন সাধারণভাবে ব্যবসার খরচ তেমনি অবচয় ও ব্যবসার ব্যয়স্বরূপ। সর্বজনস্বীকৃত হিসাবনিকাশকরণ নীতি অনুসারে নির্দিষ্ট সময়ের রেভিনিউর উপর এটা ধার্য করা হয় এবং অবশ্যই নিট লাভ নির্ণয়ের পূর্বে তা বাদ দেওয়া হয়।

7.4.2 কর বিবেচনা (Consideration of Tax)

করের উদ্দেশ্যে অবচয় হল একটি অনুমেয় ব্যয়। যদিও অবচয় নির্ধারণের পরিমাণ করের আইন অনুসারে বর্তমান ব্যবসায়িক রীতি অনুসারে একইরকম হওয়া প্রয়োজন নয়।

7.4.3 সত্য ও যথার্থ আর্থিক অবস্থা (True and Fair Financial Position)

যদি সম্পত্তির উপর অবচয় দেখানো না হয় তাহলে উদ্বর্তপত্রে সম্পত্তির মূল্য বেশি দেখানো হবে এবং ব্যবসার বর্তমান আর্থিক অবস্থার সত্যতা প্রকাশ পায় না। নির্দিষ্ট আইনি ব্যবস্থা এবং প্রতিষ্ঠিত হিসাবনিকাশকরণ ব্যবস্থায় এরূপ করার অনুমতি নেই।

7.4.4 আইনি আদেশ পালন (Compliance with Law)

করের নিয়ন্ত্রণ ব্যতিরেকে কিছু আইন প্রণয়ন করা হয়েছে যাতে কিছু ব্যবসায়িক প্রতিষ্ঠান যেমন- আইন দ্বারা গঠিত প্রতিষ্ঠানগুলোকে স্থায়ী সম্পত্তির উপর অবচয় নির্ধারণ করতে বাধ্য করা হয়।

বোধগম্যতার পরীক্ষা - II (Test Your Understanding - II)

নিম্নলিখিত বিবৃতিগুলো সত্য না মিথ্যা লেখো :

1. অবচয় হল অনগদ খরচ।
2. চলতি সম্পত্তির উপরও অবচয় ধার্য করা হয়।
3. অবচয় স্পর্শনীয় স্থায়ী সম্পত্তির বাজার মূল্য কমায়।
4. অবচয়ের প্রধান কারণ হল ব্যবহারজনিত ক্ষয়ক্ষতি।
5. ব্যবসায় সঠিক লাভ-ক্ষতি নির্ণয়ে অবচয় অবশ্যই ধার্য করা উচিত।
6. শূন্যীকরণ শব্দটি অস্পর্শনীয় সম্পত্তির ক্ষেত্রে ব্যবহৃত হয়।
7. অবচয় হল প্রতিস্থাপনের জন্য তহবিল সৃষ্টি।
8. যখন কোনো সম্পত্তির লিখিত মূল্য থেকে বাজার মূল্য বেশি হয়, তখন অবচয় ধার্য করা হয় না।
9. বাজার মূল্য থেকে সম্পত্তির মূল্য কম দেখানোর জন্য অবচয় ধার্য করা হয়।
10. যদি প্রয়োজনীয় সারাইয়ের ব্যয় বহন করা হয়, তখন অবচয় ধার্য করার প্রয়োজন নেই।

7.5 অবচয়ের পরিমাণ নির্ধারণে বিবেচ্য বিষয়সমূহ (Factors Affecting the Amount of Depreciation)

অবচয় নির্ধারণ তিনটি প্রধান বিষয়ের উপর নির্ভরশীল যেমন— ক্রয়মূল্য, অনুমিত কার্যকরী আয়ুষ্কাল এবং সম্ভাব্য ভগ্নাবশেষ মূল্য।

7.5.1 সম্পত্তির ক্রয়মূল্য (ব্যয়) (Cost of Asset)

সম্পত্তির ক্রয়মূল্য (যাকে মূল ব্যয় অথবা ঐতিহাসিক ব্যয়ও বলা হয়) বলতে একটি সম্পত্তির চালান মূল্য এবং অন্যান্য ব্যয় সমূহ, যেগুলো সম্পত্তিটি কার্যকরী অথবা ব্যবহারযোগ্য করার জন্য প্রয়োজনীয় তাকেই বোঝায়। ক্রয়মূল্য ছাড়াও এতে যুক্ত হয় ভাড়া এবং যাতায়াত খরচ, যাতায়াতের বিমা, প্রতিস্থাপন খরচ, নিবন্ধন সংক্রান্ত খরচ, সম্পত্তি ক্রয়ের জন্য প্রদত্ত কমিশন, তার সঙ্গে সফটওয়্যারের খরচ ইত্যাদি। পুরাতন সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে একে কার্যকরী অবস্থায় আনার জন্য মেরামতির খরচ যুক্ত থাকে। ICAI-এর হিসাবকরণ সিডিউল-6 অনুসারে স্থায়ী সম্পত্তির ক্রয়মূল্য (ব্যয়) বলতে বোঝায়, সম্পূর্ণ খরচ যার সঙ্গে যুক্ত থাকে এর ক্রয়মূল্য, প্রতিস্থাপন ব্যয় এবং কমিশনসমূহ সঙ্গে আছে আরও অতিরিক্ত ব্যয় অথবা অবচয়যোগ্য সম্পত্তির উন্নতিকরণের খরচ। উদাহরণ স্বরূপ, 50,000 টাকায় একটি ফটোকপি যন্ত্র কেনা হল, পরিবহণ ও প্রতিস্থাপনের জন্য 5,000 টাকা ব্যয় করা হল। এই ক্ষেত্রে যন্ত্রটির মূল ব্যয় হবে 55,000 টাকা (যেমন- 50,000 টাকা + 5,000 টাকা) যার উপর যন্ত্রটির আয়ুষ্কালের হিসাবে অবচয় ধার্য করা হবে (বাদ দেওয়া হবে)।

7.5.2 নিট অবশিষ্ট মূল্য নির্ধারণ (Estimated Net Residual Value)

কোনো সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের পর নিট অবশিষ্ট মূল্য (এটাকে ভগ্নাবশেষ মূল্য বা অবশিষ্টের মূল্যও বলা হয়) হল নিট আদায়যোগ্য মূল্য (বা বিক্রয়মূল্য) নির্ধারণ। সম্পত্তি বিন্যাসের জন্য সমস্ত প্রয়োজনীয় খরচ বাদ দেওয়ার পর অবশিষ্টের মূল্য বের করা হয়। উদাহরণস্বরূপ— একটি যন্ত্র 50,000 টাকায় কেনা হয়েছে এবং তার কার্যকরী আয়ুষ্কাল অনুমান করা হয়েছে 10 বছর। দশম বছর শেষ হওয়ার পর দেখা গেল 6,000 টাকা বিক্রয়মূল্য পাওয়া যাবে। কিন্তু বিক্রয় সংক্রান্ত খরচ বাবদ 1,000 টাকা খরচ হবে বলে ধরা হল, তখন এর নিট অবশিষ্টের মূল্য হবে 5,000 টাকা। (যেমন 6,000 টাকা – 1,000 টাকা)।

7.5.3 অবচয়যোগ্য ব্যয় (Depreciable Cost)

একটি সম্পত্তির ব্যয় হবে তার ব্যয় (যা পূর্বে 7.5.1 নং এ গণনা করা হয়েছে) থেকে নিট অবশিষ্ট মূল্য (যা পূর্বে 7.5.2 নং এ গণনা করা হয়েছে) তা বাদ দিয়ে। তাহলে পূর্বের উদাহরণ অনুসারে অবচয়যোগ্য যন্ত্রটির ব্যয় হবে 45,000 টাকা (দ্রষ্টব্য 50,000 টাকা – 5,000 টাকা) এটাই হবে অবচয়যোগ্য ব্যয় যা সম্পত্তির অনুমিত কার্যকরী আয়ুষ্কালের মধ্যে বণ্টনও ধার্য করা হবে অবচয় খরচ হিসাবে। পূর্বের উদাহরণ অনুসারে, 45,000 টাকা 10 বছর সময়ের মধ্যে অবচয়রূপে ধার্য করা হবে। এটা এখানে উল্লেখ করা প্রয়োজন যে অবচয়রূপে মোট যে পরিমাণ সম্পত্তির মূল্য ব্যবহারকৃত আয়ুষ্কালে ধার্য করা হবে তা অবচয়যোগ্য ব্যয়ের অবশ্যই সমান হবে। যদি মোট ধার্য করা অবচয়ের পরিমাণ অবচয়যোগ্য ব্যয় থেকে কম হয় তবে মূলধনী ব্যয়ের পরিপূর্ণতা কম হবে। এটি রেভিনিউ/আয় এবং খরচের মিলকরণ নীতির সঠিক মান্যতা হবে না।

7.5.4 অনুমিত ব্যবহারযোগ্য আয়ুষ্কাল (Estimated Useful Life)

সম্পত্তির অনুমিত আর্থিক বা ব্যবসায়িক / বাণিজ্যিক জীবনই হল একটি সম্পত্তির ব্যবহারযোগ্য আয়ুষ্কাল। এর জন্য বাস্তব জীবনটাই গুরুত্বপূর্ণ নয়, কারণ— একটি সম্পত্তি বাস্তবে বর্তমান কিন্তু অনেক সময় বাণিজ্যিক উৎপাদনে সক্ষম হয় না। উদাহরণস্বরূপ, একটি যন্ত্র ক্রয় করা হয়েছে এবং এটা অনুমান করা হয়েছে যে এটা 5 বছর ধরে উৎপাদন পদ্ধতিতে ব্যবহৃত হতে পারবে, 5 বছর পর যন্ত্রটি ভাল বাস্তব অবস্থায় বিদ্যমান কিন্তু লাভজনকভাবে এটা উৎপাদনে ব্যবহার করা যাবে না। বিশেষত যদি তবুও এটাকে উৎপাদনে ব্যবহার করা হয় তবে উৎপাদন ব্যয় অবশ্যই খুব বেশি হবে। তার জন্য বাস্তব জীবনের পরিবর্তে যন্ত্রটির কার্যকরী আয়ুষ্কাল ধরা হবে 5 বছর। সম্পত্তির কার্যকরী আয়ুষ্কাল নির্ণয় করা কঠিন, কারণ— এটা বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে, যেমন— সম্পত্তির ব্যবহারের রকমফের, সম্পত্তির মেরামতি, কারিগরি পরিবর্তন, বাজার পরিবর্তন ইত্যাদি। হিসাবনিকাশকরণ স্ট্যান্ডার্ড- 6 অনুসারে কোনো সম্পত্তির কার্যকরী আয়ুষ্কাল সাধারণভাবে প্রতিষ্ঠান দ্বারা সম্ভাব্য ব্যবহারের সময়কাল। বাস্তবিক জীবনকাল থেকে সাধারণত কার্যকরী আয়ুষ্কাল তুলনামূলক কম হয়। সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালকে বছরের সংখ্যা দ্বারা ব্যাখ্যা করা হয়, কিন্তু অন্য এককের দ্বারাও এটাকে ব্যাখ্যা করা যায়, যেমন— উৎপাদনের পরিমাণের একক দ্বারা (বিশেষত খনির ক্ষেত্রে), কাজ করার সময়ের (ঘণ্টার) পরিমাণ দ্বারা। নিম্নলিখিত বিষয়ের উপর কার্যকরী আয়ুষ্কাল নির্ভর করে :

- আইনি অথবা চুক্তির সীমা অনুসারে পূর্ব নির্ধারিত হয়, উদাহরণস্বরূপ, বন্ধকী সম্পত্তির ক্ষেত্রে কার্যকরী আয়ুষ্কাল হল বন্ধক এর সময় পর্যন্ত।
- পালক্রমে কতবার সম্পত্তিটি ব্যবহৃত হয়।
- ব্যবসায়িক প্রতিষ্ঠানে মেরামতি ও রক্ষণাবেক্ষণের নিয়ম।
- কারিগরি অপ্রচলন।
- উৎপাদন পদ্ধতিতে আবিষ্কার / উন্নতি।
- আইনগত / অন্য প্রতিবন্ধকতাসমূহ।

7.6 অবচয়ের পরিমাণ নির্ণয়ের পদ্ধতিসমূহ (Methods of Calculating Depreciation Amount)

একটি হিসাবকালে অবচয়ের ধার্যের পরিমাণ নির্ভর করে অবচয়যোগ্য সম্পত্তির পরিমাণ এবং বণ্টনের পদ্ধতির উপর। এজন্য পেশাদারি হিসাবকরণ অনুশীলনে বাধ্য করা হয়েছে। এবং আইনি আদেশমূলে এর জন্য দুটি পদ্ধতিতে ভারতে অবচয় হিসাবকরণ করা হয়। এই পদ্ধতিগুলো হল সরলরৈখিক পদ্ধতি বা স্থির কিস্তি পদ্ধতি ও ক্রমহ্রাসমান জের পদ্ধতি। এই দুটি প্রধান পদ্ধতি ছাড়াও অন্য আরও পদ্ধতি আছে। যেমন— সমকিস্তি বার্ষিকী পদ্ধতি, অবচয় তহবিল বা প্রতিপূরক তহবিল পদ্ধতি, বিমাপত্র পদ্ধতি, বর্ষ সংখ্যার সমষ্টি পদ্ধতি, দ্বিগুণ হ্রাসকরণ পদ্ধতি (মেরামতি সংরক্ষণ ও অবচয় তহবিল পদ্ধতি) প্রভৃতি, যেগুলো অবচয়ের পরিমাণ নির্ধারণে ব্যবহৃত হয়। সঠিক পদ্ধতি নির্বাচনে নিম্নলিখিত বিষয়ের উপর নির্ভর করতে হয় :

- সম্পত্তির ধরন;

- ওই সম্পত্তি ব্যবহারের প্রকৃতি;
- ব্যবসার পারিপার্শ্বিক বিদ্যমান অবস্থা।

হিসাবনিকাশকরণ স্ট্যান্ডার্ড-৬ অনুসারে নির্বাচিত অবচয় পদ্ধতি সুনির্দিষ্টভাবে বছরের পর বছর অপরিবর্তিতভাবে ব্যবহৃত হবে। অবচয় পদ্ধতির সুনির্দিষ্ট পরিস্থিতিতে পরিবর্তনের অনুমোদন দেওয়া হয়।

7.6.1 সরল রৈখিক পদ্ধতি (Straight Line Method)

অবচয় অনুমোদনে এই পদ্ধতি সবচেয়ে প্রাচীন এবং ব্যাপকভাবে ব্যবহৃত হয়। এই পদ্ধতির ভিত্তি হল সম্পত্তির ব্যবহারিক আয়ুষ্কাল সমভাবে বিভাজনের অনুমান। এই কারণে এটাকে সম্পূর্ণ কার্যকরী আয়ুষ্কালের সরলরৈখিক পদ্ধতি বলা হয়, কারণ একটি গ্রাফের মধ্যে এটাকে বসালে অবচয়ের পরিমাণ ও সম্পর্কযুক্ত সময় এটা সরলরৈখিক আকার ধারণ করবে। (চিত্র 7.1)।

এটাকে স্থির কিস্তি পদ্ধতিও বলা হয় কারণ— সম্পত্তির আয়ুষ্কাল পর্যন্ত অবচয়ের পরিমাণ বছরের পর বছর একইরকম ভাবে স্থির থাকে। হিসাবকরণের এই পদ্ধতি অনুসারে প্রতিটি হিসাবকালে তার আয়ুষ্কাল পর্যন্ত অবচয়ের পরিমাণ স্থির ও সমানভাবে ধার্য করা হয়। প্রতিবছর অবচয় সেই পরিমাণ ধার্য করা হয়, যাতে মূল ব্যয় কমতে কমতে সম্পত্তির আয়ুষ্কালের শেষে ভগ্নাবশেষ মূল্যে পরিণত হয়। এই পদ্ধতিকে শতকরা স্থায়ী মূল ব্যয় পদ্ধতিও বলা হয় কারণ— মূল ব্যয় (অবচয়যোগ্য ব্যয়) থেকে একইরকমভাবে শতকরা হারে বছরের পর বছর অবচয় বাদ দেওয়া হয়।

এই পদ্ধতিতে অবচয়ের পরিমাণ নিম্নলিখিত নিয়মে গণনা করা হয় :

$$\text{অবচয়} = \frac{\text{সম্পত্তির ব্যয়} / \text{ক্রয়মূল্য} - \text{অনুমিত অবশিষ্টের মূল্য}}{\text{সম্পত্তির অনুমিত আয়ুষ্কাল}}$$

সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের উপর অবচয় ধার্য করা হয় এবং অবচয়ের হার সরলরৈখিক পদ্ধতিতে সম্পত্তির মোট ব্যয়ের শতকরা হারে বের করা হয়।

অবচয়ের হার নিম্নলিখিতভাবে নির্ণয় করা হয় :


$$\text{অবচয়ের হার} = \frac{\text{বার্ষিক অবচয়ের পরিমাণ}}{\text{ক্রয়মূল্য} / \text{সম্পত্তি অর্জনের ব্যয়}} \times 100$$

নিম্নলিখিত উদাহরণ বিবেচনা করা হল : সম্পত্তির ক্রয়মূল্য / মূল ব্যয় হল 2,50,000 টাকা, সম্পত্তির ব্যবহারিক আয়ুষ্কাল 10 বছর এবং নিট অবশিষ্টের মূল্য 50,000 টাকা অনুমান করা হল। এখন নীচে প্রতিবছর অবচয়ের পরিমাণ ধার্য করা হল :

বার্ষিক অবচয়ের পরিমাণ

$$= \frac{\text{সম্পত্তির ক্রয়মূল্য/অর্জনের ব্যয়} - \text{অনুমিত অবশিষ্টের মূল্য}}{\text{সম্পত্তির অনুমিত আয়ুষ্কাল}}$$

$$\text{যা হল} = \frac{\text{Rs. 2,50,000} - \text{Rs. 50,000}}{10} = \text{Rs. 20,000}$$



চিত্র 7.1 : Depreciation amount under straight line method

অবচয়ের হার এভাবে নির্ণয় করা হয়।

$$(i) \quad \text{অবচয়ের হার} = \frac{\text{বার্ষিক অবচয়ের পরিমাণ}}{\text{সম্পত্তির ক্রয়মূল্য / অর্জনের ব্যয়}} \times 100$$

(i) নং হতে বার্ষিক অবচয়ের পরিমাণ হবে 20,000 টাকা

$$\text{তাহলে অবচয়ের হার হবে} = \frac{\text{Rs. 20,000}}{\text{Rs. 2,50,000}} \times 100 = 8\%$$

7.6.1.1 সরল রৈখিক পদ্ধতির সুবিধা (Advantages of Straight Line Method)

সরল রৈখিক পদ্ধতির কতগুলো সুবিধা বিদ্যমান, এগুলো নীচে বর্ণনা করা হল :

- এই পদ্ধতি খুবই সহজ ও সরলভাবে বোধগম্য এবং ব্যবহারও সহজ-সরল, তাই এই পদ্ধতির ব্যবহার জনপ্রিয়;
- নিট ভগ্নাবশেষ মূল্য বা শূন্য পরিণত হওয়া পর্যন্ত সম্পত্তির অবচয় করা হয়। যার ফলে সম্পত্তির কার্যকরী আয়ুষ্কালের মধ্যে সম্পূর্ণ অবচয় সংক্রান্ত ব্যয় এই পদ্ধতিতে বণ্টন করা সম্ভব;
- প্রতিবছর লাভ-ক্ষতির হিসাবে একই পরিমাণ অবচয় ধার্য করা হয় এর দ্বারা বিভিন্ন বছরের লাভ অতি সহজে তুলনা করা যায়;
- যেসব সম্পত্তির আয়ুষ্কার সঠিকভাবে অনুমান করা যায়, এদের ক্ষেত্রে এই পদ্ধতি খুবই সুবিধাজনক। এবং যা বছরের পর বছর সম্পত্তিটির ব্যবহার প্রাধান্য পায়, যেমন- লিজ নেওয়া দালানমসূহ (leasehold buildings)।

7.6.1.2 সরলরৈখিক পদ্ধতির সীমাবদ্ধতা / অসুবিধা (Limitations of Straight Line Method)

যদিও সরলরৈখিক পদ্ধতির প্রয়োগ সহজ এবং সরল তবুও তার কিছু সীমাবদ্ধতা আছে যা নীচে দেওয়া হল :

- এই পদ্ধতি ভুল অনুমানভিত্তিক যে বিভিন্ন হিসাবকালে সম্পত্তির উপযোগিতা একই পরিমাণ থাকবে।
- সময়ের পরিবর্তনে সম্পত্তির কার্যকারিতা বা কর্মক্ষমতা কমেতে থাকে এবং সংস্কার ও রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পায়। ফলে এই পদ্ধতি অবচয় ও সংস্কারের লাভ হিসাবে ধার্য করা পরিমাণ একসঙ্গে ধরা হয়, যা বাস্তবে সম্পত্তির সমস্ত আয়ুষ্কালে সমভাবে হবে না, বরং বছর বছর এটা বৃদ্ধি পাবে।

7.6.2 ক্রমহ্রাসমান কিস্তি পদ্ধতি / ক্রমহ্রাসমান জের পদ্ধতি (Written Down Value Method)

এই পদ্ধতিতে সম্পত্তির প্রকৃত (লিখিত) মূল্যের উপর অবচয় ধার্য করা হয়, যাতে বার্ষিক অবচয় ধার্য করে সম্পত্তির লিখিত মূল্য কমিয়ে রাখা হয়। এটাকে ক্রমহ্রাসমান জের পদ্ধতিও বলা হয়। প্রতিটি হিসাবকালের প্রথমে সম্পত্তির লিখিত মূল্যের উপর পূর্ব নির্ধারিত অনুপাতে বা শতকরা হারে এই পদ্ধতির অবচয় গণনা করা হয়। বছরের পর বছর অবচয়ের পরিমাণ কমে।

উদাহরণস্বরূপ, সম্পত্তির প্রকৃত মূল্য 2,00,000 টাকা এবং ক্রমহ্রাসমান মূল্যের উপর 10% হারে অবচয় ধার্য করা হয়। তখন অবচয়ের পরিমাণ নিম্নলিখিত ভাবে গণনা করা হয় :

$$(i) \text{ 1 ম বছর অবচয়} = 2,00,000 \text{ টাকা} \times \frac{10}{100} = \mathbf{20,000} \text{ টাকা}$$

$$(ii) \text{ 1 ম বছরের শেষে ক্রমহ্রাসমান মূল্য হল} = 2,00,000 \text{ টাকা} - 20,000 = 1,80,000 \text{ টাকা}$$


$$(iii) \text{ 2 য় বছর অবচয়} = 1,80,000 \text{ টাকা} \times \frac{10}{100} = 18,000 \text{ টাকা}$$

$$(iv) \text{ ক্রমহ্রাসমান মূল্য (2 য় বছরের শেষে)} = 1,80,000 \text{ টাকা} - 18,000 \text{ টাকা} = 1,62,000 \text{ টাকা}$$

$$(v) \text{ 3 য় বছর অবচয়} = 1,62,000 \text{ টাকা} \times \frac{10}{100} = \mathbf{16,200} \text{ টাকা}$$

$$(vi) \text{ ক্রমহ্রাসমান মূল্য (3 য় বছরের শেষে)} = 1,62,000 \text{ টাকা} - 16,200 \text{ টাকা} = 1,45,800 \text{ টাকা}$$

উপরের উদাহরণ থেকে এটা প্রতীয়মান, অবচয়ের পরিমাণ বছরের পর বছর হ্রাস পাচ্ছে। এই কারণে এটাকে ক্রমহ্রাসমান কিস্তি বা ক্রমহ্রাসমান জের পদ্ধতি বলা হয়। এই পদ্ধতির ভিত্তি এই অনুমানের উপর নির্ভরশীল যে ব্যবসার সম্পত্তি থেকে প্রাপ্ত সুবিধা ক্রমহ্রাসমান হয় যত সম্পত্তিটি পুরাতন হয়। (চিত্র 7.2 দেখ)। এরূপ হওয়ার কারণ যে একটি পূর্ব নির্ধারিত শতকরা হার ব্যবহার করে প্রতিবছর সম্পত্তির হিসাবের জের ধীরে ধীরে সংকুচিত হয়। তবে শেষদিকের বছরগুলোর তুলনায় প্রথমদিকের বছরগুলোতে অবচয় ধার্যের পরিমাণ বেশি হয়।



চিত্র 7.2 : ক্রমহ্রাসমান মূল্য পদ্ধতিতে অবচয়ের পরিমাণ

এই পদ্ধতিতে অবচয়ের হার নিম্নলিখিত পদ্ধতিতে নির্ণয় করা হয়।

$$R = \left[1 - n \sqrt[n]{\frac{s}{c}} \right] \times 100$$

যেখানে r = অবচয়ের হার (Rate of depreciation)

n = অনুমিত কার্যকরী আয়ুষ্কাল (Expected useful life)

s = ভগ্নাবশেষ মূল্য (Scrap value)

c = একটি সম্পত্তির ব্যয়/ক্রয়মূল্য (Cost of an asset)

উদাহরণস্বরূপ, একটি ট্রাকের প্রকৃত মূল্য 9,00,000 টাকা কার্যকরী আয়ুষ্কাল 16 বছর অতিক্রমের পর তার নিট অবশিষ্টের মূল্য হয় 50,000 টাকা, তখন নিম্নলিখিতভাবে সম্পত্তির অবচয় নির্ণয় করা হবে :

$$R = \left[1 - 16 \sqrt[16]{\frac{50,000}{9,00,000}} \right] \times 100 = (1 - 0.834) \times 100 = 16.6\%$$

যেখানে R = অবচয়ের হার

7.6.2.1 ক্রমহ্রাসমান জের পদ্ধতির সুবিধা সমূহ (Advantages of Written Down Value Method)

ক্রমহ্রাসমান জের পদ্ধতির নিম্নলিখিত সুবিধা বিদ্যমান :

- এই পদ্ধতি বেশি বাস্তব অনুমানভিত্তিক যে সময়াবর্তনের ফলে সম্পত্তি থেকে প্রাপ্ত সুবিধা ক্রমহ্রাসমান। ফলে বলা যায় যে ব্যয়ের সঠিক বণ্টন হয় কারণ প্রথম দিকে সম্পত্তির উপযোগিতা তুলনামূলক বেশি বলে অবচয় বেশি ধার্য করা হয়। কম কার্যকারিতার জন্য শেষ বছরগুলোতে তুলনামূলক কম হয়;
- এর ফলে প্রতিবছর প্রায় সমপরিমাণ অবচয় এবং সারানোর খরচ একসাথে লাভ লোকসান হিসাবে দেখানো হয়;

- করের উদ্দেশ্যে আয়কর আইনে এই পদ্ধতি গ্রহণ করে।
- এই পদ্ধতিতে সম্পত্তির আয়ুষ্কালের প্রথমদিকে বেশি পরিমাণ অবচয় ধার্য করার ফলে সম্পত্তির অপ্রচলনজনিত ঝুঁকির সম্ভাবনা কমে যায়;
- যেসব সম্পত্তি দীর্ঘস্থায়ী এবং যাদের সারানোর এবং রক্ষণাবেক্ষণের ব্যয় সময়াবর্তনে বৃদ্ধি পায় সেসব স্থায়ী সম্পত্তির ক্ষেত্রে এই পদ্ধতি খুবই উপযোগী। যেখানে সম্পত্তির অপ্রচলনের হার খুব বেশি সেখানেও এই পদ্ধতি ব্যবহারযোগ্য।

7.6.2.2 ক্রমহ্রাসমান জের পদ্ধতির সীমাবদ্ধতা/অসুবিধা (Limitations of Written Down Value Method)

যদিও এই পদ্ধতি খুবই বাস্তব অনুমান ভিত্তিক তবুও এর কিছু নিম্নলিখিত সীমাবদ্ধতা/অসুবিধা বিদ্যমান :

- অবচয় গণনা করা হয় শতকরা স্থায়ী লিখিত মূল্যের উপর যা সম্পত্তির অবচয় সংক্রান্ত ব্যয়ের সম্পূর্ণ রূপে বাদ দেওয়া হয় না। সম্পত্তির মূল্য কখনো শূন্য হতে পারে না;
- এর দ্বারা অবচয়ের সঠিক হার নির্ণয় খুব জটিল।

7.7 সরলরৈখিক পদ্ধতি এবং ক্রমহ্রাসমান জের পদ্ধতির একটি তুলনামূলক বিশ্লেষণ (Straight Line Method and Written Down Method: A Comparative Analysis)

বাস্তবে সরলরৈখিক পদ্ধতি ও ক্রমহ্রাসমান জের পদ্ধতি সাধারণত অবচয়ের পরিমাণ নির্ণয়ের জন্য ব্যবহৃত হয়। এই দুটি পদ্ধতির মধ্যে কিছু পার্থক্য নিম্নে আলোচনা করা হল।

7.7.1 অবচয় ধার্যের ভিত্তি (Basis of Charging Depreciation)

সরলরৈখিক পদ্ধতির অবচয় ধার্য করার ভিত্তি হল ক্রয়মূল্য বা ঐতিহাসিক ব্যয়, অন্যদিকে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্যের ভিত্তি হল বছর শুরুর সময় সম্পত্তির নিট লিখিত মূল্য (বিশেষত, ক্রয়মূল্য থেকে ওই দিন পর্যন্ত অবচয় বাদ দিয়ে)

7.7.2 বার্ষিক অবচয় ধার্য (Annual Charge of Depreciation)

সরলরৈখিক পদ্ধতিতে বার্ষিক অবচয় ধার্যের পরিমাণ প্রতিবছর স্থায়ী অথবা একইরকম থাকে। যেখানে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে প্রথম বছরের অবচয়ের পরিমাণ সর্বোচ্চ থাকে এবং ক্রমান্বয়ে পরের বছরগুলোতে কমে। এরকম পার্থক্য হওয়ার কারণ এই দুটি ভিন্ন পদ্ধতিতে অবচয়ের ধার্যের ভিত্তিও ভিন্ন। সরলরৈখিক পদ্ধতিতে অবচয় গণনা করা হয় ক্রয়মূল্যের উপর যেখানে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে হ্রাসকৃত মূল্যের উপর গণনা করা হয়।

7.7.3 লাভ লোকসান হিসাবে অবচয় এবং মেরামতের খরচের মোট ধার্যের পরিমাণ (Total Charge Against Profit and Loss Account on Account of Depreciation and Repair Expenses)

এটা সহজে অনুমেয় যে মেরামত এবং রক্ষণাবেক্ষণের খরচ সম্পত্তির আয়ুষ্কালের শেষদিকে বৃদ্ধি পায়। তবে সরলরৈখিক পদ্ধতি অনুসারে লাভ লোকসান হিসাবে ধার্যকৃত অবচয় এবং মেরামতের খরচ শেষের দিকের বছরগুলোতে বৃদ্ধি

পায়। এরকম ঘটনার কারণ অবচয় ধার্যের পরিমাণ স্থির থাকে যেখানে মেরামত খরচ বৃদ্ধি পায়। অপরদিকে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে শেষের বছরগুলোতে অবচয় ধার্যের পরিমাণ কমতে থাকে। তার ফলে মোট অবচয় এবং মেরামতের খরচ বছরের পর বছর একই রকম বা সমানভাবে ধার্য হয়।

7.7.4 আয়কর আইনে স্বীকৃত (Recognition by Income Tax Law)

আয়কর আইনে সরলরৈখিক পদ্ধতি স্বীকৃত নয় তবে ক্রমহ্রাসমান জের পদ্ধতি আয়কর আইনে স্বীকৃত।

7.7.5 পছন্দ / উপযুক্ততা (Suitability)

যেসব সম্পত্তির সারানোর খরচ কম, অপ্রচলনের সম্ভাবনা কম এবং ভগ্নাবশেষ মূল্য নির্ভর করে ব্যবহারের সময়ের উপর সেসব সম্পত্তির ক্ষেত্রে সরলরৈখিক পদ্ধতিটি পছন্দসই। যেমন— জামিন মুক্ত জমি এবং দালান (Freehold land & buildings), পেটেন্টস্ (patents), ট্রেড মার্কস (trade marks) ইত্যাদি। ক্রমহ্রাসমান জের পদ্ধতি পছন্দসই সেইসব সম্পত্তির ক্ষেত্রে যেগুলোর কারিগরি বিদ্যার পরিবর্তনে প্রভাবিত হয় এবং সময় অতিবাহিত হলে যাদের মেরামতির খরচ বেশি হয় যেমন— কলকজা, যন্ত্রপাতি এবং গাড়ি ইত্যাদি।

পার্থক্যের ভিত্তি (Basis of Difference)	সরলরৈখিক পদ্ধতি (Straight Line Method)	ক্রমহ্রাসমান জের পদ্ধতি (Written Down Value Method)
1. অবচয় ধার্যের ভিত্তি	আসল ব্যয় (ক্রয়মূল্য)	লখিত মূল্য (যা হল আসল ব্যয় থেকে ধার্যকৃত দিন পর্যন্ত অবচয় বাদ দিতে হয়)
2. বার্ষিক অবচয় ধার্য	প্রতিবছর স্থির / অপরিবর্তিত	বছর বছর কমতে থাকে
3. অবচয় এবং মেরামতের খরচ বাবদ লাভ-ক্ষতির হিসাবে মোট ধার্যকৃত পরিমাণ	বছরের পর বছর অসম। শেষদিকের বছরগুলোতে বৃদ্ধি পায়।	প্রতিবছর প্রায় সমানই থাকে।
4. আয়কর আইন দ্বারা স্বীকৃত	স্বীকৃত নয়।	স্বীকৃত
5. পছন্দসই / উপযুক্ত	এটা পদ্ধতি সেইসব সম্পত্তির ক্ষেত্রে পছন্দসই যেগুলোর মেরামতের খরচ কম, ভগ্নাবশেষ মূল্য নির্ভর করে সম্পত্তিটির অতিক্রান্ত সময়ের উপর।	এটা সেইসব সম্পত্তির ক্ষেত্রে পছন্দসই যেগুলোর কারিগরি পরিবর্তন দ্বারা প্রভাবিত এবং সময়ের পরিবর্তনের ফলে মেরামতের খরচ বেশি।

চিত্র 7.3 : সরলরৈখিক পদ্ধতি ও ক্রমহ্রাসমান জের পদ্ধতির তুলনা

তোমার বোধগম্যতার পরীক্ষা - III (Test Your Understanding - III)

তোমার এলাকার দুইজন দাতের ডাক্তার আছেন ডা. আগরওয়াল এবং ডা. মেহেতা যারা নিজেরা প্রতিযোগী। রোগীদের চিকিৎসার জন্য তারা দুইজনেই ঠিক একই সময়ে চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতি ক্রয় করেন। ডা. আগরওয়াল সিদ্ধান্ত নিয়েছেন প্রতিবছর সমান পরিমাণ অবচয় বাদ দেওয়া, সেখানে ডা. মেহেতা প্রথম দিকের বছরগুলোতে বেশি পরিমাণে বাদ দেন। তারা অবচয়ের পদ্ধতি সম্পর্কে কিছুই জানেন না। তোমার সিদ্ধান্ত অনুযায়ী কে জ্ঞানী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

7.8 অবচয় লিপিবদ্ধকরণের পদ্ধতি সমূহ (Methods of Recording Depreciation)

হিসাব বইতে স্থায়ী সম্পত্তির উপর অবচয় লিপিবদ্ধ করার দুই ধরনের পদ্ধতি আছে।

- সম্পত্তির হিসাবে অবচয় ধার্যকরণ এবং
- অবচয়ের ভবিষ্যৎ ব্যবস্থা সৃষ্টি করে / সন্মিলিত অবচয় হিসাব দ্বারা।

7.8.1 সম্পত্তির হিসাবে অবচয় ধার্যকরণ (Charging Depreciation to Asset account)

এই পদ্ধতিতে অবচয়ের ব্যয় বাদ দেওয়ার পর সম্পত্তির উপর অবচয় নির্ণয় করা হয় (সম্পত্তির হিসাবে ক্রেডিট করা হয়) এবং লাভ-ক্ষতির (profit and loss) হিসাবে (ডেবিট করা হয়) ধার্য করা হয়। এর জাবেদার দাখিলা নিম্নরূপে লিপিবদ্ধ করা হয় :

1. সম্পত্তি ক্রয়ের লিপিবদ্ধকরণ (একমাত্র ক্রয় করার বছরে)

Asset A/c	Dr.	(প্রতিস্থাপন, ভাড়া ইত্যাদি সহ সম্পত্তির ব্যয়)
To Bank/Vendor A/c		
2. প্রতি বছরের শেষে নিম্নলিখিত দুটি দাখিলা দেওয়া হয়।
 (a) সম্পত্তির ক্রয়মূল্য থেকে অবচয়ের পরিমাণ বাদ হয়।

Depreciation A/c	Dr.	(অবচয়ের পরিমাণ)
To Asset A/c		

 (b) লাভ-ক্ষতির হিসাবে অবচয়ের ধার্যকরণ

Profit & Loss A/c	Dr.	(অবচয়ের পরিমাণ)
To Depreciation A/c		
3. উদ্বর্তপত্রের প্রক্রিয়া
 যখন এই পদ্ধতি ব্যবহার করা হয়, তখন স্থায়ী সম্পত্তির নিট লিখিত মূল্য (যা ক্রয়মূল্য এ পর্যন্ত ধার্যকৃত অবচয়) উদ্বর্তপত্রে সম্পত্তির দিকে দেখানো হয় এবং এটা প্রকৃত মূল্যেও দেখানো হয় না (এটাকে ঐতিহাসিক ব্যয়ও বলা হয়)

7.8.2 অবচয় হিসাবের ভবিষ্যৎ ব্যবস্থা সৃষ্টি করে / পুঞ্জীভূত অবচয় হিসাব খোলে (Creating Provision for Depreciation Account/Accumulated Depreciation Account)

এই পদ্ধতিতে সম্পত্তির পুঞ্জীভূত অবচয় একটি আলাদা হিসাব যা সাধারণত অবচয়ের ভবিষ্যৎ ব্যবস্থা বা পুঞ্জীভূত অবচয় হিসাব নামে তৈরি করা হয়। সম্পত্তির এই পুঞ্জীভূত অবচয় কোনোভাবেই বণ্টনের প্রয়োজন নেই, এটি সম্পত্তির কার্যকরী আয়ুষ্কাল পর্যন্ত আসল ব্যয় (ক্রয়মূল্যের) এর উপর দেখানো হয়। এই পদ্ধতির কিছু চারিত্রিক বৈশিষ্ট্য লক্ষ করা যায় সম্পত্তির অবচয় লিপিবদ্ধকরণে এগুলো নিম্নরূপ :

- সম্পত্তিটির হিসাব বছরের পর বছর সম্পূর্ণ আয়ুষ্কালে এর আসল ব্যয়/ক্রয়মূল্য দেখানো হয়;
- পুঞ্জীভূত অবচয় আলাদা একটি হিসাবে, সম্পত্তি হিসাবে যুক্ত না করে প্রতিটি হিসাবকালের শেষে দেখানো হয়।

এই পদ্ধতিতে নিম্নলিখিত জাবেদা দাখিলা লিপিবদ্ধ করা হয় :

1.	সম্পত্তি ক্রয়ের লিপিবদ্ধকরণ		(একমাত্র ক্রয় করার বছরে)
	Asset A/c	Dr.	(প্রতিস্থাপন, অন্যান্য খরচসহ সম্পত্তির ক্রয়মূল্য)
	To Bank/Vendor A/c		(নগদ / বাকি ক্রয়)

2. প্রতি বছরের শেষে নিম্নলিখিত দুটি জাবেদা দাখিলা লিপিবদ্ধ করা হয় :

(a)	অবচয়ের ভবিষ্যৎ ব্যবস্থা হিসাবে অবচয়ের পরিমাণ ক্রেডিট করে দেখানো হয়।		
	Depreciation A/c	Dr.	(অবচয়ের পরিমাণ)
	To Provision for depreciation A/c		
(b)	লাভ-ক্ষতির হিসাবে ধার্যকরণ		
	Profit & Loss A/c	Dr.	(অবচয়ের পরিমাণ)
	To Depreciation A/c		

3. উদ্বর্তপত্রে লিপিবদ্ধকরণ

উদ্বর্তপত্রে সম্পত্তির দিকে স্থায়ী সম্পত্তির পরিমাণ ক্রয়মূল্যেই থাকবে। উদ্বর্তপত্রে দায়ের দিকে সেইদিন পর্যন্ত অবচয় ধার্য করা হবে যে দিন অবচয়ে ভবিষ্যৎ ব্যবস্থা দেখানো হবে অথবা সম্পত্তির ক্রয়মূল্য থেকে বাদ দিয়ে সম্পত্তির দিকে দেখানো হয়।

Illustration 1

M/s Singhanian and Bros. purchased a plant for Rs. 5,00,000 on April 01, 2017, and spent Rs. 50,000 for its installation. The salvage value of the plant after its useful life of 10 years is estimated to be Rs. 10,000. Record journal entries for the year 2016-17 and draw up Plant Account and Depreciation Account for first three years given that the depreciation is charged using straight line method if :

- The books of account close on March 31 every year; and
- The firm charges depreciation to the asset account.

Solution

Books of Singhania and Bros.

Journal

Date	Particulars	L.F.	Debit Amount Rs.	Credit Amount Rs.
2016 Apr. 01	Plant A/c Dr. To Bank A/c (Purchased plant for Rs. 5,00,000)		5,00,000	5,00,000
Apr. 01	Plant A/c Dr. To Bank A/c (Expenses incurred on installation)		50,000	50,000
2017 Mar. 31	Depreciation A/c Dr. To Plant A/c (Depreciation charged on asset)		54,000	54,000
Mar. 31	Profit and Loss A/c Dr. To Depreciation A/c (Depreciation debited to profit and loss account)		54,000	54,000

Plant Account

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
2016 Apr. 01	Bank		5,00,000	2017 Mar. 31	Depreciation		54,000
	Bank (Installation expenses)		50,000		Balance c/d		4,96,000
			5,50,000				5,50,000
2017 Apr. 01	Balance b/d		4,96,000	2018 Mar. 31	Depreciation		54,000
			4,96,000		Balance c/d		4,42,000
2018 Apr. 01	Balance b/d		4,42,000	2019 Mar. 31	Depreciation		54,000
			4,42,000		Balance c/d		3,88,000
2019 Apr. 01	Balance b/d		3,88,000				4,42,000

Depreciation Account

Dr.

Cr.

Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amounts Rs.
2017 Mar. 31	Plant		54,000	2017 Mar. 31	Profit and Loss		54,000
2018 Mar. 31	Plant		54,000	2018 Mar. 31	Profit and Loss		54,000
2019 Mar. 31	Plant		54,000	2019 Mar. 31	Profit & Loss		54,000

Workings Notes

(1) Calculation of original cost

	(Rs.)
Purchase cost	5,00,000
Add: Installation cost	50,000
Original cost	5,50,000
Salvage value	10,000
Useful life	10 years

(2) Depreciation amount = $\frac{\text{Rs. 5,50,000} - \text{Rs. 10,000}}{10} = \text{Rs. 54,000 p.a.}$

Illustration 2

M/s Mehra and Sons acquired a machine for Rs. 1,80,000 on October 01, 2016, and spent Rs 20,000 for its installation. The firm writes-off depreciation at the rate of 10% on original cost every year. Record necessary journal entries for the year 2017 and draw up Machine Account and Depreciation Account for first three years given that:

- (i) The book of accounts closes on March 31 every year; and
- (ii) The firm charges depreciation to asset account.

Solution

**Books of Mehra and Sons
Journal**

Date	Particulars	L.F.	Debit Amount Rs.	Credit Amount Rs.
2016 Oct. 01	Machine A/c To Bank A/c (Purchased machine for Rs. 1,80,000)	Dr.	1,80,000	1,80,000
Oct. 01	Machine A/c To Bank A/c (Expenses incurred on installation)	Dr.	20,000	20,000

2017 Mar. 31	Depreciation A/c To Machine A/c (Depreciation charged on machine)	Dr.		10,000	10,000
Mar. 31	Profit and Loss A/c To Depreciation A/c (Depreciation debited to profit and loss account)	Dr.		10,000	10,000
2018 Mar. 31	Depreciation A/c To Machine A/c (Depreciation charged on machine)	Dr.		20,000	20,000
Mar. 31	Profit and Loss A/c To Depreciation A/c (Depreciation debited to profit and loss account)	Dr.		20,000	20,000
2019 Mar. 31	Depreciation A/c To Machine A/c (Depreciation charged on machine)	Dr.		20,000	20,000
Mar. 31	Profit and Loss A/c To Depreciation A/c (Depreciation debited to profit and loss account)	Dr.		20,000	20,000

**Books of M/s Mehra and Sons
Machine Account**

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
2016 Oct. 01	Bank		1,80,000	2017 Mar. 31	Depreciation (for 6 months)		10,000
Oct. 01	Bank (Installation expenses)		20,000	Mar. 31	Balance c/d		1,90,000
			2,00,000				2,00,000
2017 Apr. 01	Balance b/d		1,90,000	2018 Mar. 31	Depreciation		20,000
					Balance c/d		1,70,000
			1,90,000				1,90,000
2018 Apr. 01	Balance b/d		1,70,000	2019 Mar. 31	Depreciation		20,000
					Balance c/d		1,50,000
			1,70,000				1,70,000

Depreciation Account

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
2017 Mar. 31	Machine		10,000	2017 Mar. 31	Profit & Loss		10,000
			10,000				10,000
2018 Mar. 31	Machine		20,000	2018 Mar. 31	Profit & Loss		20,000
			20,000				20,000
2019 Dec. 31	Machine		20,000	2019 Dec. 31	Profit & Loss		20,000
			20,000				20,000

Working Notes

- (1) Calculation of original cost of the machine

	Rs.
Purchase cost	1,80,000
Add Installation cost	20,000
Original cost	2,00,000
- (2) Depreciation expense = 10% of Rs. 2,00,000 every year
= Rs. 20,000 p.a.
- (3) During the year 2016, depreciation shall be charged only for 6 months, as acquisition date is October 01, 2016, i.e., the asset is used only for 6 months during the year 2016-17.
- (4) $Depreciation (2016-17) = Rs.20,000 \times \frac{6}{12} = Rs.10,000$

Illustration 3

Based on data given in question number 2 record journal entries and prepare Machine account, Depreciation account and Provision for Depreciation account for the first 3 years if provision for depreciation account is maintained by the firm.

Solution

**Books of Mehra and Sons
Machine Account**

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amounts Rs.
2016 Oct. 1 Oct. 1	Bank Bank (Installation expenses)		1,80,000	2017 Mar. 31	Balance c/d		2,00,000
			20,000				2,00,000
			2,00,000				2,00,000

2017 Apr. 01	Balance b/d		2,00,000	2018 Mar. 31	Balance c/d		2,00,000
			2,00,000				2,00,000

Provision for Depreciation Account

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amounts Rs.
2016 Mar. 31	Balance c/d		10,000	2016 Mar. 31	Depreciation		10,000
			10,000				10,000
2017 Mar. 31	Balance c/d		30,000	2017 Apr. 01	Balance b/d		10,000
			30,000	2017 Mar. 31	Depreciation		20,000
							30,000
2018 Mar. 31	Balance c/d		50,000	2018 Apr. 1	Balance b/d		30,000
			50,000	2017 Mar. 31	Depreciation		20,000
							50,000

Depreciation Account

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
2017 Mar. 31	Provision for Depreciation		10,000	2017 Mar.31	Profit & Loss		10,000
			10,000				10,000
2018 Mar. 31	Provision for Depreciation		20,000	2018 Mar.31	Profit & Loss		20,000
			20,000				20,000
2019 Mar. 31	Provision for Depreciation		20,000	2019 Mar.31	Profit & Loss		20,000
			20,000				20,000

Illustration 4

M/s. Dalmia Textile Mills purchased machinery on April 01, 2016 for Rs. 2,00,000 on credit from M/s Ahuja and sons and spent Rs. 10,000 for its installation. Depreciation is provided @10% p.a. on

written down value basis. Prepare Machinery Account for the first three years. Books are closed on March 31, every year.

Solution

**Books of Dalmia Textiles mills
Machinery Account**

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
2016 Apr. 01	Bank		2,00,000	2017 Mar. 31	Depreciation		21,000 ¹
	Bank		10,000		Balance c/d		1,89,000
			2,10,000				2,10,000
2017 Apr. 01	Balance b/d		1,89,000	2018 Mar. 31	Depreciation		18,900 ²
			1,89,000		Balance c/d		1,70,100
			1,70,100				1,89,000
2018 Apr. 01	Balance b/d		1,70,100	2019 Mar. 31	Depreciation		17,010 ³
			1,70,100		Balance c/d		1,53,090
			1,53,090				1,70,100
2020	Balance b/d		1,53,090				

Working Notes

1. Calculation of the amount of depreciation	(Rs.)
Original cost on 01.04.2016	2,10,000 (i.e. 2,00,000 + 10,000)
Less: Depreciation for 2016-17	(21,000)
WDV on 01.04.2017	1,89,000
Less: Depreciation for 2017-18	(18,900)
WDV on 01.04.2018	1,70,100
Less: Depreciation for 2018-19	(17,010)
WDV on 01.04.2019	1,53,090

Illustration 5

M/s Sahani Enterprises acquired a printing machine for Rs. 40,000 on July 01, 2014 and spent Rs. 5,000 on its transport and installation. Another machine for Rs. 35,000 was purchased on January 01, 2016. Depreciation is charged at the rate of 20% on written down value. Prepare Printing Machine account.

Solution

**Books of Sahani Enterprises
Printing Machine Account**

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
2014				2015			
Jul. 01	Bank		40,000	Mar. 31	Depreciation		6,750 ¹
